শ্রীশ্রীজগদীশো

জয়তি।

বোধমুক্তাবলি

অর্থাৎ

অঙ্কবিদ্যার সঙ্কেতসমূহ ও শিক্ষোপদেশাদি

প্রকাশক গ্রন্থ।

দ্বিতীয় খণ্ড।

চট্টগ্রাম নিবাসিন শ্রীযুত রামহরি বিদ্যাবাগীশ

তথা

ঢাকা জেলার অন্তর্গত বিক্রমপুর নিবাসিন শ্রীযুত রাধানাথ বিদ্যা-বাগীশ ও শ্রীযুত রামতনু বিদ্যাবাচস্পতি তথা শ্রীযুত রাজকিশোর গুপ্ত কবিরত্ন ও শ্রীযুত ভবানীশঙ্কর সেন কবিরত্ন এবং চট্টগ্রাম নিবা-সিন শ্রীযুত রত্নমণি সেন মহাশয়গণের সাহায্যে চট্টগ্রাম নিবাসিন

শ্রীযুত উমাচরণ রায় কর্ত্তৃক শঙ্কলিত হইয়া

চুচুঁড়া নিবাসিন শ্রীযুত বাবু তিনকোড়ি মুখোপাধ্যায়

মহাশয়ের অনমত্যানুসারে

কলিকাতা।

শাঁখারিটোলা নং ১৯ ভবনে, নিউ বেঙ্গাল যন্ত্রে মুদ্রিত হইল

শকাব্দাঃ ১৭৮৫ সন ১২৭০।

☞ এই গ্রন্থ যাঁহার প্রয়োজন হইবেক তিনি কলিকাতা নিউ বেঙ্গাল যন্ত্রে অথবা জেলা সুধারাম শ্রীযুত উমাচরণ রায়ের ভবনে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

ভূমিকা ।

আয় ব্যয় স্থিতি নিরূপণ ও চতুরস্র ত্রিকোণাদি ভূমি নিরাকারণ এবং নানা প্রকার গণনার পক্ষে অঙ্ক বিদ্যাই মূলাধার, একারণ বৈষয়িক জনগণরে এতদ্বিদ্যা শিক্ষা করা নিতান্ত প্রয়োজন, যদিচ পুরাকালাবধি এ পর্য্যন্ত শত শত প্রকারের অঙ্ক সঙ্কেত সংগ্রহে ভূরি ভূরি পুস্তকাদি প্রচার হইয়া মহদায়াস সাধ্য গণনা ও সহজে নিরাকৃত হইতেছে তথাচ অস্মদ সংকল্পানুসারে শিক্ষোপযোগী সমস্ত বিষয় গ্রন্থৈক গর্ব্ভে পৃথক ২ ভাগে বিভাষিত করা বিধেয় হইয়াছে বিধায় এতদ্ভাগে শুভঙ্করকৃত ও ইংরাজি মত সম্মত অঙ্ক পুস্তকের এবং অস্মদ খুল্লতাত শ্রীযুত গোলোক চন্দ্র রায় কৃত অঙ্ক সঙ্কেতের অনেক অংশ বর্জ্জন পুরঃসর (যাহা শিক্ষা করিলে প্রায় প্রয়োজন সাধ্য কার্য্য সাধন হইতে পারিবে) তাহা প্রকটিত হইতেছে শিক্ষার্থীগণ মনোনিবেশ পূর্ব্বক শিক্ষা করিলেই তাঁহারদিগের ও অস্মদের কল্পসিদ্ধ হইবেক ইতি ।

অঙ্কমান।

কাহন, পণ, গণ্ডা, কড়া, কণ্ঠ, দন্ত, ধূলি, রেণু, যব, তিল, রেব, দেনু, অণু, ভানু, মহাভানু, পরমানু, বালি, মহাবালি, রেতি, মহারেতি, ঘুণ, বিন্দু, ব্রহ্ম বিন্দু, স্ফুটিকা, তোটিকা, স্ফুলিঙ্গ, কর্ণিকা, ক্ষুদ্রকণা, ভস্ম, সানু, লিক্ষা, জাল, রজ ইতি শুভঙ্কর উক্তি। অপিচ

লক্ষ রজে জাল, সহস্র জালে লিক্ষা, শত লিক্ষায় সানু, অশীতি সানুতে ভস্ম, ১৫০ ভস্মে ক্ষুদ্র কর্ণিকা, নবতী ক্ষুদ্র কর্ণিকায় কণা, পঞ্চাশ কণায় স্ফুলিঙ্গ, চৌরাশি স্ফুলিঙ্গে ভৌটিকা, সতর ভোটিকায় স্ফোটিকা, সাইট স্ফোটিকায় ব্রহ্ম বিন্দু, একাধিক দ্বিশত ব্রহ্ম বিন্দুতে বিন্দু, নিরানব্বে বিন্দুতে ঘুণ, বিংশতি ঘুণে মহারেতি, সাইত্রিশ মহারেতিতে এক রেতি, পঞ্চান্ন রেতিতে মহাবালি, ষাইট মহাবালিতে বালি, আটাইশ বালিতে পরমাণু, আঠার পরমাণুতে মহাভানু, পোনর মহাভানুতে ভানু। পঁচিশ ভানুতে অণু, উনিশ অণুতে দেনু, সতর দেনুতে বের, তের বেরে অন্ত, একাদশ অন্তে তিল, তিন তিলে শস্য, ছয় শস্যে যব, ষষ্টি যবে রেণু, ত্রিশ যবেতে ধূলি, সপ্ত ধূলিতে দন্ত, ছয় দন্তে কণ্ঠ, তিন কণ্ঠে কড়া, চারি কড়ায় গণ্ডা, কুড়ি গণ্ডায় পণ, ষোল পণে কাহন। একের দ্বিগুণ দুই, একের ত্রিগুণ তিন, একের চারি গুণ চারি, একের পঞ্চ গুণ পাঁচ, একের ছয় গুণ ছয়, একের সপ্ত গুণ সাত, একের অষ্ট গুণ আট, একের নয় গুণ নয়, একে শূন্য দশ, দশে শূন্য শত, শতেশূন্য সহস্র, সহস্রে শূন্য অযুৎ, অযুতে শূন্য লক্ষ, লক্ষে শূন্য নিযুত, নিযুতে শূন্য কোটি, কোটিতে শূন্য অর্ব্বুদ, অর্ব্বুদে শূন্য নির্ব্বুদ, নির্ব্বুধে শূন্য বৃন্দ্য, বৃন্দ্যে শূন্য খর্ব্ব, খর্ব্বে শূন্য নিখর্ব্ব, নিখর্ব্বে শূন্য শংখ, শংখে শূন্য পদ্ম, পদ্মে শূন্য সাগর, সাগরে শূন্য অন্ত, অন্তে শূন্য মধ্য, মধ্যে শূন্য পরার্দ্ধ, পরার্দ্ধে শূন্য ধূলি, ধূলিতে শূন্য রেব, রেবে শূন্য মহাধূলি।

১০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০ এক মহাধূলি।

অথ নির্ঘণ্ট পত্র।

নানা বিষয়ক।

জয়তি।

বোধমুক্তাবলি

অর্থাৎ

কলাপব্যাকরণের সূত্র ও বঙ্গভাষায় তদর্থ এবং গদ্য পদ্য রচনার পদ্ধতি
ও অঙ্কবিদ্যার সঙ্কেতসমূহ ও শিক্ষোপদেশাদি
প্রকাশক গ্রন্থ।

চট্টগ্রাম নিবাসিন শ্রীযুত রামহরি বিদ্যাবাগীশ
তথা
ঢাকা জেলার অন্তর্গত বিক্রমপুর নিবাসিন শ্রীযুত রাধানাথ বিদ্যা-বাগীশ ও শ্রীযুত রামতনু বিদ্যাবাচস্পতি তথা শ্রীযুত রাজকিশোর গুপ্ত কবিরত্ন ও শ্রীযুত ভবানীশঙ্কর সেন কবিরত্ন এবং চট্টগ্রাম নিবাসিন শ্রীযুত রত্নমণি সেন মহাশয়গণের সাহায্যে চট্টগ্রাম নিবাসিন

শ্রীযুত উমাচরণ রায় কর্ত্তৃক শঙ্কলিত হইয়া

চুচুঁড়া নিবাসিন শ্রীযুত বাবু তিনকোড়ি মুখোপাধ্যায়
মহাশয়ের অনুমত্যানুসারে

কলিকাতা।

শাঁখারিটোলা নং ১৯ ভবনে, নিউ বেঙ্গাল যন্ত্রে মুদ্রিত হইল।

শকাব্দাঃ ১৭৮৫ সন ১২৭০।

এই গ্রন্থ যাঁহার প্রয়োজন হইবেক তিনি কলিকাতা নিউ বেঙ্গাল যন্ত্রে অথবা জেলা. সুধারাম শ্রীযুত উমাচরণ রায়ের ভবনে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

মূল ভূমিকা।

ইহা কে না স্বীকার করিবেন যে।

করচরণাদি অবয়ব বিশিষ্ট কলেবর ধারি মনুষ্যজাতি অপরাপর যাবতীয় প্রাণিবর্গ অপেক্ষাকৃত শ্রেষ্ঠত্ব প্রাপ্তির প্রধান কারণ এই যে শুদ্ধ মানবগণ বিদ্যাভূষণে ভূষিত, তদিতরগণ তদ্বর্জ্জিত, অতএব মানব হইয়া যিনি বিদ্যা বিহীন, তিনি সর্ব্বস্ব হীন, দীন হইতেও দীন, ক্ষীণ হইতেও ক্ষীণ, (তৎপক্ষে নীতিশাস্ত্রাদিতে যাহা যাহা কথিত আছে অত্র পুনস্তদুল্লেখ প্রস্তাব বাহুল্য মাত্র,) এতাবতা সর্ব্বতোভাবে বিদ্যারত্ন লাভের যত্ন করাই মানবকুলের পক্ষে বিধেয়।

অন্যূন নবতিবর্ষের পূর্ব্বে পূর্ব্বাধিকারিদিগের অধিকার কালাবধি নানাকারণে আমাদিগের আবহমানকালীয় জ্ঞানদাত্রী মাত্রী বঙ্গবিদ্যাদেবী এতদ্বঙ্গভূমি হইতে অবমানিনী হওত দিগন্তর গামিনী হইতে ছিলেন, ভাগ্যেং এতদ্রাজ্য ইংরাজরাজকুলের অধিকার হইল, তাহাতেই তাঁহাদিগের অনুকূলতায় সর্ব্বোত্তমা পূজ্যতমা বঙ্গবিদ্যাদেবী পুনরাবাহিতা হইবায় ইদানীং এতাদৃক্ সুলক্ষণ সমীক্ষণ হইতেছে যে ভরসা করি অত্যল্পকাল মধ্যেই এতদ্রাঢ, গৌড়, বঙ্গভূমিতে বঙ্গবিদ্যা সম্যগুন্নতি ও প্রজ্যোতি পাইয়া অচিরে অস্মদ্দেশীয় মানবদিগের অজ্ঞান ধ্বান্তধারা ধ্বংসপূর্ব্বক অবশ্যই বিদ্যোৎসাহি গুণগ্রাহি জনগণের চিত্ত সরোজিনী বিনোদিনী হইবেন, এবং তৎপ্রসাদাৎ আমরা যে ঐহিক পারমার্থিকের অসংখ্য সুখ সম্পত্তি সঞ্চয় ও সম্ভোগ করিব তত্র সন্দেহ বিরহ, এতাবতা এই সুযোগ সময়ে যথাসাধ্যক্রমে সেই বিদ্যাদেবীর ঋদ্ধি বৃদ্ধিকরণ কারণ সর্ব্বসাধারণ জনগণের হৃৎক্ষেত্রে উৎসাহসলিল সিঞ্চন্ করা নিতান্ত প্রয়োজন জানিয়া কিয়ৎকালাবধি নিরবধি মদীয় অন্তঃকরণে সাধারণ বিদ্যার্থির উপকার সাধনোপযোগী এক খানি গ্রন্থ সঙ্কলন করণ কল্পনা জাগরুক্ থাকিলা বিদ্যাসাধ্যব্যতীত সেই সাধ্যাতীত সঙ্কল্প সম্পন্ন করা দুঃসাধ্য বিবেচনায় মনোভিলাষ অবিকাশভাবে মনেই রক্ষিত ছিল. ইদানীং কতিপয়াত্ম্য পণ্ডিতগণের সাহায্যে আমার দীর্ঘকাল কল্পিত কার্য্যের যথাকথঞ্চিৎ প্রতুল হওয়াতে প্রথমত প্রকৃতিপ্রত্যয়শব্দ সাধনানুকূলক কলাপব্যাকরণীয় দুর্গ সিংহোক্ত পদ-পদার্থাদির নিতান্ত প্রয়োজনীয়াংশ অনুবাদ ও উদাহরণাদি যতদূর পর্য্যন্ত সাধ্যায়ত হইতে পারিয়াছে তৎ সমুদায়, দ্বিতীয়ত উদাহরণ প্রভেদক গদ্য পদ্য রচনাশক্তিদায়ক ছন্দবন্ধাদি এবং গদ্য পদ্য রচনা যে যে দোষে দূষিত ও যে যে গুণে ভূষিত হয় তজ্জ-

জ্ঞাপক প্রয়োজনীয়াঙ্গ কতিপয়, তৃতীয়ত শুভঙ্করকৃত এবং ইংরাজি মত সম্মত অঙ্কবিদ্যার সংক্ষেত সংগ্রহ যাহা গোলকচন্দ্র রায় কর্ত্তৃক হইয়াছিল, তাহা বিচারিত বিশেষ প্রয়োজনীয়াংশ নিচয়, তুরিয়ে অস্মদ্ বিরচিত শিক্ষোপদেশাদি ঘটিত প্রস্তাব সংগৃহীত হইয়া (বোধসন্ধ্যাবলী) নামকরণে একখানি অভিনব গ্রন্থ প্রকটন করিতেছি।

অত্র বিদ্যোৎসাহী ধীরগণ নিকটে করপুটে নিবেদন এই যে সুগন্ধ দুর্গন্ধবিশিষ্ট যাবতীয় তরু গুল্ম এবং কুসুমাদির গন্ধ যেরূপ গন্ধবহ সহ গন্ধবহা গ্রহণ করেই করে, এবং সুশ্রাব্য অসুশ্রাব্য বাক্যমাত্রেই যে রূপ অবকাশ ভাগসহ শ্রুতিকুহরে প্রবেশমাত্র সর্ব্বত্রের শ্রুতি হয়ই হয়, সামান্যত কেহই তাহাকে দূষণভূষণে ভূষিত করেন না, কিম্বা বিরক্ত হইয়াও কর্ণকুহরে স্থানদানে বিরত হন না, তেমত এই সেযদ গুণদোষ গ্রন্থখানিও দয়ার্দ্র নয়নে আদ্যোপান্ত বিলোকনে অভাজনের অভীষ্ট সিদ্ধি করিবেন।

যদিচ বালক বৃন্দের পাঠোপযোগী ভূরি ২ গ্রন্থ বিদ্বত্তম মহাত্মাগণ কর্ত্তৃক বিরচিত ও বিতাড়িত হইয়াছে ও হইতেছে কিন্তু তাহা পৃথকাকারে সঙ্কলিত ও মুদ্রিত হওয়াতে বিদ্যার্থীদিগের পক্ষে তল্লব্ধ আয়াসসাধ্য হইয়া পড়ে অতএব পূর্ব্বোক্ত ভাগচতুষ্টয়াত্মক গ্রন্থখানি একত্রে প্রকটিত হইল।

এতদগ্রন্থ সঙ্কলনকরণপক্ষীয় সাহায্যকারি মহাত্মাগণের পরিতোষজনক কিন্নধিক পারিতোষিক প্রদান করিব কেবল তাঁহারদিগের নাম ধাম অবতংশরূপে এতদগ্রন্থের প্রথম পৃষ্ঠায় অঙ্কিত করিয়া কৃতজ্ঞতাসহ শতসহস্র নমস্কার দিয়াই ক্ষান্ত থাকিতে হইল।

শ্রীউমাচরণ রায়।

ভূমিকা।

বিদ্যার্থিদিগের প্রাথমিক শিক্ষা এবং ঝটিতি বর্ণ পরিগ্রহার্থ স্বর, ব্যঞ্জন, বিকৃতিস্বর, বিকৃতিব্যঞ্জন, ফলা, সংযোগ বর্ণসঙ্কেত, প্রথমতঃ লিপি পূর্ব্বক (প্রকৃতি প্রত্যয়শব্দ সাধন জ্ঞানানুকূলক ব্যাকরণ শাস্ত্র) যাহাশব্দ সন্ধি ও তৎসাধন, কর্ম্ম, কর্ত্তা, বিশেষ্য, বিশেষণ, কারকাদ্যর্থ, সমাস, তদ্ধিত প্রত্যয়ান্ত, তদীয় বিভেদাদি জ্ঞাপক, ও সংস্কৃত কি গ্রাম্য ভাষাতে সর্ব্বদাই ব্যবহৃতব্য, আর যাহার অনধ্যয়নে কথিতশব্দ সন্ধ্যাদি কিছুই বোধ গম্য হইতে পারে না সেই শাস্ত্র অধ্যয়নে যে অস্মদাদির পক্ষে অনির্ব্বচনীয় প্রয়োজন সাধন হইবে অত্র সন্দেহাভাব কিন্তু সংস্কৃত ব্যাকরণ শিক্ষাকরান দৈর্ঘ্যকালিক আয়াস অপেক্ষা করে অতএব ইদানীং প্রায় রাঢ়, গৌড়, বঙ্গ, দেশীয় বৈষয়িক জনগণের তৎসম্যক শিক্ষায় তাদৃক্ শ্রদ্ধা দেখা যাইতেছে না, এতাবতা কলাপ ব্যাকরণীয় দুর্গসিংহোক্ত পদ পদার্থাদির বিশেষ অনাবশ্যকীয় কতিপয়াংশ বর্জ্জন পুরঃসর নিতান্ত প্রয়োজনীয় পদপদার্থাদি স্বার্থ প্রকটন করা যাইতেছে। বোধ হয় এই ব্যাকরণ গ্রাম্যভাষা শিক্ষার্থি কিমর্থ সংস্কৃত শিক্ষাভি লাষিদিগেরো উপকারী হইবেক, যে হেতুক এই ব্যাকরণে আদৌ সংস্কৃত পদাদি বিন্যাস হইয়া পরে তদর্থ অভিহিত হইয়াছে।

এতৎ গ্রন্থে যে কতিপয় শব্দের বিভক্তি নিমত্তক পৃথক২ কার্য্য এবং বিভক্তি লোপ আদি লিপি হইল সেই২ লোপ্য বিভক্তির উপর একং বিন্দু চিহ্ন আর যে যে বিভক্তি নিমিত্তক ঐ কার্য্য হয় তাহার প্রয়োগে কার্য্যের নিদর্শন ও তাহার বোধার্থ তিনটী বিন্দু দিয়া পরপর প্রয়োগে এরূপ তিন২ বিন্দু চিহ্ন একার্থ পরিচয়ার্থ দেওয়া হইল।

অথ নিঘণ্ট পত্র।

স্বরবর্ণ, অথবা অচ্।

অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ ৡ এ ঐ ও ঔ অং অঃ

ব্যঞ্জন অথবা হল।

ক খ গ ঘ ঙ। চ ছ জ ঝ ঞ। ট ঠ ড ঢ ণ। ত থ দ ধ ন।
প ফ ব ভ ম। য র ল ব। শ ষ স হ ক্ষ।

বিকৃতি স্বর।

অ আ ই ঈ উ ঊ ঋ ৠ এ ঐ ও ঔ অং অঃ।
হ া ি ী ু ূ ৃ ৄ ে ৈ ো ৌ ং ঃ।

বিকৃতি ব্যঞ্জন।

য র র
্য ্র

বানান।

ক কা কি কী কু কূ কে কৈ কো কৌ কং কঃ।
খ খা খি খী খু খূ খে খৈ খো খৌ খং খঃ।
গ গা গি গী গু গূ গে গৈ গো গৌ গং গঃ।
ঘ ঘা ঘি ঘী ঘু ঘূ ঘে ঘৈ ঘো ঘৌ ঘং ঘঃ।
ঙ ঙা ঙি ঙী ঙু ঙূ ঙে ঙৈ ঙো ঙৌ ঙং ঙঃ।
চ চা চি চী চু চূ চে চৈ চো চৌ চং চঃ।

ছ ছা ছি ছী ছু ছূ ছে ছৈ ছো ছৌ ছং ছঃ।
জ জা জি জী জু জূ জে জৈ জো জৌ জং জঃ।
ঝ ঝা ঝি ঝী ঝু ঝূ ঝে ঝৈ ঝো ঝৌ ঝং ঝঃ।
ঞ ঞা ঞি ঞী ঞু ঞূ ঞে ঞৈ ঞো ঞৌ ঞং ঞঃ।
ট টা টি টী টু টূ টে টৈ টো টৌ টং টঃ।
ঠ ঠা ঠি ঠী ঠু ঠূ ঠে ঠৈ ঠো ঠৌ ঠং ঠঃ।
ড ডা ডি ডী ডু ডূ ডে ডৈ ডো ডৌ ডং ডঃ।
ঢ ঢা ঢি ঢী ঢু ঢূ ঢে ঢৈ ঢো ঢৌ ঢং ঢঃ।
ণ ণা ণি ণী ণু ণূ ণে ণৈ ণো ণৌ ণং ণঃ।
ত তা তি তী তু তূ তে তৈ তো তৌ তং তঃ।
থ থা থি থী থু থূ থে থৈ থো থৌ থং থঃ।
দ দা দি দী দু দূ দে দৈ দো দৌ দং দঃ।
ধ ধা ধি ধী ধু ধূ ধে ধৈ ধো ধৌ ধং ধঃ।
ন না নি নী নু নূ নে নৈ নো নৌ নং নঃ।
প পা পি পী পু পূ পে পৈ পো পৌ পং পঃ।
ফ ফা ফি ফী ফু ফূ ফে ফৈ ফো ফৌ ফং ফঃ।
ব বা বি বী বু বু বে বৈ বো বৌ বং বঃ।
ভ ভা ভি ভী ভু ভূ ভে ভৈ ভো ভৌ ভং ভঃ।
ম মা মি মী মু মূ মে মৈ মো মৌ মং মঃ।
য যা যি যী যু যূ যে যৈ যো যৌ যং যঃ।
র রা রি রী রু রূ রে রৈ রো রৌ রং রঃ।
ল লা লি লী লু লূ লে লৈ লো লৌ লং লঃ।
শ শা শি শী শু শূ শে শৈ শো শৌ শং শঃ।
ষ ষা ষি ষী ষু ষু ষে ষৈ ষো ষৌ ষং ষঃ।

স সা সি সী সু সূ সে সৈ সো সৌ সং সঃ।

হ হা হি হী হু হূ হে হৈ হো হৌ হং হঃ।

ক্ষ ক্ষা ক্ষি ক্ষী ক্ষু ক্ষূ ক্ষে ক্ষৈ ক্ষো ক্ষৌ ক্ষং ক্ষঃ।

ক্য খ্য গ্য ঘ্য ঙ্য চ্য ছ্য জ্য ঝ্য ঞ্য ট্য ঠ্য ড্য ঢ্য ণ্য ত্য থ্য

দ্য ধ্য ন্য প্য ফ্য ব্য ভ্য ম্য য্য র ল্য ব্য শ্য ষ্য স্য হ্য ক্ষ্য।

ক্র খ্র গ্র ঘ্র ঙ্র চ্র ছ্র জ্র ঝ্র ঞ্র ট্র ঠ্র ড্র ঢ্র ণ্র ত্র থ্র

দ্র ধ্র ন্র প্র ফ্র ব্র ভ্র ম্র য্র র ল্র ব্র শ্র ষ্র স্র হ্র ক্ষ্র।

ক্ন খ্ন গ্ন ঘ্ন ঙ্ন চ্ন ছ্ন জ্ন ঝ্ন ঞ্ন ট্ন ঠ্ন ড্ন ঢ্ন ণ্ন ত্ন থ্ন

দ্ন ধ্ন ন্ন প্ন ফ্ন ব্ন ভ্ন ম্ন য্ন র ল্ন ব্ন শ্ন ষ্ন স্ন হ্ন ক্ষ্ন।

ক্ব খ্ব গ্ব ঘ্ব ঙ্ব চ্ব ছ্ব জ্ব ঝ্ব ঞ্ব ট্ব ঠ্ব ড্ব ঢ্ব ণ্ব ত্ব থ্ব দ্ব

ধ্ব ন্ব প্ব ফ্ব ব্ব ভ্ব ম্ব য্ব র ল্ব ব্ব শ্ব ষ্ব স্ব হ্ব ক্ষ্ব।

ক্ম খ্ম গ্ম ঘ্ম ঙ্ম চ্ম ছ্ম জ্ম ঝ্ম ঞ্ম ট্ম ঠ্ম ড্ম ঢ্ম ণ্ম ত্ম

থ্ম দ্ম ধ্ম ন্ম প্ম ফ্ম ব্ম ভ্ম ম্ম য্ম র ল্ম ব্ম শ্ম ষ্ম স্ম হ্ম ক্ষ্ম।

কৃ খৃ গৃ ঘৃ ঙৃ চৃ ছৃ জৃ ঝৃ ঞৃ টৃ ঠৃ ডৃ ঢৃ ণৃ তৃ থৃ

দৃ ধৃ নৃ পৃ ফৃ বৃ ভৃ মৃ যৃ র লৃ বৃ শৃ ষৃ সৃ হৃ ক্ষৃ।

ক্ল খ্ল গ্ল ঘ্ল ঙ্ল চ্ল ছ্ল জ্ল ঝ্ল ঞ্ল ট্ল ঠ্ল ড্ল ঢ্ল ণ্ল ত্ল থ্ল

দ্ল ধ্ল ন্ল প্ল ফ্ল ব্ল ভ্ল ম্ল য্ল র ল্ল ব্ল শ্ল ষ্ল স্ল হ্ল ক্ষ্ল।

র্ক র্খ র্গ র্ঘ র্ঙ র্চ র্ছ র্জ র্ঝ র্ঞ র্ট র্ঠ র্ড র্ঢ র্ণ র্ত র্থ

র্দ র্ধ র্ন র্প র্ফ র্ব র্ভ র্ম র্য র র্ল র্ব র্শ র্ষ র্স র্হ র্ক্ষ।

ঙ্ক ঙ্খ ঙ্গ ঙ্ঘ ঙঙ ঞ্চ ঞ্ছ ঞ্জ ঞ্ঝ ঞঞ ণ্ট ণ্ঠ ণ্ড ণ্ঢ ণ্ণ

ন্ত ন্থ ন্দ ন্ধ ন্ন ম্প ম্ফ ম্ব ম্ম ঙয র ঙল ঙ্ব ঙশ

ঙষ ঙস ঙহ ঙক্ষ।

স্ক স্খ দ্গ দ্ঘ ঙ্ত্র শ্চ শ্ছ ব্জ ঝ্ঝ জ্ঞ ষ্ট ষ্ঠ ব্ড ব্ঢ

ষ্ণ স্ত স্থ ন্দ ন্ধ হ্ন স্প স্ফ দ্ব স্ত ন্ম হ্য হ্র ট্ল ট্ব ট্শ ট্ষ ট্স ট্হ ক্ষ।

ক্ক খ্খ গ্গ ঘ্ঘ ঙ্ঙ চ্চ ছ্ছ জ্জ ঝ্ঝ ঞ্ঞ ট্ট ঠ্ঠ ড্ড ঢ্ঢ ণ্ণ ত্ত থ্থ দ্দ ধ্ধ ন্ন প্প ফ্ফ ব্ব ভ্ভ ম্ম য্য র ল্ল ব্ব শ্শ ষ্ষ স্স হ্হ ক্ষ্ক্ষ।

প্রথমতঃ সংজ্ঞা সংজ্ঞি প্রকরণং যথা।

স্থত্র।

সিদ্ধোবর্ণ সমাম্নায়ঃ।

অকারাদি ক্ষকারান্ত বর্ণের ক্রম পাঠ সিদ্ধরূপ জানিবা।

তত্র চতুর্দ্দশা দৌস্বরাঃ।

সেই পঞ্চাশদ্বর্ণ মধ্যে আদি চতুর্দ্দশ বর্ণ স্বর সংজ্ঞক সঞ্জী। অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ ৡ এ ঐ ও ঔ ং ঃ। অনুস্বার ও বিসর্গ স্বর বিধিতে স্বরত্ব ব্যঞ্জন বিধিতে ব্যঞ্জনত্ব।

উক্ত স্বর তিন ভাগে বিভক্ত।

যথা হ্রস্ব, দীর্ঘ, প্লুত, তথা উদাত্ত, অনুদাত্ত, স্বরিত। উদাত্তে নিষাদ ও গান্ধার, অনুদাত্তে ঋষভ ও ধৈবত, স্বরিতে ষড্‌জ, মধ্যম, পঞ্চম।

দশ সমানাঃ।

সেই স্বরের মধ্যে আদি যে দশ বর্ণ তাহারা সমান সংজ্ঞা বিশিষ্ট হয়। সঙ্গী, অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ ৡ।

তেষাং দ্বৌদ্বাবন্যান্যস্য সবর্ণৌ।

এই সমান সংজ্ঞক যে দশ বর্ণ তাহার মধ্যে ক্রম সিদ্ধ যে দুই দুই বর্ণ তাহারা পরস্পর হ্রস্ব দীর্ঘে, দীর্ঘে হ্রস্বে, হ্রস্বে হ্রস্বে, দীর্ঘে দীর্ঘে, সবর্ণ সংজ্ঞা বিশিষ্ট হয়। সঙ্গী, অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ ৡ। হ্রস্ব স্বরের পরে বর্ণ শব্দ থাকিলে সবর্ণ সংজ্ঞক দুই বর্ণেরই প্রতীতি হয়।

পূর্ব্বোহ্রস্বঃ।

সেই সবর্ণ সংজ্ঞক যে দশ বর্ণ তন্মধ্যে ক্রম সিদ্ধ যে দুই দুই বর্ণ তাহার পূর্ব্ব পূর্ব্ব বর্ণ হ্রস্ব সংজ্ঞা বিশিষ্ট হয়। সঙ্গী, অ ই উ ঋ ঌ।

পরোদীর্ঘঃ।

সেই সবর্ণ সংজ্ঞক যে দশ বর্ণ তন্মধ্যে ক্রম সিদ্ধ যে দুই দুই বর্ণ তাহার পর পর বর্ণ দীর্ঘ সংজ্ঞা বিশিষ্ট হয়। সঙ্গী, আ ঈ ঊ ৠ ৡ।

স্বরোবর্ণবর্জোনামী।

অবর্ণ বর্জ্জিত যে স্বর তাহারা নামি সজ্ঞা বিশিষ্ট হয়। সঙ্গী, ইঈ উঊ ঋৠ ঌৡ।

একারাদীনি সন্ধ্যক্ষরাণি।

একারাবধি স্বর চতুষ্টয় সন্ধ্যক্ষর সংজ্ঞা বিশিষ্ট হয়।

সঙ্গী, এ ঐ ও ঔ সন্ধ্যক্ষরের গুরুত্ব লোক ব্যবহার ত্রিভাগস্বর প্রকরণং।

কাদীনি ব্যঞ্জনানি।

ক অবধি হকারান্তের ব্যঞ্জন সংজ্ঞা। সঙ্গী, ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ঢ ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম য র ল ব শ ষ স হ।

তে বর্গাঃ পঞ্চ পঞ্চ পঞ্চ।

ক অবধি ম অন্ত পঞ্চ পঞ্চবর্ণের বর্গ সংজ্ঞা। যথা—ক খ গ ঘ ঙ. চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ. ত থ দ ধ ন, প ফ ব ভ ম.

বর্গাণাং প্রথমা দ্বিতীয়াঃ শষসা শ্চাঘোষাঃ।

বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ আর শষস অঘোষ সংজ্ঞক। সঙ্গী। কখ, চছ, টঠ, তথ, পফ, শষস।

ঘোষবন্তোঽন্যে।

অঘোষের অবশিষ্ট গ আদি বর্ণের ঘোষবন্ত সংজ্ঞা। সঙ্গী। গঘঙ জঝঞ ডঢণ দধন বভম যরলবহ।

অনুনাসিকা ঙ ঞ ণ ন মাঃ।

ঙ ঞ ণ ন ম এই পঞ্চ বর্ণের অনুনাসিক সংজ্ঞা। সঙ্গী। ঙ ঞ ণ ন ম।

অন্তস্থা য র ল বাঃ।

যরলব এই চারিবর্ণের অন্তস্থ সংজ্ঞা। সঙ্গী। য র ল ব।

উষ্মাণঃ শ ষ স হাঃ।

শষসহ এই চারি বর্ণের উষ্ম সংজ্ঞা। সঙ্গী। শ ষ স হ।

শিড়িতি শাদয়ঃ।

শষসহ এই চারি বর্ণের শিট্ সংজ্ঞা। সঙ্গী। শ ষ স হ।

অঃ ইতি বিসর্জ্জনীয়ঃ।

কুমারী স্তন যুগাকৃতি বর্ণ বিসর্জ্জনীয় সংজ্ঞা। সঙ্গী। ঃ।

ক+ইতি জিহ্বামূলীয়ঃ।

বজ্রাকৃতি বর্ণ জিহ্বামূলীয় সংজ্ঞা সঙ্গী।+

পw ইত্যুপাধ্মানীয়ঃ।

গজ কুম্ভাকৃতি বর্ণ উপাধ্মানীয় সংজ্ঞা। সঙ্গী। w।

অং ইত্যনুস্বারঃ।

বিন্দু রূপ বর্ণ অনুস্বার সংজ্ঞা। সঙ্গী। ং।

পূর্ব্ব পরয়োরর্থোপলব্ধৌ পদং।

পূর্ব্ব পর কি প্রকৃতি বিভক্তি এই দুইর অর্থলাভ থাকিতে পদ সংজ্ঞা। সঙ্গী। বৃক্ষঃ ঘটঃ পট ইত্যাদি।

সংজ্ঞান্তর মাহ।

শিক্ষা শাস্ত্র মতে অকারাদি ক্ষকারান্ত বর্ণের উচ্চারণের স্থান নিরূপণ হওয়া দৃষ্টে উরঃ কণ্ঠ্যাদি স্থান ভেদে উচ্চার্য্যমান হেতুক তাহার সংজ্ঞান্তর বটে।

তদ্যথা।

উচ্চারণীয় স্থান।	বর্ণ নিরূপণ	সংজ্ঞা নিরূপণ
১ বক্ষঃ		ঔরস্যাঃ।

হকার বর্গের পঞ্চম বর্ণ যুক্ত হইলে ঔরস্য অর্থাৎ বক্ষঃ স্থানে উচ্চারণীয় হয় তৎযুক্তা ভাবে কণ্ঠ্য হয়।

২ কণ্ঠ	অ আ ক খ গ ঘ ঙ ক্ষ	কণ্ঠ্যাঃ
৩ শিরঃ	ঋ ৠ ট ঠ ড ঢ ণ র ষ	মূর্দ্ধন্যাঃ।

৪ জিহ্বামূল বজ্রাকৃতি বর্ণ যথা +। বিসর্গের ন্যায় উচ্চারণ হয় কিন্তু উহা ক খ পর ভিন্ন হয় না।

৫ দন্ত	ঌ ৡ ত থ দ ধ ন ল স	দন্ত্যাঃ
৬ নাসিকা	ং ঙ ঞ ণ ন ম	অনুনাসিকা।
৭ ওষ্ঠ	উ ঊ প ফ ব ভ ম	ওষ্ঠ্যাঃ

উপাধ্মানীয় যথা ৰ। বিসর্গের ন্যায় উচ্চারণ হয় কিন্তু উহা প ফ পর ভিন্ন হয় না।

৮ তালু	ই ঈ চ ছ জ ঝ ঞ য শ	তালব্যাঃ।

অপিচ।

দ্বিসংজ্ঞক নিরূপণ।

উচ্চারণীর স্থান।	দ্বিষংজ্ঞক বর্ণ নিরূপণ।	সংজ্ঞানিরূপণ
দন্ত ও ওষ্ঠ	ব অন্তাস্থ	দন্তোষ্ঠৌ।
কণ্ঠ ও তালু।	এ ঐ	কণ্ঠতালব্যৌ।
কণ্ঠ ও ওষ্ঠ	ও ঔ	কণ্ঠোষ্ঠ্যৌ
জিহ্বা ও মস্তক	ঋ ৠ	জিহ্বামূলীয় মূর্দ্ধন্যৌ
জিহ্বা ও দন্ত	ঌ ৡ	জিহ্বামূলীয় দন্ত্যৌ

সাধারণ নিয়ম।

বর্ণ নিরূপণ।

মুখ মৌখিক

ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, য র ল ব, শ ষ স হ ক্ষ।

কণ্ঠ কণ্ঠ্যা

অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ৯ ৡ এ ঐ ও ঔ অং অঃ।

শ্রুতি প্রকরণ মাহ।

এক বর্ণেবর্ণান্তর যোগে ও স্থানভেদে উচ্চারণ ও শ্রুতির অনেক বৈষম্য হইয়া থাকে তদ্বিশেষ এই।

১। ব্যঞ্জনদ্বয়সংযোগ হইলে সেই সংযোগের পূর্ব্বস্বর গুরু হয় বিকল্পে কন্তি ত্রিকোণভৈ রিত্যাদি। যথা ধর্ম্ম কর্ম্ম মর্ম্ম বর্ম্ম চর্ম্ম ইত্যাদি পক্ষে তরুণং সর্ষপশাকং।

২। পদের আদি ও অন্তে মকার বর্ণের সংযোগ হইলে বর্ণদ্বয়ের শ্রুতি হয় যথা জগাম গহনং বনং। কম্বলবন্তং ন বাধতে শীত ইত্যাদি।

৩। পদের অন্ত ও আদি ভিন্ন যকার ও বকারের সংযোগে অন্য বর্ণের শ্রুতি হয় কিন্তু যকার বকারের শ্রুতি তিরোভূত থাকিয়া স্বরের ন্যায় শ্রুতি হয় যথা বায্বাগমে ইত্যাদি।

৪। রেফের ও নকারের আদিতে তালব্য শকার থাকিলে শ্রুতি হয় যথা শ্রীং, শ্রম, প্রশ্ন, ইত্যাদি।

৫। সকার রেফের ও নকারের আদিতে থাকিলে ছ শ্রুতি হয় যথা সহস্র, স্নান।

৬। দন্ত্যসকার তথ পূর্ব্ব থাকিলে চ শ্রুতি হয় যথা— নবস্তৈস্মৈ প্রস্থান ইত্যাদি।

৭। রেফের আদি কি অন্তে হকার থাকিলে রেফ তুল্য শ্রুতি হয়। যথা—বর্হঃ হ্রদ ইত্যাদি।

৮। যকারের আদিতে হকার থাকিলে ঝকারের শ্রুতি হয়। যথা—বাহ্য সহ্য ইত্যাদি।

৯। বকারের পূর্ব্বে হকার থাকিলে ভকার উচ্চারণ হয় যথা—আহ্বান, জিহ্বা ইত্যাদি।

১০। লকারের কি নকারের পূর্ব্বে হকার থাকিলে হকারের অল্প শ্রুতি হয়। যথা প্রহ্লাদ, আহ্লাদ অহ্নি বহ্নি।

১১। মকারের পূর্ব্বে ভকারের অনুনাসিক শ্রুতি হয়। যথা—কুম্ভং পশ্য।

অন্ত্যস্থ।

১২। পদের আদি কি মধ্যের যকারের বর্গীয় জকার শ্রুতি হয়। যথা। যমুনা, কেয়ূর, যুষ্মৎ ইত্যাদি।

১৩। বর্ণের পরে ডকার ও ঢকার থাকিলে বক্র জিহ্বায় উচ্চারিত হয়। যথা জড়, গূঢ়।

১৪। ব্যঞ্জন মস্বরং পরং বর্ণং নয়েৎ।

স্বররহিত ব্যঞ্জন পরবর্ণ প্রাপ্ত হয়। যথা তদত্র বাগীশ ইত্যাদি।

১৫। অনতি ক্রময়ন্ বিশ্লেষয়েৎ।

স্বর ব্যঞ্জন যুক্ত বর্ণ কার্য্যানু রোধে বর্ণাতি ক্রম না করিয়া বিভাগ প্রাপ্ত হয় যথা দণ্ড অগ্রং দণ্ডাগ্র.মিত্যাদি।

১৬। লোকোপচাবাদ গ্রহণসিদ্ধিঃ।

ব্যবহারাধীন শব্দের লিঙ্গাদি পরিচয় হয়। যথা আপোজলং দারাঃ কলত্র মিত্যাদি। ইতিসংজ্ঞা প্রকরণং।

স্বর সন্ধিঃ।

সমানঃ সবর্ণে দীর্ঘী ভবতি পরশ্চ লোপং।

সমান সংজ্ঞক বর্ণ সবর্ণে পরত দীর্ঘ হয় পর বর্ণ লোপ পায়। যথা দণ্ডাগ্রং, সাগতা, দধীদং নদীহঁতে, মধূদকং, বধূঢ়ং, পিতৄষভঃ, কৢকারঃ। হোতৄ কার ইতি ঋকারে ঌকারেত্ত সবর্ণ সংজ্ঞা।

অবর্ণ ইবর্ণে এ।

ইঈ পরে থাকিলে অআ স্থানে এ হয় ও পর বর্ণ লোপ পায়। যথা তবেহা সেয়ং।

অপিচ।

চকারাধিকারোঽনুক্ত সমুচ্চয়ার্থ স্তেন কৃচিৎ পূর্ব্বোপিলুপ্যতে ইতি বক্তব্যং।

হল ও লাঙ্গল ও মনস এই তিন শব্দের অকার লোপ হয় ঈষা শব্দ পরে থাকিলে, অধিক মনস্ শব্দের সকারও লোপ হয় যথা হলীষা, লাঙ্গলীষা, মনীষা,।

উবর্ণে ও।

উঊ পরে থাকিলে অআ স্থানে ও হয় ও পর বর্ণের লোপ পায় যথা গঙ্গোদকং, কর্ম্মোহন মিত্যাদি।

ঋবর্ণে অর।

অআ বর্ণ দ্বয় ঋৠ পরে থাকিলে অআ স্থানে অর হয় পর বর্ণ লোপ পায়। যথা তবর্কারঃ, সর্কারেণ ইত্যাদি।

অপিচ।

ঋণ, প্রবসন, বৎসতর কম্বল দশানামৃণে কৃচিদরো ঽপি দীর্ঘত্ত্বা ইতি বক্তব্যং।

ঋণ শব্দে পরত্ ঋণ প্রবসন বৎসতর কম্বল দশ শব্দের যে অর তাহার অকার দীর্ঘ হয়। যথা, ঋণার্ণং প্রার্ণং বসনার্ণং বৎস তরার্ণং কম্বলার্ণং দশার্ণং।

ঋতে চ তৃতীয়া সমাসে ইতি বক্তব্যং।

তৃতীয়া সমাসে ঋতশব্দ পরত যে অর তাহার অকার দীর্ঘ হয় যথা শীতেন ঋতঃ শীতার্ত্তঃ। কামেন ঋতঃ কামার্ত্ত ইত্যাদি।

ঋতি ধাতোরুপসর্গস্য দীর্ঘ ইতি বক্তব্যং।

ধাতুর ঋকারে পরত উপসর্গের যে অর তাহার অকার-দীর্ঘ হয় যথা প্রার্চ্ছতি পরার্চ্ছতি ইত্যাদি ॥

উপসর্গো যথা।

প্র, পরা, অপ, সম্, অনু, অব, নির্ দুর্, অভি, বি, অধি, সু, উদ্, অতি, নি, প্রতি, পরি অপি, উপ আ,।

নামধাতোর্ব্বা ইতি বক্তব্যং।

নাম ধাত্তর ঋকারে পরত উপসর্গের যে অর তাহার অকার দীর্ঘ হয় বিকল্পে, যথা—প্রার্ষভীয়তি প্রর্ষভীয়তি ইত্যাদি।

ঌবর্ণেঽল্।

ঌৠ পরে থাকিলে অআ স্থানে অল্ হয় পর বর্ণ লোপ-পায় যথা তবল্কারঃ সল্কারেণে ত্যাদি।

উপসর্গস্য বা ঌ তিধাতোরলো দীর্ঘঃ ইতি বক্ত্যব্যং।

ধাতুর ঌকারে পরত উপসর্গের যে অল্ তাহার অকার দীর্ঘ হয় বিকল্পে, যথা উপাল্কারীয়তি উপল্কারীয়তি ইত্যাদি।

একারে ঐ ঐ কারেচ।

এঐ পরে থাকিলে অআ স্থানে ঐ হয়,পরবর্ণ লোপ পায় যথা মমৈষঃ সৈন্দ্রী ইত্যাদি।

চকারাধিকারাৎ ক্বচিৎ পূর্ব্বোপিলোপ এবেচানিয়োগে ইতি বক্তব্যং।

ক্রিয়ার অযোগে এব শব্দে পরত পূর্ব্ব অবর্ণের লোপ হয় যথা অদ্যেব, ইহেব। ক্রিয়ার যোগে, অদ্যৈব গচ্ছ ইহৈব তিষ্ঠ।

স্বস্যাদৈত্ব মীরেরিণো রপি বক্তব্যং।

ঈর ঈরিন্ শব্দে পরত্ স্বশব্দের অআস্থানে ঐত্ব হয় যথা স্বৈরং, স্বৈরী, ইত্যাদি।

ওকারে ঔ ঔকারে চ।

ওঔ পরে থাকিলে অআ স্থানে ঔ হয়, পর বর্ণ লোপ পায় যথা তবৌদনং সৌপগবী ইত্যাদি।

চকারাধিকারাদুপসর্গা বর্ণ লোপোধাতো রেদোতো রিতি বক্তব্যং।

ধাত্তর এও পরে থাকিলে উপসর্গের অআ লোপ হয় যথা প্রেলয়তি পরোখতি ইত্যাদি।

ইনেধ্বত্যার্ন ইতি বক্তব্যং।

ইন এধ ধাত্তর পদপরে থাকিলে উপসর্গের অবর্ণ লোপ হয় না প্রয়োগ, উপৈতি, উপৈধতে, ইত্যাদি।

ওষ্ঠোত্বোঃ সমাসে বা ইতি বক্তব্যং।

সমাসে ওষ্ঠ ওতুশব্দ পরে থাকিলে পূর্ব্ব অবর্ণ লোপ

হয় বিকল্পে যথা বিম্বৌষ্ঠঃ বিম্বোষ্ঠঃ স্থূলোত্তুঃ স্থূলৌত্তুঃ।

ওমাঙোশ্চ নিত্য মিতি বক্তব্যং।

ওম্ শব্দ পরে থাকিলে পূর্ব্ব অ আ লোপ্ পায় নিত্য যথা অদ্যোম্ সোম্ ইত্যাদি।

অক্ষস্যৌহিন্যা মিতি বক্তব্যং।

ঊহিনী শব্দ পরে থাকিলে অক্ষ শব্দের অ স্থানে ঔ হয় যথা অক্ষৌহিনী সেনা।

প্রস্যোঢ়োঢ্যোশ্চ ইতি বক্তব্যং।

ঊঢ় ঊঢ়ি শব্দ পরে থাকিলে প্রশব্দের অ স্থানে ঔ হয় যথা প্রৌঢ়ঃ প্রৌঢ়িঃ। চকার হেতুক ঊহ শব্দ পরস্তও পূর্ব্ববৎ যথা প্রৌহঃ।

এষৈষ্যয়োরৈত্বং লোপস্যাপবাদ ইতি বক্তব্যং।

এষ এষ্য শব্দ পরে থাকিলে প্রশব্দের অস্থানে ঐ হয় লোপের নিষেধক যথা প্রৈষঃ প্রৈষ্যঃ ঈষেরও ঈষ ঈষ্য পরে থাকিলে প্রেষঃ প্রেষ্যঃ হয়।

ই বর্ণো য মসবর্ণেনচ পরোলোপ্যঃ॥

ইঈ ভিন্ন স্বর পরে থাকিলে ইঈ স্থানে য হয় পর বর্ণ লোপ হয় না যথা দধ্যত্র নদ্যেষা ইত্যাদি।

বমুবর্ণঃ।

উঊ ভিন্ন স্বর পরে থাকিলে উঊ স্থানে ব হয়, পর বর্ণ লোপ পায় না যথা মধ্বত্র বধ্বাসনং ইত্যাদি।

রম্ বর্ণঃ ।

ঋৠ ভিন্ন স্বর পরে থাকিলে ঋৠ স্থানে র হয় পর বর্ণ লোপ পায় না যথা পিত্রর্থঃ ক্রর্থঃ ইত্যাদি ।

লম্ ৯ বর্ণঃ ।

৯ৡ ভিন্ন স্বর পরে থাকিলে ৯ৡ স্থানে ল হয় পর বর্ণ লোপ পায় না যথা লন্নু বন্ধো লাকৃতিরিত্যাদি ।

এ অয় ।

স্বর পরে থাকিলে এ অয় হয় যথা নয়তি অগ্নয়ে ইত্যাদি ।

ঐ আয় ।

স্বর পরে থাকিলে ঐ আয় হয় যথা নায়কঃ রায়েন্দ্রী ইত্যাদি ।

ও অব্ ।

স্বর পরে থাকিলে ও অব্ হয় যথা লবনং পটবোক্তঃ ইত্যাদি ।

ঔ আব্ ।

স্বর পরে থাকিলে ঔ আব হয় যথা গাবৌ গাব ইত্যাদি । বিবক্ষাধীন, গবাজিনং, গোঽজিনং, এই পদ বিকল্পে অকার বর্ণাগম হয়, গবাক্ষ গবেন্দ্র এই পদদ্বয়েনিত্য অকার বর্ণাগম হয় ।

অয়াদীনাং যবলোপঃ পদান্তে নবা লোপেত্তু প্রকৃতিঃ ॥

পদান্তে বর্ত্তমান যে অয্ আয্ অব্ আব্ ইহাদের য়কার

ও বকার লোপ হয় বিকল্পে, লোপ হইলেও প্রকৃতিথাকে অর্থাৎ অন্য সন্ধি হয় না। যথা ত আহুঃ তয়াহুঃ তস্মা আসনং তস্মায়াসনং, পট ইহ, পট বিহ, অসা ইন্দুঃ অসা বিন্দুঃ ইত্যাদি।

এদোৎপরঃ পদান্তে লোপ মকারঃ।

পদান্তে বর্ত্তমান যে একার ও ওকার তাহা হইতে অকার লোপ পায় যথা তেঽত্র পটোঽত্র ইত্যাদি।

ন ব্যঞ্জনে স্বরাঃ সন্ধেয়াঃ।

ব্যঞ্জন পরে থাকিলে ইকারাদি স্থানে যকারাদি সন্ধি হয় না যথা দেবী গৃহং পটু হস্তং মাতৃমণ্ডনং, জলে পদ্মং বৈধৃতিঃ, বায়োগতিঃ, নৌযানং, ইত্যাদি। নঞা নির্দ্দিষ্ট হেতুক পিত্র্যং, গব্যূতি এই পদদ্বয়ে ব্যঞ্জন পরে থাকিলে সন্ধি হয়। ইতি স্বর সন্ধিঃ।

প্রকৃতি সন্ধিঃ।

ওদন্তা অইউআ নি পাতাঃ স্বরে প্রকৃত্যা।

অপ্রাপ্তেঃ প্রাপনং যত্র প্রাপ্তের্ব্বাধনমেবচ। ক্বচিদর্থ বিশেষশ্চ এবমেতন্নিপাতনং। নিপাত তিন প্রকার হয় অপ্রাপ্তিতে প্রাপ্তি, প্রাপ্তিতে নিষেধ, কোনস্থানে অর্থের বিশেষ। ওদন্ত যে নিপাত আর অ ই উ আ যে কেবল নিপাত তাহারা স্বর পরে থাকিলে প্রকৃতি থাকে অর্থাৎ সন্ধি হয় না। যথা নো হএ, অহো আশ্চর্য্যং, অঅপেহি, ইইন্দ্রং পশ্য, উউত্তিষ্ঠ আএবং ইত্যাদি।

দ্বিবচনমনৌ।

ঔকার রূপ ত্যাগ করিয়া রূপান্তর প্রাপ্ত দ্বিবচন স্বর পরে থাকিলে প্রকৃতি থাকে অর্থাৎ সন্ধি হয় না যথা পটূইমৌ. শালে এতে, মালে ইমে, ইত্যাদি।

বহু বচনমমী।

অমীরূপ বহুবচন স্বর পরে থাকিলে প্রকৃতি থাকে অর্থাৎ সন্ধি হয় না যথা অমীঅশ্বাঃ, অমীএড়কাঃ ইত্যাদি।

অনুপদিষ্টাশ্চ।

দূরাহ্বানে, গানে ও রোদনে প্রসিদ্ধ প্লুত স্বর পরে থাকিলে প্রকৃতি থাকে অর্থাৎ সন্ধি হয় না যথা আগচ্ছ ভো দেব দত্ত অত্র, তিষ্ঠ ভো যজ্ঞ দত্ত ইহ ইত্যাদি।

ইতি প্রকৃতি সন্ধিঃ।

ব্যঞ্জন সন্ধিঃ।

বর্গ প্রথমাঃ পদান্তাঃ স্বরঘোষবৎসু তৃতীয়ান্।

পদান্তে বর্ত্তমান বর্গের প্রথম বর্ণ স্বর আর ঘোষবন্ত পরে থাকিলে সে বর্গের তৃতীয় হয় যথা বাগত্র বাগ্গতিঃ ইত্যাদি।

পঞ্চমে পঞ্চমাংস্তৃতীয়ান্নবা।

পদান্তে বর্ত্তমান বর্গের প্রথম বর্ণ পঞ্চম বর্ণ পরে থাকিলে স্ববর্গের পঞ্চম পায় পক্ষে তৃতীয় হয় যথা বাঙ্মত্তঃ বাগ্মত্তঃ ইত্যাদি।

ব্যবস্থিত বা স্মরণাৎ প্রত্যয় পঞ্চমে নিত্যং পঞ্চমোভাষায়ামিতি বক্তব্যং।

ব্যবস্থিত বাধিকার হেতুক প্রত্যয়ের পঞ্চম বর্ণ পরে থাকিলে পঞ্চম হয় নিত্য যথা বাঙময়ং যন্মাত্রং ইত্যাদি।

বর্গ প্রথমেভ্যঃ শকারঃ স্বরযবপরশ্চকারন্নবা।

পদান্তে বর্ত্তমান যে বর্গের প্রথম বর্ণ তাহা হইতে তালব্য শকার তাহার পরে স্বর ও যকার ও বকার ও রেফ থাকিলে ছকার হয় বিকল্পে—। যথা বাকছূরঃ, বাক্শূরঃ, ষট্ছ্যামা, ষট্শ্যামা, তচ্ছ্বেতং তচ্শ্বেতং তৃষ্টু পচ্ছ্রুতং তৃষ্টু পশ্রুতং ইত্যাদি।

তেভ্যএবহকারঃ পূর্ব্বচত্তুর্থন্নবা।

পদান্তে বর্ত্তমান যে বর্গের প্রথমবর্ণ তাহা হইতে হকার স্বপূর্ব্বে যে বর্গের প্রথম বর্ণ থাকে তাহার চতুর্থ বর্ণ হয় বিকল্পে। যথা বাগধীনং বাগহীনং অজ্ঝলৌ, অজহলৌ, ষডঢলানি, ষড়হলানি তদ্ধিতং, তদ্হিতং, ককুব্ভাসঃ ককুবহাসঃ, ইত্যাদি।

পররূপংতকারোলচটবর্গেষু।

পদান্তে বর্ত্তমান তকার লকার ও চবর্গ ও টবর্গ পরে থাকিলে পর বর্ণ হয়। যথা তল্লুনাতি তচ্চরতি, তচ্ছাদয়তি, তজ্জয়তি, তজ্ঝসয়তি, তঞঞকারেণ, 'তটটীকতে, তটঠকারেণ, তডডীনং, তডেঢৌকতে, তণণকারেণ ইত্যদি।

চংশে।

পদন্তেবর্ত্তমান তকার শকার পরে থাকিলে চকার হয় যথা তচশ্মশানং, তচশ্লক্ষ্ণং,

নোহন্তশ্চছয়োঃ শকারমনুস্বার পর্ব্বং।

পদান্তে বর্ত্তমান নকার চ ও ছ পরে থাকিলে অনুস্বার পূর্ব্বে রাখিয়া শকার হয় যথা ভবাং শ্চরতি ভবাংশ্ছ্যতি ইত্যাদি।

শিষ্ট প্রয়োগানুসারে প্রশানচরতি ও প্রশান্টীকতে, ও প্রশান্তরতি ইত্যাদিপ্রয়োগে নকার অনুস্বার পূর্ব্বেরাখিয়া উক্তরূপ হয় না।

টঠয়োঃ ষকারং।

পদান্তে বর্ত্তমান নকার ট ও ঠপরে থাকিলে অনুস্বার পূর্ব্বে রাখিয়া ষ হয় যথা ভবাংষ্টীকতে. ভবাংষ্ঠকারেণ, ইত্যাদি।

তথয়োঃ সকারং।

পদান্তে বর্ত্তমান নকাব ত ও থপরে থাকিলে অনুস্বার-পূর্ব্বে রাখিয়া সকার হয় যথা ভবাংস্তরতি, ভবাংস্থূড়তি, ইত্যাদি।

লেলং।

পদান্তে বর্ত্তমান নকার ল পরে থাকিলে ল হয় যথা ভবাল্লুনাতি, ভবাল্লিখতি, ইত্যাদি।

জঝঞশকারেষু ঞকারং।

পদান্তে বর্ত্তমান নকার জ ও ঝ ও ঞ ও শ পরে থাকিলে ঞ হয় যথা ভবাঞ্জয়তি. ভবাঞ্ঝাসয়তি. ভবাঞঞকারেণ, ভবাঞশেতে ইত্যাদি।

শিঞ্চৌবা।

পদান্তে বর্ত্তমান নকার শ পরে থাকিলে ন চ হয় পক্ষে ঞকারও হয় যথা ভবাঞ্ছূরঃ, ভবাঞ্চশূরঃ, ভবাঞ শূরঃ ইত্যাদি।

ডঢণপরস্তু নকারং।

পদান্তে বর্ত্তমান নকার ড ও ঢ ও ণ পরে থাকিলে মূর্দ্ধণ্য ণকার হয় যথা ভবাণ্ডীনং ভবাণ্ঢৌকতে, ভবাণ্ণকারেণ ইত্যাদি।

ঙণনাদ্ধ্রস্বোধাঃ স্বরে দ্বিঃ।

হ্রস্বস্বর পূর্ব্বে থাকিলে পদান্তে বর্ত্তমান ঙ ণ ন তাহারা স্বর পরে থাকিলে দ্বিত্বপায় যথা ক্রুঙঙত্র, সুগণ্ণত্র পচন্নত্র, ইত্যাদি।

ইতি ব্যঞ্জনসন্ধিঃ।

অনুস্বার সন্ধিঃ।

মোহনুস্বারংব্যঞ্জনে।

পদান্তে বর্ত্তমান মকার ব্যঞ্জন পরে থাকিলে অনুস্বার হয় যথা ত্বংযাসি, ত্বংরমসে ইত্যাদি। সম্রাট সম্রাজৌ চ সংজ্ঞাপূর্ব্বক বিধিরনিত্যইতি।

বর্গেতদ্বর্গপঞ্চমং বা।

উক্ত অনুস্বার পরে যে বর্গ থাকে সেই বর্গের পঞ্চম হয় বিকল্পে যথা ত্বঙ্করোষি, ত্বং করোষি, ত্বঞ্চরসি, ত্বংচরসি, ত্বণ্টীকসে, ত্বংটীকসে, ত্বন্তরসি, ত্বংতরসি, ত্বম্পচসি, ত্বংপচসি, ইত্যাদি।

ইত্যনুস্বার সন্ধিঃ।

বিসর্গ সন্ধিঃ।

বিসর্জ্জনীয় শ্চে ছে বা শং।

বিসর্গ চ ও ছ পরে থাকিলে শকার হয় যথা কশ্চরতি, কশ্ছাদয়তি, ইত্যাদি।

টে ঠে বা ষং।

বিসর্গ ট ও ঠ পরে থাকিলে ষ হয় যথা কষ্টীকতে, কষ্ঠকারেণেত্যাদি।

তে থে বা সং।

বিসর্গ ত ও থ পরে থাকিলে সকার হয় যথা কস্তরতি, কস্থূড়তি, ইত্যাদি।

কখযো র্জ্জিহ্বামূলীয় ন্ন বা।

বিসর্গ ক ও খ পরে থাকিলে জিহ্বামূলীয় হয় বিকল্পে যথা ক×খনতি, কঃখনতি, ইত্যাদি।

পফয়ো রুপধ্মানীয়ন্নবা॥

বিসর্গ প ও ফ পরে থাকিলে উপধ্মানীয় পায় বিকল্পে যথা ক৲পচতি, কঃপচতি, ক৲ফলতি, কঃফলতি ইত্যাদি। কারাস্করাদি শব্দ লোকে পূর্ব্বাপর প্রসিদ্ধ জানিবা।

শে ষে সে বা বাপররূপং।

বিসর্গ শষস পরে থাকিলে ক্রমে পররূপ পায় যথা কশেশতে, কঃশেতে, কষষণ্ডঃ, কঃষণ্ড কস্সাধুঃ কঃসাধুঃ ইত্যাদি। শিষ্ট প্রয়োগানুসারে বিসর্গ শিট্পরং অঘোষ-

থাকিলে শাদি হয় না যথা পুরুষঃ সরুকঃ, বাসঃক্ষৌমং, অদ্ভিঃপ্সাতা ইত্যাদি।

উমকারয়োর্মধ্যে।

অকারদ্বয়মধ্যবর্ত্তী বিসর্গ উকার পায় যথা কোঽএ, কোঽর্থ ইত্যাদি।

অঘোষবতোশ্চ।

অঘোষবন্তমধ্যবর্ত্তী বিসর্গ উকার পায় যথা কোগচ্ছতি, কোধাবতি, ইত্যাদি।

অপরো লোপ্যোঽন্যস্বরে যং বা।

অ হইতে বিসর্গ অভিন্নস্বর পরে থাকিলে লোপ পায় পক্ষে যকার পায় যথা কইহ, কয়িহ, কউপরি কয়ুপরি ইত্যাদি।

আভোভ্যামেবস্বরে।

অকার ও ভোশব্দ হইতে বিসর্গ স্বর পরে থাকিলে লোপ পায় পক্ষে যকার পায় দেবা অত্র, দেবাযত্র, ভো অত্র, ভোযত্র, ইত্যাদি। শিষ্ট প্রয়োগানুসারে ভগো অত্র, ভগোযত্র, অঘো অত্র অঘোযত্র।

ঘোষবতিলোপং॥

আ ও ভোশব্দ হইতে বিসর্গ ঘোষবন্ত পরে থাকিলে লোপ পায় যথা দেবাগতা ভোযাসি, ইত্যাদি। শিষ্টপ্রয়োগানুসারে ভগোব্রজ অঘোযত্র ইত্যাদি।

নামিপরো রং।

নামি হইতে বিসর্গ রেফ পায় কিন্তু নিমিত্তের অপেক্ষা নাই যথা সুপিঃ সুতূঃ ইত্যাদি।

ঘোষবৎস্বরপরঃ।

নামি হইতে বিসর্গ স্বর ও ঘোষবন্ত পরে থাকিলে রেফ পায় যথা অগ্নিরত্র পটুর্ব্বদতি।

রপ্রকৃতি রনামিপরোপি।

নামি হইতে কি অনামি হইতে রেফপ্রকৃতি বিসর্গ স্বর ও ঘোষবন্ত ও অঘোষ পরে থাকিলে রেফ হয়, কিন্তু গির, ধুর, অহন, শব্দ সম্বন্ধিবিসর্গ পতি শব্দ পরে থাকিলে রেফ পায় বিকল্পে যথা গীর্পতিঃ, গীঃপতিঃ ধূর্পতিঃ, ধূঃপতি। স্বর ঘোষবন্ত পরে থাকিলে বিসর্গ রেফ পায় নিত্য গীরত্র, গীর্পতিঃ।

অহ্নোরেফে ইতি বক্তব্যং।

অহন্ শব্দের বিসর্গ রেফ হয় রাত্রি রূপ রথান্তরশব্দ ভিন্ন ঘোষবন্ত ও স্বর ও অঘোষ পরে থাকিলে যথা অহর্পতি অহর্গণঃ, অহরত্র, অহঃপতিঃ, ইত্যাদি।

এষ সপরো ব্যঞ্জনে লোপ্যঃ।

এষ শব্দ এবং স শব্দ হইতে বিসর্গ লোপ পায় ব্যঞ্জন পরে থাকিলে যথা এষগছতি, সতিষ্ঠতি ইত্যাদি। শিষ্ট-প্রয়োগানুসারে ক্বচিৎলোপ পায় না এষকঃ করোতি সকঃ-করোতি, অনেষোগচ্ছতি, অসোগচ্ছতি।

ন বিসর্জ্জনীয় লোপে পুনঃ সন্ধিঃ।

বিসর্গ লোপ করিলে অন্যসন্ধি হয় না যথা ক ইহ, এষইদং, সউত্তম, ইত্যাদি।

রো রে লোপং স্বর শ্চ পূর্ব্বো দীর্ঘশ্চ ।

রেফ লোপ পায় রেফ পরে থাকিলে এবং পূর্ব্বস্বর দীর্ঘ হয় যথা অগ্নী রথেন, পুনারাতি, উচ্চৈরোতি, ইত্যাদি ।

দ্বির্ভাবং স্বরপরশ্ছকারঃ ।

স্বর হইতে (ছ) দ্বিত্বপায়—যথা ইচ্ছতি, গচ্ছতি, ইত্যাদি ।

অপ্যধিকারাদ্দীর্ঘাৎ পদান্তাদ্বা ইতি বক্তব্যং ।

অপি অধিকারহেতুকদীর্ঘ 'পদান্তস্বর হইতে ছকার দ্বিত্ব পায় বিকল্পে যথা কুটীচ্ছায়া, কুটীছায়া ইত্যাদি ।

আঙমাভ্যাংনিত্যং ইতিবক্তব্যং ।

আশব্দ ও মাশব্দ হইতে ছকার নিত্য দ্বিত্ব পায় যথা আচ্ছায়া মাচ্ছিদৎ ইত্যাদি ।

ইতি সন্ধ্যনুবাদঃ সমাপ্তঃ ।। ০ ।।

ক্রিয়াবাচক যাহা তাহাকেই ধাতুসংজ্ঞাবিশিষ্ট বলা যায় যথা ভূ, পচ, গম, ইত্যাদি। সি, ঔ, জস। অম, ঔ, শস্। টা, ভ্যাং, ভিস্। ঙে, ভ্যাং, ভ্যস্। ঙসি,ভ্যাং, ভ্যস্। ঙস্, ওস্, আম্। ঙি, ওস্, সুপ্। এই সমুদায় বিভক্তি সংজ্ঞা বিশিষ্ট হয়, এবং ধাতু বিভক্তি ভিন্ন যে শব্দ তাহাকে লিঙ্গ সংজ্ঞা বিশিষ্ট বলা যায়। যথা ঘট, পট, মঠ ইত্যাদি। লিঙ্গের উত্তরবর্ত্তি বিভক্তি একত্ব দ্বিত্ব বহুত্বার্থেতে যথা ক্রমে এক বচন দ্বিবন বহুবচন হয়। যথা ঘটঃ ঘটৌ ঘটা ইত্যাদি তদ্বিশেষ নিম্নে প্রকটন করা যাইতেছে।

অথ অকারান্ত পুং লিঙ্গ শব্দাঃ।

	এক বচন	দ্বিবচন	বহু বচন
প্রথমা	সিঃ	ঔ	জস্
	রামঃ	রামৌ	রামাঃ
দ্বিতীয়া	অম্	ঔ	শস্ আন্
	রামং	রামৌ	রামান্
তৃতীয়া	টা ইন	ভ্যাম্ ।ং	ভিস্ ঐঃ
	রামেণ	রামাভ্যাং	রামৈঃ
চতুর্থী	ঙে আয়	ভ্যাম্ ।ং	ভ্যস্
	রামায়	রামাভ্যাং	রামেভ্যঃ
পঞ্চমী	ঙসি আৎ	ভ্যাম্ ।ং	ভ্যস্
	রামাৎ	রামাভ্যাং	রামেভ্যঃ
ষষ্ঠী	ঙস স্য	ওস্ যোঃ	আম্ আনাং
	রামস্য	রাময়োঃ	রামাণাং
সপ্তমী	ঙি এ	ওস্ য়োঃ	সুপ ত্রষু অচা'
	রামে	রাময়োঃ	রামেষু

সম্বোধনে হে রাম ইতি সমুদয় অকারান্তপুংলিঙ্গ শব্দ রাম শব্দের ন্যায়।

অথ আকারান্ত স্ত্রী লিঙ্গ শব্দাঃ।

	এক বচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সি	ঔ এ অচা	জস্ ঃ।
	শ্রদ্ধা	শ্রদ্ধে	শ্রদ্ধাঃ।
দ্বিতীয়া	অম্	ঔ এ তথা	শস্ ঃ।
	শ্রদ্ধাং	শ্রদ্ধে তথা	শ্রদ্ধাঃ।
তৃতীয়া	টা অচসহয়া	ভ্যাম্ ।ং	ভিস্ ঃ।
	শ্রদ্ধয়া	শ্রদ্ধাভ্যাং	শ্রদ্ধাভিঃ।
চতুর্থী	ঙে যৈ	ভ্যাম্ ।ং	ভ্যস্ ঃ।
	শ্রদ্ধায়ৈ	শ্রদ্ধাভ্যাং	শ্রদ্ধাভ্যঃ।
পঞ্চমী	ঙসি য়াঃ	ভ্যাম্ ।ং	ভ্যস্ ঃ।
	শ্রদ্ধায়াঃ	শ্রদ্ধাভ্যাং	শ্রদ্ধাভ্যঃ।
ষষ্ঠী	ঙস য়াঃ	ওস্ অচসহয়োঃ	আম্ নাং।
	শ্রদ্ধায়াঃ	শ্রদ্ধয়োঃ	শ্রদ্ধানাং।
সপ্তমী	ঙি য়াং	ওস্ তথা	সুপ সু।
	শ্রদ্ধায়াং	শ্রদ্ধয়োঃ	শ্রদ্ধাসু।

সম্বোধনে সি ত্র, হেশ্রদ্ধে, সমুদয় আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ শ্রদ্ধা শব্দের ন্যায়।

অথ অকারান্তক্লীবলিঙ্গশব্দাঃ।

প্রথমা	সি ং	ঔ এ অচা	জস আনি
	পদ্মং	পদ্মে	পদ্মানি
দ্বিতীয়া	অম্	ঔ এ তথা	শস্ আনি।
	পদ্মং	পদ্মে	পদ্মানি।

তৃতীয়াদিতে পুংলিঙ্গেরন্যায় ইতি।

অথ হ্রস্ব ইকারান্ত ক্লীবলিঙ্গ শব্দাঃ।

প্রথমা	সি লোপ্	ঔ ঈ	জস ঈনি।
	সুসখি	সুসখিনী	সুসখীনি।

	এক বচন	দ্বিবচন	বহুবচন
দ্বিতীয়া	অম্ লোপ্	ঔ ঈ	শস্ ঈনি।
	সুসখি	সুসখিনী	সুসখীনি।

ট[illegible] পুংবৎ, বিভাষয়া

	এক বচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	টা না আ	ভ্যাম্।ং	ভিস ঃ।
	সুসখিনা	সুসখিভ্যাং	সুসখিভিঃ।
	সুসখ্যা	——	——
চতুর্থী	ঙে নে	ভ্যাম্।ং	ভ্যস ঃ
	সুসখিনে এ	সুসখিভ্যাং	সুসখিভ্যঃ।
	সুসখ্যে	——	——
পঞ্চমী	ঙসি নঃ উঃ	ভ্যাম্।ং	ভ্যস্ ঃ।
	সুসখিনঃ	সুসখিভ্যাং	সুসখিভ্যঃ।
	সুসখ্যুঃ	——	——
ষষ্ঠী	ঙস্ নঃউঃ	ওস্ নোঃওঃ	আম্ নাং।
	সুসখিনঃ,	সুসখিনোঃ	সুসখীনাং
	সুসখ্যুঃ	সুসখ্যোঃ	——
সপ্তমী	ঙি নি ঔ	ওস্ নোঃ ওঃ	সুপ ষু
	সুসখিনি	সুসখিনোঃ	সুসখিষু
	সুসখ্যৌ	সুসখ্যোঃ	——

সম্বোধনে হে সুসখি হে সুসখে ইকার স্থানে ত্রস্ব হয় সমুদয়হ্রস্ব ইকারান্ত নপুংসক লিঙ্গ শব্দ সুসখি শব্দের ন্যায় জানিবা।

অথ হ্রস্বইকারান্তাঃ পুংলিঙ্গ শব্দাঃ।

প্রথমা	সি ঃ	ঔ ঈ	জস্ য়ঃ।
	অগ্নিঃ	অগ্নী	অগ্নয়ঃ।
দ্বিতীয়	অম্।ং	ঔ ঈ	শস্ ঈন্।
	অগ্নিং	অগ্নী	অগ্নীন্।

	এক বচন	দ্বিবচন	বহুচবন
তৃতীয়া	টা না	ভ্যাম্ ।ং	ভিস্ ঃ
	অগ্নিনা	অগ্নিভ্যাং	অগ্নিভিঃ
চতুর্থী	ঙে যে অচা	ভ্যা[illegible]	ভ্যস্ঃ।
	অগ্নয়ে	অগ্নিভ্যাং	অগ্নিভ্যঃ।
পঞ্চমী	ঙসি এঃ	ভ্যাম্।ং	ভ্যস্ঃ।
	অগ্নেঃ	অগ্নিভ্যাং	অগ্নিভ্য ঃ
ষষ্ঠী	ঙস্ এঃ	ওস্ অচসহয়োঃ	আম ঈনাং।
	অগ্নেঃ	অগ্ন্যোঃ	অগ্নীনাং।
সপ্তমী	ঙি ঔ	ওস তথা যোঃ	সুপ্ ষু।
	অগ্নৌ	অগ্ন্যো ঃ	অগ্নিষু

সম্বোধনে হে অগ্নে সমুদয় ইকারান্ত পুংলিঙ্গ শব্দ অগ্নি শব্দের ন্যায়।

পুংলিঙ্গ সখি শব্দের বিশেষরূপ হয় তদ্‌যথা।

প্রথমা	সি আ অচা	ঔ আয়ৌ তথা	জস্ আয়ঃ তথা
	সখা	সখায়ৌ	সখায়ঃ।
দ্বিতীয়া	অম্ আয়ং তথা	ঔ আয়ৌ তথা	শস ঈন্।
	সখায়ং	সখায়ৌ	সখীন্।
তৃতীয়া	টা অচ্‌সহয়া	ভ্যাং	ভিস্ঃ।
	সখ্যা	সখিভ্যাং	সখিভিঃ।
চতুর্থী	ঙে তথা য়ে	ভ্যাম্।ং	ভ্যস ।ঃ।
	সখ্যে	সখিভ্যাং	সখিভ্যঃ।
পঞ্চমী	ঙসি অচ্‌সহয়ুঃ	ভ্যাম্।ং	ভ্যস্ঃ।
	সখ্যুঃ	সখিভ্যাং	সখিভ্যঃ
ষষ্ঠী	ঙস্ তথা য়ুঃ	ওস্ য়োঃ তথা	আম্ ঈনাং।
	সখ্যুঃ	সখ্যোঃ	সখীনাং।
সপ্তমী	ঙি য়ৌ তথা	ওস্ য়োঃ তথা	সুপ্ সু।
	সখ্যৌ	সখ্যোঃ	সখিষু

সম্বোধনে হে সখে তৃতীয়াদি বিভক্তি নিমিত্তক স্বামার্থ বাচক পতি শব্দ সখি শব্দের ন্যায়।

অথ হ্রস্বইকারান্ত স্ত্রী লিঙ্গ শব্দাঃ।

	একবচন	দ্বিবচন	বহুবচন।
প্রথমা	সিঃ	ঔ ঈ	জস্ অচা যঃ
	মতিঃ	মতী	মতয়ঃ।
দ্বিতীয়া	অম্।ং	ঔ ঈ	শস্ ঈঃ।
	মতিং	মতী	মতীঃ।
তৃতীয়া	টা য়া অচা	ভ্যাম্।ং	ভিস্ঃ।
	মত্যা	মতিভ্যাং	মতিভিঃ।
চতুর্থী	ঙে ৈয় তথা	ভ্যাম্।ং	ভ্যস ঃ।
	মত্যৈ, মতয়ে,	মতিভ্যাং	মতিভ্যঃ।
পঞ্চমী	ঙসি য়াঃ এঃ তথা	ভ্যাম্।ং	ভ্যস ঃ
	মত্যাঃ, মতেঃ,	মতিভ্যাং	মতিভ্যঃ।
ষষ্ঠী	ঙস য়াঃ এঃ তথা	ওস্ য়োঃ তথা	আম্ ঈনাং
	মত্যাঃ, মতেঃ,	মত্যোঃ	মতীনাং।
সপ্তমী	ঙি য়াং ঔ তথা	ওস্ য়োঃ তথা	সুপ্ষু।
	মত্যাং মতৌ	মত্যোঃ	মতিষু।

সম্বোধনে হে মতে সমুদয়হ্রস্ব ইকারান্ত স্ত্রী লিঙ্গ শব্দ মতি শব্দের ন্যায়।

অথাকারান্ত পুংলিঙ্গ শব্দাঃ।

প্রথমা	সিঃ	ঔ	জস্ঃ।
	হাহাঃ	হাহৌ	হাহাঃ।
দ্বিতীয়া	অম্।ং	ঔ	শস্ঃ অচা
	হাহাং	হাহৌ	হাহঃ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	টা আ	ভ্যাম্ ।ং	ভিস ঃ
	হাহা	হাহাভ্যাং	হাহাভিঃ।
চতুর্থী	ঙে এ	ভ্যাম্।ং	ভ্যস ঃ।
	হাহে	হাহাভ্যাং	হাহাভ্যঃ।
পঞ্চমী	ঙসি অঃ	ভ্যাম।ং	ভ্যস ঃ।
	হাহঃ	হাহাভ্যাং	হাহাভ্যঃ।
ষষ্ঠী	ঙস্ অঃ	ওস্ ওঃ	আম ।ং।
	হাহঃ	হাহোঃ	হাহাং।
সপ্তমী	ঙি ই	ওস্ ওঃ	সুপ সু।
	হাহি	হাহাঃ	হাহাসু।

সম্বোধনে হাহাঃ সমুদয় আকারান্ত পুং লিঙ্গ শব্দ হাহা শব্দের ন্যায়।

অথ দীর্ঘ ঈকারান্ত পুং লিঙ্গ শব্দাঃ।

প্রথমা	সি ঃ	ঔ যৌ অচা	জস্ যঃ।
	সেনানীঃ	সেনান্যৌ	সেনান্যঃ।
দ্বিতীয়া	অম্ যং অচা	ঔ যৌ তথা	শস্ যঃ তথা।
	সেনান্যং	সেনান্যৌ	সেনান্যঃ।
তৃতীয়া	টা যা তথা	ভ্যাম্ ।ং	ভিস্ঃ।
	সেনান্যা	সেনানীভ্যাং	সেনানীভিঃ।
চতুর্থী	ঙে যে তথা	ভ্যাম্।ং	ভ্যসঃ।
	সেনান্যে	সেনানীভ্যাং	সেনানীভ্যঃ
পঞ্চমী	ঙসি য়ঃ তথা	ভ্যাম্ ।ং	ভ্যস্ঃ
	সেনান্যঃ	সেনানীভ্যাং	সেনানীভ্যঃ
ষষ্ঠী	ঙস যঃ তথা	ওস্ যোঃ তথা	আম্ য়াং তথা
	সেনান্যঃ	সেনান্যোঃ	সেনান্যাং
সপ্তমী	ঙি য়াং তথা	ওস য়োঃ তথা	সুপ ষু

সেনান্যাং	সেনান্যোঃ	সেনানীষু

সম্বোধনে হে সেনানীঃ প্রায় দীর্ঘ ঈ কারান্ত পুং লিঙ্গ শব্দ সেনানী শব্দের ন্যায়।

নীশব্দাদিতে বিশেষ রূপ হয় স্বরে পরে ঈকার হ্রস্ব হয়।

প্রথমা	সিঃ	ঔ য়ৌ	জস য়ঃ
	নীঃ	নিয়ৌ	নিয়ঃ
দ্বিতীয়া	অম্ য়ং	ঔ যৌ	শস য়ঃ
	নিয়ং	নিয়ৌ	নিয়ঃ
তৃতীয়া	টা যা	ভ্যাম্।০	ভিস্ ঃ
	নিয়া	নীভ্যাং	নীভিঃ
চতুর্থী	ঙে য়ে	ভ্যাম্ ।০	ভ্যস ঃ
	নিয়ে	নীভ্যাং	নীভ্যঃ
পঞ্চমী	ঙসি য়ঃ	ভ্যাম্ .০	ভ্যস ঃ
	নিয়ঃ	নীভ্যাং	নীভ্যঃ
ষষ্ঠী	ঙস্ য়ঃ	ওস য়োঃ	আম্ য়াং
	নিয়ঃ	নিয়োঃ	নিয়াং
সপ্তমী	ঙি য়াং	ওস য়োঃ	সুপ ষ
	নিয়াং	নিয়োঃ	নীষু

সম্বোধনে হেনীঃ এই প্রকার সুধী কুধী বিমলধী প্রভৃতি শব্দ ইতি।

অথ দীর্ঘ ঈ কারান্ত স্ত্রীলিঙ্গশব্দাঃ।

প্রথমা	সি লোপ	ঔ য়ৌ অচা	জস য়ঃ
	নদী	নদ্যৌ	নদ্যঃ।
দ্বিতীয়া	অম ং	ঔ য়ৌ	শস ঃ।
	নদীং	নদ্যৌ	নদীঃ
তৃতীয়া	টা য়া	ভ্যাম্.ং	ভিস ঃ।
	নদ্যা	নদীভ্যাং	নদীভিঃ।

	এক বচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	ঙে র্যৈ	ভ্যাম্ ।৹	ভ্যস ঃ।
	নদ্যৈ	নদীভ্যাং	নদীভ্যঃ।
পঞ্চমী	ঙসি যাঃ	ভ্যাম্ ।৹	ভ্যস ঃ।
	নদ্যাঃ	নদীভ্যাং	নদীভ্যঃ।
ষষ্ঠী	ঙস য়াঃ	ওস্ য়োঃ	আম্ নাং।
	নদ্যাঃ	নদ্যোঃ	নদীনাং।
সপ্তমী	ঙি য়াং	ওস য়োঃ	সুপ ষু।
	নদ্যাং	নদ্যোঃ	নদীষু।

সংবোধনে হেনদি প্রায় দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ নদী শব্দের ন্যায়।

স্ত্রীশব্দাদৌ বিশেষ এই আমবর্জ্জিত স্বরে পরে হ্রস্ব হয় শসে রূপদ্বয়।

প্রথমা	সি লোপ	ঔ যৌ	জস য়ঃ
	স্ত্রী	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ।
দ্বিতীয়া	অম য়ংবা	ঔ যৌ	শস যঃবা
	স্ত্রিয়ং স্ত্রীং	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ স্ত্রীঃ
তৃতীয়া	টা য়া	ভ্যামং	ভিস ঃ।
	স্ত্রিয়া	স্ত্রীভ্যাং	স্ত্রীভিঃ।
চতুর্থী	ঙে র্যৈ	ভ্যাম্ং	ভ্যস ঃ।
	স্ত্রিয়ৈ	স্ত্রীভ্যাং	স্ত্রীভ্যঃ।
পঞ্চমী	ঙসি য়াঃ	ভ্যাম্ং	ভ্যস্ঃ
	স্ত্রিয়াঃ	স্ত্রীভ্যাং	স্ত্রীভ্যঃ
ষষ্ঠী	ঙস্ য়াঃ	ওস্ য়োঃ	আম্ ণাং
	স্ত্রিয়াঃ	স্ত্রিয়োঃ	স্ত্রীণাং
সপ্তমী	ঙি য়াং	ওস্ য়োঃ	সুপ ষু
	স্ত্রিয়াং	স্ত্রিয়োঃ	স্ত্রীষু

সম্বোধনে হে স্ত্রি।

স্ত্রীশব্দাদের্বিশেষো যথা।

প্রথমা	সি ঃ	ঔ ঈস হুইষৌ	জস্ঐ যঃ
	শ্রীঃ	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
দ্বিতীয়া	অম্ ঐ য়ং	ঔ ঐ য়ৌ	শসঐ য়ঃ
	শ্রিয়ং	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
তৃতীয়া	টা ঐ যা	ভ্যাম্ ং	ভিস ঃ
	শ্রিয়া	শ্রীভ্যাং	শ্রীভিঃ
চতুর্থী	ঙেযৈ য়ে	ভ্যাম্ ং	ভ্যস্ ঃ
	শ্রিয়ৈ শ্রিয়ে	শ্রীভ্যাং	শ্রীভ্যঃ
পঞ্চমী	ঙসি যাঃ যঃ	ভ্যাম ।০	ভ্যস্ ঃ
	শ্রিয়াঃ শ্রিয়ঃ	শ্রীভ্যাং	শ্রীভ্যঃ
ষষ্ঠী	ঙস্ ষাঃ যঃ	ওস্ য়োঃ	আম্য়াংণাং
	শ্রিয়াঃ শ্রিযঃ	শ্রিয়োঃ	শ্রিয়াং শ্রীণাং
সপ্তমী	ঙিয়াং য়ি	ওস য়োঃ	সুপ ষু
	শ্রিয়াং শ্রিযি	শ্রিয়োঃ	শ্রীষু

সম্বোধনে হেশ্রীঃ।

অথ হ্রস্বউকারান্ত পুংলিঙ্গ শব্দাঃ।

প্রথমা	সি ঃ	ঔ ঊ	জস্ অবঃ অচা
	পটুঃ	পটূ	পটবঃ।
দ্বিতীয়া	অম্ ং	ঔ ঊ	শস্ ঊন্।
	পটুং	পটূ	পটূন্।
তৃতীয়া	টা না	ভ্যাম ং	ভিস ঃ।
	পটুনা	পটুভ্যাং	পটুভিঃ।
পঞ্চমী	ঙসি ওঃ	ভ্যাম্ ং	ভ্যস্ঃ।
	পটোঃ	পটুভ্যাং	পটুভ্যঃ।
ষষ্ঠী	ঙস ওঃ	ওস্ উসহবোঃ	আম ঊনাং।
	পটোঃ	পট্বোঃ	পটূনাং।

	এক বচন	দ্বিবচন	বহুবচন।
সপ্তমী	ঙি ঊ সহঔ	ওস্ তথাবোঃ	সুপ ষু।
	পটৌ	পট্বোঃ	পটুষু।

সম্বোধনে হে পটো।

প্রায় হ্রস্বউকারন্ত পুংলিঙ্গ পটু শব্দেরন্যায়। স্ত্রীলিঙ্গিতে ঈ প্রত্যয় পক্ষে পট্বীশব্দ নদীশব্দবৎ ঙেঙসিঙস্ ঙি এই চারিবিভক্তি নিমিত্তক বিশেষ রূপ হয় যথা।

চতুর্থী	ঙে ঐ অবে	ভ্যাম্ং	ভ্যস ঃ।
	পট্বৈ পটবে	পটুভ্যাং	পটুভ্যঃ।
পঞ্চমী	ঙসি ব্যাঃ ওঃ	ভ্যাম্ং	ভ্যস্ ঃ।
	পট্ব্যাঃ পটোঃ	পটুভ্যাং	পটুভ্যঃ।
ষষ্ঠী	ঙস ব্যাঃ ওঃ	ওস্ বোঃ	আম্উনাং।
	পট্ব্যাঃ পটোঃ	পট্বোঃ	পটূনাং।
সপ্তমী	ঙি ব্যাং ঔ	ওস বোঃ	সুপ ষু।
	পট্ব্যাং পটৌ	পট্বোঃ	পটুষু।

অথ হ্রস্বউকারান্ত স্ত্রীলিঙ্গশব্দাঃ।

প্রথমা	সি ঃ	ঔ ঊ	জস অবঃ অচা
	ধেনুঃ	ধেনূ	ধেনবঃ
দ্বিতীয়া	অম্ ং	ঔ ঊ	শস ঊঃ
	ধেনুং	ধেনূ	ধেনূঃ
তৃতীয়া	টা বা	ভ্যাম ং	ভিস্ ঃ
	ধেন্বা	ধেনুভ্যাং	ধেনুভিঃ
চতুর্থী	ঙে ঐ অবে	ভ্যাম্ ং	ভ্যস্ ঃ
	ধেন্বৈ ধেনবে	ধেনুভ্যাং	ধেনুভ্যঃ
পঞ্চমী	ঙসি আঃ ওঃ	ভ্যামং	ভ্যস্ ঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন।
	ধেন্বাঃ ধেনোঃ	ধেনুভ্যাং	ধেনুভ্যঃ
ষষ্ঠী	ঙস্ আস্ ঙঃ	ওস বোঃ	আম্ উনাং
	ধেন্বাঃ ধেনোঃ	ধেন্বোঃ	ধেনূনাং
সপ্তমী	ঙি আম্ ঔ	ওস্ বোঃ	সুপ ষু
	ধেন্বাং ধেনৌ	ধেন্বোঃ	ধেনুষু

সম্বোধনে হে ধেনো।

প্রায় স্ত্রীলিঙ্গ হ্রস্বউকারান্ত শব্দ ধেনু শব্দের ন্যায়।

অথ হ্রস্বউকারান্ত ক্লীবলিঙ্গ শব্দাঃ।

প্রথমা	সিলোপ্	ঔ নী	জস্ উনি
	মধু	মধুনী	মধূনি
দ্বিতীয়া	অম্ ঐ	ঔ নী	শস্ উনি
	মধু	মধুনী	মধূনি
তৃতীয়া	টা না	ভ্যাম্ং	ভিস্ঃ
	মধুনা	মধুভ্যাং	মধুভিঃ
চতুর্থী	ঙে নে	ভ্যাম্ং	ভ্যস্ঃ
	মধুনে	মধুভ্যাং	মধুভ্যঃ
পঞ্চমী	ঙসি নঃ	ভ্যাম্ং	ভ্যস্ঃ
	মধুনঃ	মধুভ্যাং	মধুভ্যঃ
ষষ্ঠী	ঙস নঃ	ওস্ নোঃ	আম্ নাং
	মধুনঃ	মধুনোঃ	মধূনাং
সপ্তমী	ঙি নি	ওস্ নোঃ	সুপ ষু
	মধুনি	মধুনোঃ	মধুষু

সম্বোধনে হে মধু।

সমদয় হ্রস্বউকারন্ত নপুংসক লিঙ্গ শব্দ মধু শব্দেরন্যায়।

অথ দীর্ঘান্তউকারান্তপুংলিঙ্গ শব্দ রূপাণি ।

প্রথমা	সিঃ	ঔ বৌ	জস্ বঃ ।
	ভূঃ	বৌ	বঃ ।
দ্বিতীয়া	অম ং	ঔ বৌ	শস ।
	ভূং	বৌ	ভূঃ নদীগ্রহণাৎ
তৃতীয়া	টা বা	ভ্যাম্ ং	ভিস ঃ ।
	বা	ভূভ্যাং	ভূভিঃ ।
চতুর্থী	ঙে বে	ভ্যাম্ ং	ভ্যস ঃ ।
	বে	ভূভ্যাম্	ভূভ্যঃ ।
পঞ্চমী	ঙসি বঃ	ভ্যাম্ ং	ভ্যস্ ঃ ।
	বঃ	ভূভ্যাং	ভূভ্যঃ ।
ষষ্ঠী	ঙস্ বঃ	ওস্ বোঃ	আম্ বাং
	বঃ	বোঃ	বাং ।
সপ্তমী	ঙি বি	ওস্ বোঃ	সুপ ষু ।
	বি	বোঃ	ভূষু ।

সম্বোধনে হেভূঃ ।

দীর্ঘান্ত উকারান্ত পুংলিঙ্গ স্বয়ম্ভূশব্দের বিশেষ রূপ ।

প্রথমা	সিঃ	ঔ উবৌ	জস্উবঃ ।
	স্বয়ম্ভূঃ	স্বয়ম্ভুবৌ	স্বয়ম্ভুবঃ ।
দ্বিতীয়া	অম্ উবং	ঔ উবৌ	শস উবঃ
	স্বয়ম্ভুবং	স্বয়ম্ভুবৌ	স্বয়ম্ভুবঃ
তৃতীয়া	টা উবা	ভ্যাম্ ং	ভিস ঃ
	স্বয়ম্ভুবা	স্বয়ম্ভূভ্যাং	স্বয়ম্ভূভিঃ
চতুর্থী	ঙে উবে	ভ্যাম্ ং	ভ্যস্ ঃ
	স্বয়ম্ভুবে	স্বয়ম্ভূভ্যাং	স্বয়ম্ভূভ্যঃ .

	একবচন	দ্বিবচন	বহুবচ·
পঞ্চমী	ঙসি উবঃ	ভ্যাম্ ।০	ভ্যস ঃ
	স্বয়ম্ভুবঃ	স্বয়ম্ভুভ্যাং	স্বয়ম্ভূভ্যঃ
ষষ্ঠী	ঙস্ উবঃ	ওস উবোঃ	আম্‌উবাং
	স্বয়ম্ভুবঃ	স্বয়ম্ভুবোঃ	স্বয়ম্ভুবাং
সপ্তমী	ঙি উবি	ওস্‌উবোঃ	সুপ ষু
	স্বয়ম্ভুবি	স্বয়ম্ভুবোঃ	স্বয়ম্ভূষু

সম্বোধনে হেস্বয়ম্ভূঃ।

অথ দীর্ঘউকারন্ত স্ত্রীলিঙ্গ শব্দ রূপাণি ।

প্রথমা	সিঃ	ঔ ঊসহ বৌ	জসঐবঃ
	বধূঃ	বধ্বৌ	বধ্বঃ
দ্বিতীয়া	অম্ ং	ঔ ঐ বৌ	শস ঊঃ
	বধূং	বধ্বৌ	বধূঃ
তৃতীয়া	টা ঐ বা	ভ্যাম্ ।০	ভিস ঃ
	বধ্বা	বধূভ্যাং	বধূভিঃ
চতুর্থী	ঙে ঐ	ভ্যাম্ ং	ভ্যস ঃ
	বধ্বৈ	বধূভ্যাং	বধূভ্যঃ
পঞ্চমী	ঙসি আঃ	ভ্যাম্ ং	ভ্যস্ ঃ
	বধ্বাঃ	বধূভ্যাং	বধূভ্যঃ
ষষ্ঠী	ঙস আঃ	ওস ওঃ	আম্ নাং
	বধ্বাঃ	বধ্বোঃ	বধূনাং
সপ্তমী	ঙি আম্	ওস ওঃ	সুপ ষু
	বধ্বাং	বধ্বোঃ	বধূষু

সম্বোধনে হে বধু।

প্রায় দীর্ঘউকারন্ত স্ত্রীলিঙ্গ শব্দ বধূ শব্দেরন্যায়।

ভ্রূশব্দাদিতে বিশেষরূপ হয় যথা।

প্রথমা	সি ঃ	ঔ উবৌ উসহ	জস উবঃ।
	ভ্রূঃ	ভ্রুবৌ	ভ্রুবঃ।
দ্বিতীয়া	অম্‌উবং	ঔ উবৌ	শস উবঃ।
	ভ্রুবং	ভ্রুবৌ	ভ্রুবঃ।
তৃতীয়া	টা উবা	ভ্যাম্‌ ।০	ভিস ঃ।
	ভ্রুবা	ভ্রূভ্যাং	ভ্রূভিঃ।
চতুর্থী	ঙে উবৈউবে	ভ্যাম্‌ ।০	ভ্যস ঃ।
	ভ্রুবৈ ভ্রুবে	ভ্রূভ্যাং	ভ্রূভ্যঃ।
পঞ্চমী	ঙসি উবাঃ উবঃ	ভ্যাম্‌ ।০	ভ্যস ঃ।
	ভ্রুবাঃ ভ্রুবঃ	ভ্রূভ্যাং	ভ্রূভ্যঃ।
ষষ্ঠী	ঙস উবাঃ উবঃ	ওস উবোঃ	আমউবাংণাং
	ভ্রুবাঃ ভ্রুবঃ	ভ্রুবোঃ	ভ্রুবাং ভ্রূণাং।
সপ্তমী	ঙি উবাংউবি	ওস্‌ উবোঃ	সুপ ষু।
	ভ্রুবাং ভ্রুবি	ভ্রুবোঃ	ভ্রূষু

সম্বোধনে হেভ্রূঃ।

অথ ঋকারান্ত শব্দ রূপাণি তত্র পুংলিঙ্গ রূপাণি।

প্রথমা	সিআ ঋসহ	ঔঅরৌ	জস অরঃ।
	পিতা	পিতরৌ	পিতরঃ।
দ্বিতীয়া	অস্‌অরং	ঔঅরৌ	শস ঋন্‌।
	পিতরং	পিতরৌ	পিতৄন্‌।
তৃতীয়া	টা	ভ্যাম্‌ ং	ভিস্‌ ঃ।
	পিত্রা	পিতৃভ্যাং	পিতৃভিঃ।
চতুর্থী	ঙে	ভ্যাম্‌ ।০	ভ্যস ঃ
	পিত্রে	পিতৃভ্যাং	পিতৃভ্যঃ
পঞ্চমী	ঙসি উঃ	ভ্যাম্‌ ং	ভ্যস ঃ
	পিতুঃ	পিতৃভ্যাং	পিতৃভ্যঃ

	এক বচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	ঙস্ উঃ	ওস্	আম্ ণাং
	পিতুঃ	পিত্রোঃ	পিতৃণাং
সপ্তমী	ঙি রি	ওস্	স্থুপ ষু
	পিতরি	পিত্রোঃ	পিতৃষু

সম্বোধনে হে পিতঃ।

প্রায় হ্রস্বঋকারান্ত পুংলিঙ্গ শব্দ এই প্রকার সাধিত হয় স্ত্রীলিঙ্গ মাতৃ শব্দ পিতৃশব্দেরন্যায় কিন্তু দ্বিতীয়ার বহুবচন নিমিত্তক মাতৄঃ ইত্যাকার পদ হয়।

কর্ত্তৃশব্দের বিশেষ যথা।

প্রথমা	সি ঋসহআ	ঔ আরৌ	জস আরঃ
	কর্ত্তা	কর্ত্তারৌ	কর্ত্তারঃ
দ্বিতীয়া	অম্ আরং	ঔ আরৌ	শস্ ঋন্
	কর্ত্তারং	কর্ত্তারৌ	কর্ত্তৄন্
তৃতীয়া	টা রা	ভ্যাম্ ।ং	ভিস ঃ
	কর্ত্রা	কর্ত্তৃভ্যাং	কর্ত্তৃভিঃ
চতুর্থী	ঙে রে	ভ্যাম্ ।ং	ভ্যসঃ
	কর্ত্রে	কর্ত্তৃভ্যাং	কর্ত্তৃভ্যঃ
পঞ্চমী	ঙসি উঃ	ভ্যাম্ ।ং	ভ্যস্ ঃ
	কর্ত্তুঃ	কর্ত্তৃভ্যাং	কর্ত্তৃভ্যঃ
ষষ্ঠী	ঙস উঃ	ওস	আম্ ণাং ঋদীর্ঘ
	কর্ত্তুঃ	কর্ত্রোঃ	কর্ত্তৄণাং
সপ্তমী	ঙি অরি	ওস্ ঃ	সুপ ষু
	কর্ত্তরি	কর্ত্রোঃ	কর্ত্তৃষু

সম্বোধনে হেকর্ত্তঃ।

এই প্রকার স্বসৃ নপ্তৃ নেষ্টৃ স্রষ্টৃ ক্ষেতৃ হোতৃ পোতৃ প্রশস্তৃ প্রভৃতি হ্রস্বঋকারান্ত পুংলিঙ্গ শব্দ কর্ত্তৃশব্দেরন্যায় স্ত্রীলিঙ্গে ঈপ্রত্যয় হইয়া কর্ত্রী ইত্যাকার শব্দ হয় তাহার পদ নদী শব্দেরন্যায় জানিবা।

নপুংসকলিঙ্গে যথা।

প্রথমা	সি	ঔ নী	জস নি ঋদীর্ঘ।
	কর্ত্তৃ	কর্ত্তৃণী	কর্ত্তৄণি।
দ্বিতীয়া	অম্	ঔ নী	শস নি ॥
	কর্ত্তৃ	কর্ত্তৃণী	কর্ত্তৄণি।
তৃতীয়া	টা না আ	ভ্যাম্ ।ং	ভিস ঃ।
	কর্ত্তৃণা কর্ত্রা	কর্ত্তৃভ্যাং	কর্ত্তৃভিঃ।
চতুর্থী	ঙে ণে রে	ভ্যাম্ ।ং	ভ্যস ঃ।
	কর্ত্তৃণে কর্ত্রে	কর্ত্তৃভ্যাং	কর্ত্তৃভ্যঃ।
পঞ্চমী	ঙসি ণঃ উঃ	ভ্যাম ।ং	ভ্যসঃ।
	কর্ত্তৃণঃকর্ত্তুঃ	কর্ত্তৃভ্যাং	কর্ত্তৃভ্যঃ।
ষষ্ঠী	ঙস ণঃউঃ	ওস ণোঃ ওঃ	আম ণাং ঋদীর্ঘ
	কর্ত্তৃণঃ কর্ত্তুঃ	কর্ত্তৃণোঃকর্ত্রোঃ	কর্ত্তৄণাং।
সপ্তমী	ঙি নি রি	ওস ণোঃ ওঃ	সুপষু।
	কর্ত্তৃণি কর্ত্তরি	কর্ত্তৃণোঃ কর্ত্রোঃ	কর্ত্তৃষু।

সম্বোধনে হে কর্ত্তৃ।

দীর্ঘঋকারাদির প্রয়োগ কৃচিৎ প্রাপ্ত বিধায় লিখা গেল না।

অথ ওকারান্তাঃ।

প্রথমা	সি ওসহ ঔঃ	ঔ আবৌ	জস আবঃ
	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	অম্ আং	ঔ আবৌ	শস্ আঃ
	গাং	গাবৌ	গাঃ
তৃতীয়া	টা রা	ভ্যাম্ ।ং	ভিস ঃ
	গবা	গোভ্যাং	গোভ্যঃ
চতুর্থী	ঙে বে	ভ্যাম্ ।ং	ভ্যস ঃ
	গবে	গোভ্যাং	গোভ্যঃ

পঞ্চমী	ঙসি ওঃ	ভ্যাম্ ।ং	ভ্যস ঃ
	গোঃ	গোভ্যাং	গোভ্যঃ
ষষ্ঠী	ঙস ওঃ	ওস অবোঃ	আম্ বাং
	গোঃ	গবোঃ	গবাং
সপ্তমী	ঙি অবি	ওস অবোঃ	সুপ ষু
	গবি	গবোঃ	গোষু

সম্বোধনে হেগোঃ।

অথ ঔকারান্তাঃ।

স্বরে ঔসহকার্য্য।

প্রথমা	সি ঃ	ঔ আবৌ	জস আবঃ
	গ্লৌঃ	গ্লাবৌ	গ্লাবঃ
দ্বিতীয়া	অম্ আবং	ঔ আবৌ	শস আবঃ
	গ্লাবং	গ্লাবৌ	গ্লাবঃ
তৃতীয়া	টাআবা	ভ্যাম্ ।ং	ভিস ঃ
	গ্লাবা	গ্লৌভ্যাং	গ্লৌভিঃ
চতুর্থী	ঙে আবে	ভ্যাম্ ।ং	ভ্যস্ ঃ
	গ্লাবে	গ্লৌভ্যাং	গ্লৌভ্যঃ
পঞ্চমী	ঙসি আবঃ	ভ্যাম ।ং	ভ্যস্ ঃ
	গ্লাবঃ	গ্লৌভ্যাং	গ্লৌভ্যঃ
ষষ্ঠী	ঙস আবঃ	ওস্ আবোঃ	আম্ আবাং
	গ্লাবঃ	গ্লাবোঃ	গ্লাবাং
সপ্তমী	ঙি আবি	ওস আবোঃ	সুপ ষু
	গ্লাবি	গ্লাবোঃ	গ্লৌষু

সম্বোধনে হে গ্লৌঃ।

অথ কান্তাঃ।

প্রথমা	সি কগ ক্কগ্গ	ঔ	জস্।
	বৃন্দারক		
	বৃন্দারগ		
	বৃন্দারক্ক	বৃন্দারকৌ	বৃন্দারকঃ
	বৃন্দারগগ		
দ্বিতীয়া	অম্	ঔ	শস্।
	বৃন্দারকং	বৃন্দারকৌ	বৃন্দারকঃ।
তৃতীয়া	টা আ	ভ্যাম্।ং	ভিস্ঃ।
	বৃন্দারকা	বৃন্দারগ্ভ্যাং	বৃন্দারগ্ভিঃ।
চতুর্থী	ঙে	ভ্যাম্।ং	ভ্যস ঃ।
	বৃন্দারকে	বৃন্দারগ্ভ্যাং	বৃন্দারগ্ভ্যঃ।
পঞ্চমী	ঙসি	ভ্যাম্।ং	ভ্যস্ঃ।
	বৃন্দারকঃ	বৃন্দারগভ্যাং	বৃন্দারগ্ভ্যঃ।
ষষ্ঠী	ঙ স্	ওস্	আম্।
	বৃন্দারকঃ	বৃন্দারকোঃ	বৃন্দারকাং।
সপ্তমী	ঙি	ওস্	সুপ।
	বৃন্দারকি	বৃন্দারকোঃ	বৃন্দারক্ষু

সম্বোধনে হে বৃন্দারক্ হে বৃন্দারগ্ হে বৃন্দারকক হে বৃন্দারগগ।

অথ খান্তাঃ।

প্রথমা	সি ক গ কক গগ	ঔ	জসঃ
	চিত্রলিক		
	চিত্রলিগ		
	চিত্রলিক্ক	চিত্রলিখৌ	চিত্রলিখঃ।
	চিত্রলিগগ		

দ্বিতীয়া	অম্	ঔ	শস্ ঃ
	চিত্রলিখং	চিত্রলিখৌ	চিত্রলিখঃ
তৃতীয়া	টা আ	ভ্যাম্ ।ং	ভিস্ ঃ
	চিত্রলিখা	চিত্রলিগ্ভ্যাং	চিত্রলিগ্ভিঃ
চতুর্থী	ঙে এ	ভ্যাম্ ।ং	ভ্যস ঃ
	চিত্রলিখে	চিত্রলিগভ্যাং	চিত্রলিগ্ভ্যঃ
পঞ্চমী	ঙসি ঃ	ভ্যাম্ ।ং	ভ্যস ঃ
	চিত্রলিখঃ	চিত্রলিগভ্যাং	চিত্রলিগভ্যঃ
ষষ্ঠী	ঙস ঃ	ওস ওঃ	আমং
	চিত্রলিখঃ	চিত্রলিখোঃ	চিত্রলিখাং
সপ্তমী	ঙি	ওস্ ওঃ	সুপ ষু
	চিত্রলিখি	চিত্রলিখোঃ	চিত্রলিকস্মু ষ
			চিত্রলিখষু

সম্বোধনে হেচিত্রলিক্ হেচিত্রলিগ হেচিত্রলিক্ক হেচিত্রলিগ্গ।

এই প্রকার অন্যখান্ত শব্দ জানিবা ইতি।

অথ গান্তাঃ।

প্রথম	সি গ ক গ্গ ক্ক	ঔ	জস ঃ
	অক অগ অক্ক অগ্গ,	অগৌ	অগঃ
দ্বিতীয়া	অম্ ং	ঔ	শস ঃ
	অগং	অগৌ	অগঃ
তৃতীয়া	টা আ	ভ্যাম্ ং	ভিস্ ঃ
	অগা	অগ্ভ্যাং	অগি্ভঃ
চতুর্থী	ঙে	ভ্যাম্ং	ভ্যস ঃ
	অগে	অগ্ভ্যাং	অগ্ভ্যঃ
পঞ্চমী	ঙসি	ভ্যাম্ ং	ভ্যস ঃ
	অগঃ	অগভ্যাং	অগভ্যঃ

ষষ্ঠী	ঙস	ওস ও ঃ	আম্ ।০
	গঅঃ	অগোঃ	অগাং
সপ্তমী	ঙি	ওস ওঃ	সুপ সুষু
	অগি	অগোঃ	অকষু
			অখষু

সম্বোধনে হেঅক্ হে অগ হেঅক্ক হেঅগ্গ।
এই প্রকার অন্য গান্ত শব্দ জানিবা ইতি।

অথ ঘান্তাঃ।

প্রথমা	সি ক গ ক্ক গগ	ঔ	জস ঃ।
	অক অগ অক্ক অগগ	অঘৌ	অঘঃ।
দ্বিতীয়া	অম্ ং	ঔ	শস ঃ।
	অঘং	অঘৌ	অঘঃ।
তৃতীয়া	টা আ	ভ্যাম্ ।ং	ভিস ঃ।
	অঘা	অগ্ভ্যাং	অগ্ভ্যঃ।
চতুর্থী	ঙে	ভ্যাম্ ।ং	ভ্যস ঃ।
	অঘে	অগ্ভ্যাং	অগ্ভ্যঃ।
পঞ্চমী	ঙসি	ভ্যাম্ ।ং	ভ্যস ঃ।
	অঘঃ	অগ্ভ্যাং	অগ্ভ্যঃ।
ষষ্ঠী	ঙস	ওস ও ঃ	আম্ ং।
	অঘঃ	অঘোঃ	অঘাং।
সপ্তমী	ঙসি	ভ্যাম্ ।ং	ভ্যস ঃ।
	অঘি	অঘোঃ	অকষু অঘক্ষু।

সম্বোধনে হেঅক হে অগ হে অকক হে অগগ।
এই প্রকার অন্যঘান্ত শব্দজানিবা ইতি॥

অথ ঙান্তাঃ।

প্রথমা	সি	ঔ	জসঃ।
	অঙ	অঙৌ	অঙঃ।

দ্বিতীয়া	অম্ ং	ঔ	শসঃ
	অঙং	অঙৌ	অঙঃ
তৃতীয়া	টা আ	ভ্যাম্।ং	ভিস ঃ
	অঙা	অঙভ্যাং	অঙ্ভিঃ
চতুর্থী	ঙে এ	ভ্যাম্।ং	ভ্যস ঃ
	অঙে	অঙভ্যাং	অঙভ্যঃ
পঞ্চমী	ঙসি	ভ্যাম্ ।ং	ভ্যসঃ
	অঙঃ	অঙভ্যাং	অঙভ্যঃ
ষষ্ঠী	ঙস	ওস ওঃ	আম্ ং
	অঙঃ	অঙোঃ	অঙাং
সপ্তমী	ঙি	ওস ওঃ	সুপ ষু
	অঙি	অঙোঃ	অঙষু

সম্বোধনে হেঅঙ্ ।

অথ চান্তাঃ ।

প্রথমা	সি,ক,গ,ক্ক,গগ	ঔ	জস ঃ
	{ বাক বাগ বাক্ক বাগ্গ	বাচৌ	বাচঃ
দ্বিতীয়া	অম্ ং	ঔ	শসঃ
	বাচং	বাচৌ	বাচঃ
তৃতীয়া	টাআ	ভ্যাম্ ং	ভিস ঃ
	বাচা	বাগ্ভ্যাং	বাগ্ভিঃ
চতুর্থী	ঙে	ভ্যাম্ ং	ভ্যসঃ
	বাচে	বাগ্ভ্যাং	বাগ্ভ্যঃ
পঞ্চমী	ঙসি	ভ্যাম্ ং	ভ্যস ঃ
	বাচঃ	বাগ্ভ্যাং	বাগ্ভ্যঃ

ষষ্ঠী	ঙস্	ওস ওঃ	আম্ ং
	বাচঃ	বাচোঃ	বাচাং
সপ্তমী	ঙি	ওস ওঃ	সুপস্কুষু।
	বাচি	বাচোঃ	বাক্ষু বাখষু।

সম্বোধনে হেবাক্ হেবাগ্ হেবাক্ক হেবাগগ।

এই প্রকার অন্যচান্ত শব্দ কিন্তু হৃদভিন্ন হইলে গত্বহইবেনা ইতি ।।

অথ ছান্তাঃ।

প্রথম	সি ট্ড্	ঔ শৌ	জস শঃ।
	গোবিট্ গোবিড়্ গোবিট্ট গোবিড্ড	গোবিছৌ গোবিশৌ	গোবিছঃ। গোবিশঃ।
দ্বিতীয়া	অম্ংঐ	ঔ ঐ	শস শঃ।
	গোবিছং গোবিশং	গোবিছৌ গোবিশৌ	গোবিছঃ। গোবিশঃ।
তৃতীয়া	টাঐ	ভ্যাম্ং	ভিস ঃ।
	গোবিছা গোবিশা	গোবিডভ্যাং	গোবিড়িভঃ।
চতুর্থী	ঙেঐ	ভ্যাম্ং	ভ্যস ঃ।
	গোবিছে গোবিশে	গোবিড্ভ্যাং	গোবিড্ভ্যঃ।
পঞ্চমী	ঙসি ঐ	ভ্যাম্ ।ং	ভ্যস ঃ।
	গোবিছঃ গোবিশঃ	গোবিড্ভ্যাং	গোবিড়ভ্যঃ।
ষষ্ঠী	ঙসঐ	ওস্ ঐ	আম্ঐ।
	গোবিছঃ গোবিশঃ	গোবিছোঃ গোবিশোঃ	গোবিছাং। গোবিশাং

সপ্তমী	ঙি ঐ	ওস ঐ	সুপ মু
	গোবিড্ডি	গোবিড্ডোঃ	গোবিটষ্
	গোবিশি	গোবিশোঃ	গোবিঠমু

সংম্বোধনে হেগোবিট হেগোবিড হেগোবিটট হে গোবিডড এইপ্রকার অন্যছান্তশব্দ ॥

অথ জান্তাঃ ।

প্রথমা	সি ক গ কক গগ ,, ঔ		জস ঃ
	সাধুমক্ সাধুমগ্		
	সাধুমকক সাধুমগগ	সাধুমজ্জৌ	সাধুমজ্জঃ
দ্বিতীয়া	অম্ ং	ঔ	শস ঃ
	সাধুমজ্জং	সাধুমজ্জৌ	সাধুমজ্জঃ
তৃতীয়া	টা আ	ভ্যাম ং	ভিস্ ঃ
	সাধু মজ্জা	সাধুমগ্ভ্যাং	সাধুমগ্ভিঃ
চতুর্থী	ঙে	ভ্যাম ং	ভ্যস ঃ
	সাধুমজ্জে	সাধুমগ্ভ্যাং	সাধুমগ্ভ্যঃ
পঞ্চমী	ঙসি	ভ্যাম্ ং	ভ্যস ঃ
	সাধুমজ্জঃ	সাধুমগ্ভ্যাং	সাধুমগভ্যঃ
ষষ্ঠী	ঙস্	ওস্ ওঃ	আম্ ং
	সাধুমজ্জঃ	সাধুমজ্জোঃ	সাধুমজ্জাং
সপ্তমী	ঙি	ওস ওঃ	সুপ্ ক্ষু মু
	সাধুমজ্জি	সাধুমজ্জোঃ	সাধুমক্ষু সাধু মথমু

সম্বোধনে হে সাধুমক্ হে সাধুমগ হে সাধুমকক হেসাধুমগগ। এই প্রকার হৃদন্ত অন্য জান্ত শব্দ কিন্তু যজ মৃজ রাজ ভ্রাজ ভ্রস্জ প রিব্রাজ এই সপ্ত জান্ত শব্দের ড়ত্বহয় ইতি।

অথ ঝান্তাঃ।

প্রথমা	সি হ দ দ্দ ত্ত	ঔ	জস্ঃ
	সমুৎ সমুদ্		
	সমুত্ত সমুদ্দ	সমুজ্ঝৌ	সমুজ্ঝঃ
দ্বিতীয়া	অম্ং	ঔ	শস্ঃ।
	সমুজ্ঝং	সমুজ্ঝৌ	সমুজ্ঝঃ
তৃতীয়া	টা আ	ভ্যাম্ং	ভিস্ঃ।
	সমুজ্ঝা	সমুদ্ভ্যাং	সমুদ্ভিঃ।
চতুর্থী	ঙে	ভ্যাম্ং	ভ্যস্ঃ।
	সমুজ্ঝে	সমুদ্ভ্যাং	সমুদ্ভ্যঃ।
পঞ্চমী	ঙসি	ভ্যাম্ং	ভ্যস্ঃ।
	সমুজ্ঝঃ	সমুদ্ভ্যাং	সমুদ্ভ্যঃ।
ষষ্ঠী	ঙস	ওস্ ওঃ	আম্ং।
	সমুজ্ঝঃ	সমুজ্ঝোঃ	সমুজ্ঝাং।
সপ্তমী	ঙি	ওস্ ওঃ	সুপ সু।
	সমুজ্ঝি	সমুজ্ঝোঃ	সমুৎসু সমুথসু।

সম্বোধন হেসমুৎ হেসমুদ্।

অথ ঞান্তাঃ।

প্রথমা	সি	ঔ	জস্ঃ।
	নঞ	নঞৌ	নঞঃ।
দ্বিতীয়া	অম্ং	ঔ	শস্ঃ।
	নঞং	নঞৌ	নঞঃ।
তৃতীয়া	টা আ	ভ্যাম্ং	ভিস্ঃ।
	নঞা	নঞভ্যাং	নঞভিঃ।
চতুর্থী	ঙে	ভ্যাম্ং	ভ্যস্ঃ।
	নঞে	নঞভ্যাং	নঞভ্যঃ।

পঞ্চমী	ঙসি	ভ্যাম্ ং	ভ্যস ঃ।
	নক্রঃ	নক্রভ্যাং	নক্রভ্যঃ।
ষষ্ঠী	ঙস	ওস্ ওঃ	আম্ ং।
	নক্রঃ	নক্রোঃ	নক্রাং।
সপ্তমী	ঙি	ওস্ ওঃ	সুপ সু
	নক্রি	নক্রোঃ	নক্রসু।

সম্বোধনে হে নক্র।

অথ টান্তাঃ।

প্রথমা	সি ট ড়	ঔ	জস ঃ
	বট্ বড়	বটৌ	বটঃ
দ্বিতীয়া	অম্ ং	ঔ	শস ঃ
	বটং	বটৌ	বটঃ
তৃতীয়া	টা আ	ভ্যাম্ ং	ভিস ঃ
	বটা	বড়ভ্যাং	বড়ভিঃ
চতুর্থী	ঙে	ভ্যাম্ ং	ভ্যস ঃ
	বটে	বডভ্যাং	বডভ্যঃ
পঞ্চমী	ঙসি	ভ্যাম্ ং	ভ্যস ঃ
	বটঃ	বড্ভ্যাং	বডভ্যঃ
ষষ্ঠী	ঙসঃ	ওস ওঃ	আম্ ং
	বটঃ	বটোঃ	বটাং
সপ্তমী	ঙি	ওস ওঃ	সুপ সু
	বটি	বটোঃ	বট্সু

সম্বোধনে হেবট্ হেবড্।

অথ ঠান্তাঃ।

প্রথমা	সি ট্ ড্	ঔ	জস ঃ
	মট মড	মঠৌ	মঠঃ

দ্বিতীয়া	অম্	ঔ	শস্ ঃ
	মঠং	মঠৌ	মঠঃ
তৃতীয়া	টা আ	ভ্যাম্ ং	ভিস ঃ
	মঠা	মডভ্যাং	মডভিঃ
চতুর্থী	ঙে	ভ্যাম্ ং	ভ্যস ঃ
	মঠে	মডভ্যাং	মডভ্যঃ
পঞ্চমী	ঙসি	ভ্যাম্ ং	ভ্যস ঃ
	মঠঃ	মডভ্যাং	মডভ্যঃ
ষষ্ঠী	ঙস	ওস্ ও ঃ	আম্ ং
	মঠঃ	মঠোঃ	মঠাং
সপ্তমী	ঙি	ওস ওঃ	সুপ সু
	মঠি	মঠোঃ	মট্সু

সম্বোধনে হেমট হেমড।

অথ ডান্তাঃ।

প্রথমা	সি ট ড	ঔ	জস ঃ।
	অট অড	অড়ৌ	অডঃ।
দ্বিতীয়া	অম্ ং	ঔ	শস ঃ।
	অডং	অড়ৌ	অডঃ।
তৃতীয়া	টা আ	ভ্যাম্ ং	ভিস ঃ।
	অডা	অডভ্যাং	অডিভঃ।
চতুর্থী	ঙে	ভ্যাম্ ং	ভিস ঃ।
	অড়ে	অডভ্যাং	অডভ্যঃ।
পঞ্চমী	ঙসি	ভ্যাম্ং	ভ্যসঃ।
	অডঃ	অডভ্যাং	অডভ্যঃ।
ষষ্ঠী	ওস ঃ	ওস ওঃ	আম্ ং।
তিন যবে একাঙ্গুল, চারি অঙ্গুলে এক মুষ্টি, তিন মুষ্টিতে এক বিগত, ছুই বিগতে এক হাত, একহাতে এক ছটাক, ষোল ছটাকে, এক কাঠা, বিশ কাঠাতে এক বিঘা ।

দ্রোণ মান।

সাত ধুলিতে এক দন্ত, ছয় দন্তে এক কণ্ঠ, তিন কণ্ঠে এক কড়া, চারি কড়ায় এক গণ্ডা, পাঁচ গণ্ডায় এক কুনি, চারি কুনিতে এক কানী, ষোল কানিতে এক দ্রোণ ।

অন্যচ্চ।

৫ ধুরেতে এক ছটাক, ষোল ছটাকে এক কাঠা, চারি বিঘা ষোল কাঠাতে এক কানি, ষোল কানিতে এক দ্রোণ।

নল মান।

তিন যবে এক অঙ্গুল, চারি অঙ্গুলিতে এক মুষ্টি, ছয় মুষ্টিতে এক হস্ত, ছুই হাতে এক গজ, চারি গজে এক নল ।

দল মান।

সাত পাওহাতে দল প্রমাণ। উভা করি মাপি আন। এক কাহনে এক দল। পুরণ সমে তাহা বল। কালী গণিলে হয় যত, কহে শুভঙ্কর কুয়া তত ।

বাজার ওজন।

পাঁচ শিকাতে এক কাচ্চা, চারি কাচ্চাতে এক ছটাক, চারি ছটাকে এক পোয়া, চারি পোয়াতে এক সের, পাঁচ সেরেতে এক পশুরি. দুই পশুরিতে এক চৌখু, চারি চৌখুতে এক মোন।

৫ সিকাতে	১ কাঁচ্চা	৫	৫ সেরে	১ পশুরি	./৫
৪ কাঁচ্চাতে	১ ছটাক	./০	২ পশুরিতে	১ চৌখু	।০
৪ ছটাকে	১ পোয়া	./।	৪ চৌখুতে	১ মোন	১
৪ পোয়াতে	১ সের	./১			

ধান্যাদি ওজন।

পাঁচ ছটাকে এক খুঁচি অর্থাৎ কুনি, চারি কুনিতে এক রেক, চারি রেকে এক পশুরি অর্থাৎ পালি, বিশ্ পালিতে এক শলি, যোল শলিতে এক কাহন, এক কাহনে চল্লিশ মোন।

৫ ছটাকে......	১ খুঁচি কুনিকা	।/০	২০ পালিতে...	১ শলি	৫৲
৪ কুনিকাতে...	১ রেক	./১।	১৬ শলিতে...	১ কাহন	১৲
৪ রেকেতে...	১ পশুরি পালি	./৫	১ কাহণে...	৪০ মোন	৪০

দ্রবদ্রব্যের ওজন।

১ পাইন্ট। ২ পাইন্টে ১ কোয়ার্ট। ৪ কোয়ার্টে ১ গেলন্। ৮ গেলনে ১ বুশল্। ৮ বুশলে ১ কোয়ার্টর। ৪ কোয়ার্টরে ১ চেল্‌ড্রণ্।

চিকিৎসকের ওজন।

১ রজ। ৪ রজে ১ লিখ্যা। ৬ লিখ্যা ১ সর্ষ। ৬ সর্ষ ১ যব। ৩ যব ১ গুঞ্জ। ১০ গুঞ্জা ১ মাশা। ৪ মাশায় ১ শাণ। তৎ

পর্য্যায়। টঙ্ক, বারণ, নিষ্ক ২ শাণ ১ কোল তৎপর্য্যায় বটক। দ্রঙ্ক্ষণ, অর্থাৎ ১ এক তোলা। ২ কোল ১ কর্ষ তৎ পর্য্যায় অক্ষ। পিচু। পাণিতল। সুবর্ণক। উডুম্বর। বিডাল পদ। লল্ল। করবগ্রহ। তিন্দুক। বিন্দুকোল। পাণি।

২ কর্ষ অর্দ্ধপল। তাহাকে শুক্তি বলে।

২ শুক্তি অর্থাৎ ৪ কর্ষ। ১ পল। তৎপর্য্যায়। মুষ্টি। বিল্ব। চতুর্থিকা। ষোড়শিকা॥ ৪ পল ১ কুড়ব তৎপর্য্যায় অর্দ্ধ-শরাব। অঞ্জলি। ।। সের। ৮ পল ১ মাণিকা। ১ শরাব, ২ শরাব। ২ সের। ১৬ পল ১ প্রস্থ। ২ মাণিকা ২ শরাব, ২ সের। ৪ প্রস্থ ১ পাত্র ১ আঢ়ক। ৮ শরাব। ৮ সের। ৪ আঢ়ক ১ দ্রোণ তৎপর্য্যায়। অর্ম্মল। ললন। কুম্ভ। উর্ম্মাণ। কলস। ঘট। তাহা ৩২ সের ২ দ্রোণ ১ সুর্প তাহা ৬৪ সের। ১৬ দ্রোণ অর্থাৎ ৮ সুর্প ১ খারী তাহা ৪০০০পল ৫১২ সের।১০০পলে ১ ওলামান ৮০০ তোলা ১২॥ সের।

২০ ওলা পরিমাণ ১ ভার ১৬০০০ তোলা ২৫০ সের।

আঢ়ক মান।

৪ রজেতে ১ নিক্ষা, ষড়্নিক্ষাতে শর্শ, ষট শর্শে যব, তিন যবে এক গুঞ্জ, দ্বিগুঞ্জাতে মাষক; দশ মাষকে তোলা, অশীতি তোলাতে প্রস্থ, ষোড়শী প্রস্থকে আঢ়ক।

গজ নিরূপণ।

৩ বার্লি কর্ণচ্ অর্থাৎ ৩ যবে ১ ইঞ্চ, ঐ ইঞ্চ ১ হস্তের $\frac{1}{18}$ অংশ হয়,। ১২ ইঞ্চ ১ ফুট তাহা এক হস্তের $\frac{2}{3}$ অংশ। ৩ ফুটে ১ গজ অর্থাৎ ২ হস্ত। $৫\frac{1}{2}$ গজে ১ পোল হয়।

ঐ পোল এগার হস্ত। ৪০ পোলে ১ ফর্লঙ্গ হয়। সেই ১ ফর্লঙ্গ ৪৪০ হস্ত। ৮ ফর্লঙ্গ ১ মাইল। ঐ ১ মাইল ৩৫২০ হস্ত হয়। ১ হস্ত ১৮ ইঞ্চ হয়। ৪ হস্তে ১ দণ্ডা, তাহা ২ গজ হয়। ২০০০ দণ্ডাতে ১ ক্রোশ অর্থাৎ ৪০০০ গজ। সেই ৪০০০ গজে ২ $\frac{১}{৪}$মাইল হয়।

ফুট পরিমাণ।

৩দীর্ঘ যবে এক বুরুল ইঞ্চি,। ১২ বুরলে ফুট। ১॥ ফুটেহাত।

বিঘা কালী।

কুড়বা২ কুড়বা নিজ্যে, কাঠা কুড়বা কাঠা নিজ্যে, কাঠা২ ধুল পরিমাণ। দশ বিশ গণ্ডা কাঠায় জান।

বিঘায় বিঘায় বিঘা হয়, বিঘায় কাঠায় কাঠা হয়, কাঠায় কাঠায় ধুল হয়। সেই ধুল গণ্ডায় হয়, এক কাঠা বিশ ধুলে, বিশ কাঠায় বিঘা হয়।

উদাহরণ।

বিঘা	কাঠা
২	৸......দীর্ঘ
২	।......প্রস্থ
৫	।৷৷
	।।৪
৬	৴৪

দ্রোণ কালী।

কাহনে কাহনে কাহন গণ পণে কাহনে লইব পণ, চৌখে২ পণ ধরি, পণ চৌখে লইব বুড়ি। পণে২ পঞ্চ বট, পণে

বুড়িয়ে শোয়াবট, পণে গণ্ডায় পাবা কড়া, বুড়ি বুড়ি শিবা শরা, গণ্ডা গণ্ডা গণন ব্যর্থ, কহে শুভঙ্কর কালির তথ্য।

দীর্ঘ	প্রস্থ	কালী	জমি
১৬	১৮৴	২৬৴১০	০৭৷৵

চিঠা।

চিঠাজব্দ জমী মহাল অমুক জরিপ আমলে অমুক।

আশামী	দীর্ঘ	প্রস্ত	কালী	জমি	রকম
১ দাগে আদি বন্ধ অমুকের উত্তর অমুকের পূর্ব্ব অমুকের দক্ষিণ অমুকের পশ্চিম বিং ফলনা	১	১৷৷	১৷।	৪	নাল
২ দাগে তপ অমকের পূর্ব্ব অমুকের উত্তর অমুকের পশ্চিম অমুকের দক্ষিণ বিং ফলনা	১	১	১	০২৷৷৵	নাল
৩ দাগে অমুকের দক্ষিণ অমুকের পূর্ব্ব অমুকের উত্তর বিঃফলনা	৫	৩	১৫	৵	নাল
৪ দাগে ত পুং অমুকের দক্ষিণ অমুকের পশ্চিম অমুকের উত্তর বিঃফলনা	১	৬	৬	১৬	নাল
			২৩৷৷	৶২৷৷৵	

খৈতান বিংফলনা।

আশামি	জমি	রকম
১ দাগে	৪	নাল
২ দাগে	৹২॥৵	নাল
৩ দাগে	৵	নাল
৪ দাগে	৹১৬	নাল
	৶২॥৵	

তেরিজ।

আশামী	মোট জমি
বিঃ ফলনা	৶২॥৵

জমাবন্দি।

	মোট জমি	নিবেক ফি কালী	জমা মোট	বাদ মতন	একুন
বিংফলনা	৶২॥৵	২	৬॥০	।৵১০	৬৴১০

বন্দোবস্থি কবুলিয়ত জমি জমা খাজনা রোপেয়া তরফ ফলনা মালিক ফলনা।

মৌজে অমুক থানে অমুক।

আশামী	জমি	খিলা	হাসিলা	নিবেক ফিকানি	মোকরা
তাং ফলনা					
পং ফলনা	৴	৷	৴	২	২
সাং ফলনা					

আমি স্বেচ্ছাতে উপস্থিত হইয়া উক্ত ৴ এক কানি জমির ৹

মং ২ টাকা জমা স্বীকার করিয়া কবুলিয়ত দিতেছি যে সন ২ বেওজর উক্ত খাজনা আপনার জমিদারি সেরেস্তায় দাখিল করিয়া দাখিলা লইব খাজনা আদায়ের পক্ষে কোন প্রকার আপত্তি করিব না দুষ্টামি পূর্ব্বক খাজনা আদায় না করি প্রচলিত কানুন আদি জারি দ্বারা আমার স্থাবর অস্থাবর সর্ব্ব প্রকার সম্পত্তি ক্রোক বিক্রয় দ্বারা বাকি আদায় লইতে আপনার সম্পূর্ণ ক্ষমতা থাকিবে, আইন অনুসারে কর্ম্ম করিব আপনার অনুমতি বিনা কোন কার্য্য করিব না সাদি গমিতে থাইন মাথোট যখন যাহা তলব হয় বেওজর দিব জব্দ জরিপে মোয়াজি মজকুর আপনার মালিকিতে আমার নামে তালুক ধরাইব ইতি ।

জমিদার দত্ত পাট্টা ।

বন্দোবস্থি পাট্টা জমি জমা খাজনা রোপেয়া মালিক ফলনা তরক ফলনা ।

মৌজে থানে ।

	—মোট জমি	বাদ খিলা	বাকি হাসিলা	নিং ফি কালি	মোকরা
তাং ফলনা					
পীং ফলনা	/	।১০	/	২	২
সাং ফলনা					

তুমি স্বেচ্ছাতে উপস্থিত হইয়া উক্ত / কালি জমির মং ২ টাকা জমা স্বীকার করিয়া কবুলিয়ত দিলামতে পাট্টা দিতেছে যে সন সন বেওজর উক্ত খাজনা আমার জমিদারী সেরে-স্তায় দাখিল করিয়া দাখিলা লইবা খাজনা আদায়ের পক্ষে

কোন প্রকার আপত্তি করিবা না দুষ্টামি পূর্ব্বক খাজনা আদয় না কর প্রচলিত কান্নুন জারি দ্বারা তোমার স্থাবর অস্থাবর সর্ব্ব প্রকার সম্পত্তি ক্রোক বিক্রয় দ্বারা বাকি আদায় লইতে আমার সম্পূর্ণ ক্ষমতা থাকিবে, আইন অনুসারে কর্ম্ম করিবা আমার অনুমতি বিনা কোন কার্য্য করিবা না সাদি গমিতে খাইন মাথোট যখন যাহা তলব হয় বেওজর দিবা, জব্দ জরিপে মওয়াজী মজকুর আমার মালিকিতে তোমার নামে তালুক ধরাইবা এতদর্থে পাট্টা দেওয়া গেল ইতি।

তৌজি জমি জমা খাজনা রুপেয়া মহাল ফলনা পং ফলনা মালিক ফলনা।

আশামী	মোট জমি	বাদ থিলা	বাকি হাসিলা	নিরেক	মোং	ভেটি কোম্পানি
তরফফলনা	১।।	০	১।।	১৬	২৪	

তৎফলনা।

তাং ফলনা	১।।	০	১।।	১৬	২৪

তাং ফলনা।

চাশা ফলনা	১।।	০	১।।	১৬	২৪

জমাওয়াসিল বাকি।

	জমা	ওয়াসিল	বাকি
অমুক	৮২২।⁄	৮০০।⁄	২২
অমুক	১৮।৵	১২	৬।৵
অমুক	৮২।৶	৮৲	১।।৵
অমুক	১০০	১০০	০
	১০২৩।৵	৯৯৩।৵	৩০

কালিক।

কাহণে কাহণে কাহণ গণ। পণে কাহণে লইব পণ। চৌকে চৌকে পন ধরি। পণে চৌকে লবে বুড়ি, পণেং পঞ্চ বট, পণে বুড়িতে শোয়া বট। পণে গণ্ডায় পাবা কড়া বুড়ি বুড়ি শিবা শবা। গণ্ডা গণ্ডা গণন বুথ, কহে শুভঙ্কর কালির তথ্য।

গোলাকালি।

দীর্ঘে গোলা যত হাত, প্রস্থদিয়া পুর তাত, চড়ার দ্বিগুণ করিয়া একুন যত হাত তত মোন।

পাতন	দীর্ঘ	প্রস্ত	পুরণাঙ্ক	চড়া	দ্বিগুণ	একুন
	৬	৩	১৮	৪	৮	১৪৪ মোন

জমা খরচ।

সামান্য।		মিশ্রঃ।	
জমা	১ ৫ ৩ ২ ১ ৮ ৬	জমা	৬ ৩ ২ ১ ৫ ৮৷৷৬৸
খরচ	৯ ৬ ৩ ২ ১ ৫	খরচ	৫ ৩ ২ ৩ ৯ ৩৷৷৴২৷
	৫ ৬ ৮ ৯ ৭ ১		৯ ৯ ৭ ৬ ৫ ৸৶/৪৷৷

খতিয়ান।

১ ভাদ্র—৫ ৩৷৷৵

৬ ভাদ্র—৮ ২৸০

১০ ভাদ্র—৬ ৩৷৵

১২ ভাদ্র—৩ ৪ ৶

৩০ ভাদ্র—৯ ৫ ৷০

---

৩৩ ২ ৶

তেরিজ ।

তেরিজ ধরণ কথা শুন শিশুগণ। দক্ষিণে কড়ার স্থানে করিবে গণন। কড়া থোবে চারি কড়ায় গণ্ডা লবে হাতে। হাত্ত শুদ্ধা গণ্ডা থোবে দশক পশ্চাতে। দশকে২ পণ কমি হইলে থোবে। পণে২ এক করি চৌক ধর্য়া লবে। চারি চৌকে টাকা হয় তেরিজ লিখা কর। নরসিংহ রচয়ে তেরিজ অংশধর।

উদাহরণ।

২	।/	১৫	।।		১২৩	।৵	১৫	।/
৫	৵	১২	।		৫৪৭	।।/	১০	।।
১	৴	২	৴		৩০০	৴	১৮	৶
৩	৵	১২	৴		৯০	।৵	৩।।৵	
১২	।৵	৩	।		১০৬২	।	৮	/

মাটী কালী।

পঞ্চ হাতে লইয়া কাঠী, দীর্ঘ প্রস্তে মাপে মাটী। এক কাঠী বস্তুপণ। দীর্ঘ প্রস্ত কালি গণ। কালি আধা লিখি রাখ। দলে গম্ভীরে মাপি দেখ, দলে গম্ভীরে হয় যত কহে শুভঙ্কর কুয়া তত।

পুষ্করিণী।

আশামী	দীর্ঘ	প্রস্থ	কালি	আধা	দল	কুয়া
১ দাগে হাসিয়া...	৫	৬	৩০	১৫	২	৩০
২ দাগে বক চর...	৪	৫	২০	১০	১।।	১৫
৩ দাগে জলকার...	৩	৪	১২	৬	১	৬
						৫১

নৌকা কালী।

দীর্ঘে নৌকা যত হাত, প্রস্থদিয়ে পূরতাত্, চাড়া দ্বিগুণ, করিয়া একুন, হাত প্রতি মোন পরিমাণ।

১। এক নৌকা দীর্ঘে ২০ হাত প্রস্থে ৫ হাত, চাড়া ১৮৵ হাত মাপিয়া পাওয়া গেল এবং জলের উপরে খালি ।৵ পোয়া থাকে সরম জমি শত করা দশমোন বাদ দিলে কত বোঝাই হয় উত্তর ২৭০ মোন হয়।

দীর্ঘ......২০হাত চাড়া......১৮৵

প্রস্থ......৫ বাদ খালি...।৵

১০০

৩

কুত জিনিশ ৩০০ নিকর চাড়া ১।।

২

৩

শতকরা সরঞ্জামি

৩০

১০ মোন—

নিকর

কুত ২৭০ মোন

সপ কালি।

দীর্ঘে সপ যত হাত, প্রস্থ দিয়া পুর তাত, তেরদিয়া হরে আন, সপের কালি তবে জান। যদি এক কামরাতে দীর্ঘ ১২ হাত প্রস্থে ১২ হাত সপ থাকে তবে সে কত হাত হয় উত্তর ১১ হাত হয়।

১২ হাত দীর্ঘ
১২ হাত প্রস্থ

১৩) ১৪৪ (১১ হাত
১৪৩

১ শেষ

দধি কালী।

গলাতলা ফাঁড় আদি যত মাপ দিবে। তিন ভাগের এক ভাগ অঙ্গুল ধরিবে। ঊর্দ্ধে হয় যত অঙ্গুল করি নিরূপণ। উভয় অঙ্গুল ধরি করিবে পূরণ। একুন অঙ্গুল যত যতনে রাখিবে। পঞ্চাশের দর দিয়া তাহাকে হরিবে,। হরিলে অঙ্গুল যত কসি তলে রয়। এক এক অঙ্গুলে তার পাকী সের হয়।

আশামী অঙ্গুল	তৃতীয়াংশ অঙ্গুল	ঊর্দ্ধ অঙ্গুল	একুন অঙ্গুল	হরণ দর	অঙ্গুলকাত সেরপাকী
গলা......১০					
তলা......৫					
ফাঁড়.....২৪					
৩৯					
৩					
	১৩	১৫	১৯৫	৫০	/৩৬৯৭।।

দেওয়ার কালি।

দেওয়ারের ফুট যত দীর্ঘে মাপ ধরি। পাশে যত ফুট হয় লবে কালি করি। কালি করা যত অঙ্ক থুইবে দক্ষিণে। পুনর্ব্বার উক্ত ফুটে কালি করে আনে। কালিসিদ্ধ যত

অঙ্ক দক্ষিণে আসিবে। ফি অঙ্কেতে পাকা ফুট নিশ্চয় হইবে। দীর্ঘকে পুরিয়া প্রস্থে করিবে স্থাপন। উভি ফুটে পুরিতাঙ্ক করিবে পূরণ। দরাঙ্কে হরণ করি লব্ধ হবে যেই। দেওয়ার কশা টাকা জান হইবেক সেই॥

দীর্ঘ ফুট	প্রস্থ ফুট	একুন কালি	উভি ফুট	মোট ফুট	দর টাকা প্রতি ফুট	মোকড়া
৫০	৩	১৫০	১০	১৫০০	২৫	৬০ টাকা

বরজিয়া কালি।

বরজ মাপের কালি শুন সর্ব্ব জন। দাগসারি থাম আগে করিবে পাতন থাম প্রতি এক কড়া ধরিয়া লইবে। আসল যত্তেক কড়ি একুন করিবে যত সারি তত গুণ একত্র করিয়া। ষোল গণ্ডা ফি কাঠায় লইবে ধরিয়া॥

যদি ১ দাগে বরজে ১৪ সারি ও ফি সারিতে ৫০ থামে থাকে, তবে ঐ বরজের কালী কত হয়

পাতন	৫০ থাম
	১৪ সারি
	৭০০
৪)	কড়া
১৬)	১৭৫ গণ্ডা
ফল	১১ কাঠা

গোলাকৃতি বরজ ও ফুকার কালী।

ফুকারের মুখজান যতফুট হয়। তাহার ত্রিগুণ ফুট ধরহ নিশ্চয়। বরজ বাহির বেড় যত ফুট হবে। তাহাতে সংযোগ করি অর্দ্ধ ভাগ লবে। প্রস্থ ফুটে পূরণ করিয় মোট ধর। পুনর্ব্বার উভি ফুটে সেই অঙ্ক পূর। পূরণ করিয়া যাহা ফল সিদ্ধ হবে। বরজ প্রতি তত ফুট হইবে জানিবে॥

ফুট—ফুট— মোট—ফুট—একুন }
প্রস্ত—ফুট—উভি—মোটফুট }

ফুকারেরমুক

৩

৩

৯

বরজের বেড়

১৫

২৪

অর্দ্ধ—২

১২ ১ ১২ ৫০ ৬০০ ফুট

মন্দিরের চূড়া কালি।

মন্দিরের চূড়া মাপা শুন শিশুগণ। চারি দেওয়ার মাপে যাহা হয় নিরূপণ। প্রত্যেক দেওয়ার মাপ প্রস্ত মধ্য ধরি, দীর্ঘদিয়া প্রস্ত ভাগ আনিবেক পুরি। দলে পূরি যত ফুট হইবেক ফলে, দেওয়ার প্রতি তত ফুট গোলোক চন্দ্র বলে॥

পাতন।

ফুট

প্রস্ত মধ্য ১০ প্রস্ত

২৫ দীর্ঘ উভি

২৫০ /

২ দল

৫০০ ফুট দেওয়ার প্রতি

৪

২০০০

গুম্বেজ কালি।

গুম্বেজ মুখের বেড় করিয়া গ্রহণ। তাহার অৰ্দ্ধেক ধরে করহ স্থাপন। পরিসরে পূরণ করিলে যত হবে। পুনরপি উভি ফুটে তাহাকে পুরিবে। পুরণান্তে যত ফুট ফল সিদ্ধ হয়। তত ফুট হয় জান তার ফলোদয়।

	পাতন	ফুট	পরিসর দল ফুট	একুন ফুট	একুন ফুট	একুন মোট
গুম্বেজের মুখের বেড়	৩২					
	২					
	১৬	১৬	২	৩২	৫	১৬০ফুট

ইটা কালি।

পৃথক পৃথক মাপি দীর্ঘ প্রস্ত দল। আলেদা আলেদা করি রাখিবে সকল। চতুর্ব্বিংশতি দিবে সভার উপরে। ভিন্ন২ করিয়া হরিবে সভারে। দীর্ঘ হরণ প্রস্ত হরণ অঙ্কেতে পূরিবে। দলের হরণ অঙ্ক দর তাতে হবে। উভয়ে হরণ করি যত অঙ্ক যাগে। দেওয়ারের হাত প্রতি তত ইট লাগে।

পাতন।	দীর্ঘ	প্রস্ত	দল	সারা ইট
	২৪	২৪	২৪	
	১২	৬	৩	৬৪
	২	৪	৮	
		২	৮	
		৮	৬৪	

আর। কালি বিবরণ শুন শিশু গণ। বৈশ বাদে আর। মাপ করিবে গ্রহণ। মধ্য ভাগে দীর্ঘ প্রস্থ যত ফুট হবে। প্রস্থদিয়া দীর্ঘ ফুট পূরণ করিবে। একুনাঙ্ক উভি ফুটে করিবে পূরণ। মোটে ফুট সেই অঙ্ক হবে নিরূপণ। ইটের মাপে ফুটের প্রতি যত ইট হবে। সেই অঙ্কে মোট ফুট পূরণ করিবে। পূরণান্তে যত ফল তাতে লব্ধ হয়। আর। প্রতি তত ইট লাগিবে নিশ্চয়।

পাতন	দীর্ঘ ফুট	প্রস্থ ফুট	কালি ফুট	উভি ফুট	একুন ফুট
১ আবাইট মধ্য ভাগ মাপে	১২	৯	১০৮	৯	৯৭২

দীর্ঘ ৮ ইঞ্চি প্রস্থ ৪ ইঞ্চি দল দুই ইঞ্চি এমত রকমের কত ইট ৯৭২ ফুটে থাকিতে পারে।

উত্তর ২ ৬ ২ ৪ ৪ ইট থাকিতে পারে।

পাতন	ইট	পাতন	ফুট
১ ইট	ইঞ্চি		ইঞ্চি
	৮ দীর্ঘ	১ ফুট	১২ দীর্ঘ
	৪ প্রস্থ		১২ প্রস্থ
	৩২		১৪৪
	২ দল		১২ উভি
	৬৪		৬৪) ১৭২৮ (২৭ ইট
			১৭২৮
			০

আবার ফুট

৯৭২×২৭ ইট

৬৮০৪

১৯৪৪০

ফল ২৬২৪৪ ইট

রাস্তাকালি।

দীর্ঘে যত ফুট রাস্তা হয় প্রস্থ ফুটের দ্বারা তাহাকে পূরণ করিয়া পুনরায় অঙ্ককে উভি ফুটের দ্বারা পুরণান্তে তাহাকে দরাঙ্কে হরণ করিলে যাহা লব্ধ হওয়া যায়, সেই অঙ্ক তঙ্কা হয়।

পাতন — ১৫৯৫ দীর্ঘ
৬ প্রস্থ

১ টাকা প্রতি
২৫ ফুট হইলে
কত টাকা হয়

২৫) ৯৫৭০ (৩৮২৸১৬
৭৫
২০৭০
২০০
৭০
৫০
২০
২০
০

উত্তর
৩৮২৸১৬

পুষ্করিণী কালি।

কাহনেং কাহন গণিবা। কাহনে পণে পণ গণিবা। পণেং ধুল পরিমাণ, সয়াগণ্ডা পণ প্রতি জান।

যদি কোন পুষ্করিণী দীর্ঘে ৪।। কাহন প্রস্থে ২।০ উর্দ্ধে ।০ থাকে তাহার কালি কত হবে।

পাতন কাহন	পণ	
৪	।।	দীর্ঘ
২	।	প্রস্থ
৯	০	
১	০	
	৶	
১০	৶	
	।০	উর্দ্ধ
২	।।	
	১০	
ফল ২	।।১০	কালি

সামান্য হরণ।

এক সংখ্যাকে অন্য সংখ্যা দিয়া ভাগ করার নাম হরণ সে সামান্য ও মিশ্রভেদে দুই প্রকার তত্রাদৌ।

```
হারক       হার্য্য
১০) ৫৩২১৮ (৫৩২১
    ৫০
    ---
     ৩২
     ৩০
     ---
      ২১
      ২০
      ---
       ১৮
       ১০
       ---
        ৮ অবশিষ্ট
```

মিশ্র হরণ।

হার্য্যের বামে সামান্য হরণের ন্যায় হারক রাখিবে তাহা দিয়া উর্দ্ধ পদকে হরিয়া অবশিষ্ট যদি থাকে তাহার নীচ জাতির সহিত যোগ করিবে পরে সে অঙ্ককে হারক দিয়া হরিতে হয়।

উদাহরণ।

```
২২) ৩১৫২৷৷১০ (১৪৩৷৯ X ৩
    ২২
    ---
     ৯৫
     ৮৮
     ---
      ৭২
      ৬৬
      ---
       ৬
       ১৬
       ---
       ৯৬ আনা
        ৮
```

১০৪
৮৮
১৬
১২
―――
১৯২
১০
―――
২০২
১৯৮
―――
৪
২০
৮০
৬৬
―――
১৪ ক্রান্তি অবশষ্ট

সামান্য পূরণ।

পুর্য্যের দক্ষিণাঙ্ক হইতে পুরকের অঙ্ক নীচে২ রাখিবে ইচ্ছানু সারে অঙ্ক সকলের দক্ষিণাবধি যথা ক্রমে পুরকের দক্ষিণাঙ্কের সহিত গুণ বৃদ্ধিদ্বারা পুর্য্য অঙ্কের পূরণ করিয়া প্রথম শ্রেণী রাখিবে। তৎ পরে পুরকের দ্বিতীয় অঙ্কদিয়া পুর্য্যের প্রত্যেক অঙ্ককে ঐ রূপে পূরিয়া পূরকের নীচে অর্থাৎ দশক স্থানাবধি দ্বিতীয় শ্রেণী সংস্থাপন করিবে, এই রূপে তৃতীয় ও চতুর্থ ইত্যাদি পূরকের যত অঙ্ক থাকে তাহা দিয়া পূরণ করিয়া পূরকাঙ্কের নীচে স্থানা বধি পংক্তি স্থাপন করিবে। তাহার পর তেরিজ করিলে যে লব্ধ হয় সেই ফল।

ইহার যথার্থ জানিবার জন্যে পুর্য্যের সকল অঙ্ক তেরিজ করিয়া ফলকে নয়দিয়া হরিয়া অবশিষ্ট অঙ্ক এক ঢেরা দাগের বামে রাখিবে এবং পূরকাঙ্কের ও তদ্রূপ করিয়া

ঐ ঢেরা দাগের দক্ষিণে রাখিবে, পরে ঐ দুই অঙ্ক পরস্পর পূরণ করিয়া ৯ দিয়া হরিয়া অবশিষ্ট অঙ্ক ঢেরার মস্তকে রাখিবে তাহার পরে ফলের ও তদ্রূপ তেরিজ করিয়া ৯ দিয়া হরিয়া অবশিষ্ট ঢেরার নীচে রাখিলে যদি মস্তকের অঙ্কের সমান হয় তবেই প্রায় সর্ব্বত্র ফল সিদ্ধি জানা যায়।

উদাহরণ

১৫৩২	১৯৬৩	২১৭৩৫	৫৬৭৮৯১০
৮	১০	৩৬	১৯২
১২২৫৬	১৯৬৩০	১৩০৪১০	১১৩৫৭৮২০
২ × ৮	১ × ১ (১ ১)	৬৫২০৫	৫১১১০১৯০
		৭৮২৪৬০	৫৬৭৮৯১০
		×	১০৯০৩৫০৭২০
			× ৩

পূর্ব্বের হীন জাতির নীচে পূরক রাখিয়া তাহা দিয়া প্রত্যক জাতিকে যে পূরণ করা যায় তাহার নাম মিশ্র পূরণ।

উদাহরণ।

১৩২ ॥৵১০	২১৫৩ ।।৶৬।। × ৬৪ গুণ
৫	৮ ০ ৮—৬৪
৬৬৩।১০	১৭২২৯॥৵১২
	৮
	১৩৭৮৩৭।১৬

ত্রৈরাশিক।

ব্যক্ত তিন অঙ্ক হইতে চতুর্থ অব্যক্ত অঙ্ক আনর[illegible] নাম ত্রৈরাশিক, ত্রৈরাশিক দুই প্রকার, প্রথম সমস্ত, দ্বিতীয় ব্যস্ত ত্রৈরাশিক এই দুয়ের লক্ষণ ভেদ জানিবা যেখানে ইচ্ছা অধিক হইলে ফল অধিক হয় এবং ইচ্ছান্যূন হইলে ফল ন্যূন হয় তাহাকে সমস্ত ত্রৈরাশিক বলা যায় ইহার প্রয়োজন প্রায় সর্ব্বত্র।

উদাহরণ।

৮ গজ কাপড়ের দাম ১ টাকা ।০ আনা হইলে ৯৬ গজের দাম কত।

গজ	টাকা	আনা	গজ	দাম
৮ ঃ	১	।০ ::	৯৬	১৫

```
        ১
       ১৬
      ----
       ২০   × ৯৬
      ----
   ৮ ) ১৯২০
  ১৬ ) ২৪০ ( ১৫ পোনর টাকা
       ২৪০
       ---
        ০০
```

৷৩ সের তুলার দাম ১৷৴ আনা হইলে ৬।১ সেরের দাম কত হবে।

সের	টাকা	আনা	মোন	সের
৷৩	১	৷৴	৬	।১

```
সের      টাকা          মোন
৷৩        ১             ৬
১৬       ১৬            ৪০
----     ----          ----
৩৬৮      ২৫            ২৫১
                        ১৬
                       ----
                       ৪০১৬
                         ২৫
                       ----
                      ২০০৮০
                       ৮০৩২ আনা
             ৩৬৮ ) ১০০৪০০ ( ২৭২ ফল
                    ৭৩৬
                    ----
                    ২৬৮০
                    ২৫৭৬
                    ----
                    ১০৪০
                     ৭৩৬
                    ----
                     ৩০৪
                    অবশিষ্ট
```

ব্যস্ত ত্রৈরাশিক।

যেখানে ইচ্ছা অধিক হইলে ফলের ন্যূনতা হয় এবং ইচ্ছা

অল্প হইলে ফল অধিক হয় তাহাকে ব্যস্ত ত্রৈরাশিক বলা যায় ইহার প্রয়োজন সর্ব্বত্র নাই স্থানে স্থানে আছে।

সমস্তে যে অঙ্ক হারক, ব্যস্তে সেই অঙ্ক পূরক সমস্তে যে পূরক ব্যস্তে সে হারক এই মাত্র সমস্তে ও ব্যস্তে ভেদ।

৪৮ জনে ২৪ দিনের মধ্যে যে প্রাচীর গাঁথিতে পারে সেই রূপ প্রাচীর কত মজুরে ১৯২ দিনে গাঁথিতে পারে।

দিন	মজুর	দিন
২৪	৪৮	১৯২

```
  ৪৮
  ২৪
 ----
  ১৯২
  ৯৬
 ------
১৯২ ) ১১৫২ ( ৬ মজুর
      ১১৫২
      ----
```

পঞ্চরাশিক।

যদি ১০ জনা লোকে ৫ দিনে ৭২৫ ফুট দেওয়ার প্রস্তুত করে, তবে ১৭ জনাতে ৭ দিনে কত ফুট প্রস্তুত করিতে পারে

জন	দিন	ফুট	জন	দিন	ফুট
১০	৫	৭২৫	১৭	৭	

```
      ৭২৫
      ১৭
     -----
     ৭২৫০
     ৫০৭৫
     -----
     ১২৩২৫
        ৭
     -------
৫ ) ৮৬২৭৫ ( ১৭,২৫৫
    ৮৫০০০
    -----
     ১২৭৫
     ১২৫০
     ----
       ২৫
       ২৫
      ---
       ০০
```

```
১০ ) ১৭২৫৫ ( ১৭২৫।। ফুট
     ১৭২৫০
     -----
         ৫
         ৫
         ০
```

৫। কষা হিসাব।

সুদকষা।

সমোকরা সুদ হয়, মাসে এক তঙ্কা লয়, দিনে এক তঙ্কার সুদ কহি শুন কাস্তের পুত, নিশা পতি কণ্ঠ লই, এক দন্ত চাইব ধুলি থুই, বাইশ রেণু পাশে এড়ি, আট-চল্লিশ যব ধরি, দ্বিজ রাম তনু বলে, দিনে তঙ্কার সুদ মিলে।

	কণ্ঠ	দন্ত	ধুলি	রেণু	যব
পাতন.........	/	১	।	২২	৮৩
১ টাকার সুদ ১ মাসে					৩০
ফল ৩	৵	২	৵	২৪	

অন্যচ্চ।

আসলের যত তঙ্কা যতনে রাখিবে। যত মাস রবে তত গুণ করি লবে। এই রূপে পূরণ একুন হলে পরে। মোটে ধরি লবে সুদ শত করা দরে। শত করা না হইয়া কম টাকা হবে। ফি টাকায় হিসাব করিয়া ধরে লবে। এই রূপে হিসাবেতে জুমলা যত হয়। ধার্য্য হয় সেই সুদ জানিবে নিশ্চয়।

আসল ২৫ টাকা   সুদ ৬। ৪ মাসকাত

মুদ্দত ৬। ৪ মাস   .১৯

২৫
৭৬
৩০১
১৯০৪
দর—১০০
.১৯

ৰূপাকষা ।

আসলের যত ৰূপা যতনে রাখিবে। একুন করিয়া খাদি বাদ তাহা দিবে। এক টাকার বাট্টা এক টাকায় ধর। ঐ দরে আসলে॰ বাকি ৰূপা হর। হরিলে যতেক তঙ্কা কশি তলে রয়। শিক্কা হয় সেই তঙ্কা জানিবে নিশ্চয়।

রূপা ২৫০

বাদ খালি ফি ভরি

৵ আনা হিসাব... ... ...৩১৷০

২১৮৵৫

বাট্টা ফি ভরি ১৵ দস্তী

৵ ১৯৪।৶২ ৮ সিক্কা

যোগ॰ ১

১৵

সোণাকষা ।

সোণা ভরি যত তঙ্কা হইবেক দর। রত্তি প্রতি পড়ে কত কহে শুভঙ্কর। যত টাকা তত পাই, তারে করিবে তিন ঠাই, এক ভাগ বাদে রহে যত, রত্তি প্রতি পড়ে তত। যদি ১ ভরি সোণার দর ১৫ টাকা হয় তাহার তিন রত্তিতে কত পড়ে।

পাতন

৩) ৴১৫ (

৲/৫

২

৵৷০ এক রত্তির দাম

৩

ফল......।৶৷০

পিত্তলকষা।

পিত্তল কষার কথা শুন শিশু গণে। বিশা প্রতি পঞ্চ বুড়ি ধরিবে যতনে। পণ প্রতি পঞ্চ বট ধরিবা লইবে। তোলা প্রতি অর্দ্ধ বট ধরিতে হইবে। একুন করিয়া কড়ি যত মোট হবে। একুনের মোট কড়ি উপরে রাখিবে। বিশা পলতোলা যেই দরেতে বিকায়। পূর্ব্ব উক্ত নিয়মেতে ধর তার জায়। জায় করি হিসাবেতে যত কড়ি হবে। উপরের মোট কড়ি তাহাতে হরিবে। হরিলে যতেক অঙ্ক কসিতলে রয়,' পিত্তল কষার আর্য্যা শুভঙ্কর কয়।

৬ রত্তিতে আনা, ষোল আনায় তোলা, দশ তোলায় পণ, বিশ পণে বিশা।

৫৴ বিশা। পল ৫ তোলা
পিতল ১ টাকায় ১৴ বিশা। ১
পল ১ তোলা দরে কত হয়।

পাতন	মোটের	কড়ি	দরের	কড়ি
৫৴বিশাতে	৴৫হিঃ	।৵৫	১৴ বিশাতে	৴৫
।পলেতে	০১:হিঃ	০৬।	১পলেতে	০১।
৴৫তোলাতে	০৵হিঃ	০।'৵	১তোলাতে	০৵
		।৵১১৸৵		৴৬।৵

৵১১৸৵× ৴৬'৵——৫ টাকা লব্ধ।

কড়িকষা।

কাহনে লইবে পণ চোখে লবে বুড়ি গণ্ডায় লইবে কাগ পণে পঞ্চ কড়ি। কড়ায় লইবে পঞ্চ তিলের লিখন। শুভঙ্কর দাস কহে বালক বুঝান। যতেক তঙ্কার কড়ি বামে ইলেক দিবে। হইল কাহার কড়ি লিখা করি লবে।

	কড়ি	বিতং	|/.......পণ
১টাকাতে	৭॥/১৫॥		০১০.....বুড়ি
/আনাতে			৩৮....কড়ি
	১।/৪৵১০		৮/..কগ
			১০ .তিল

|/১৪॥/১০ আনা প্রতি
৩
১।/৪৵১০

কাগজ কষা।

কাগজের দিস্তা যত শুনিবেক দর। তের গণ্ডা চারিক্রান্তি টাকা প্রতি ধর॥ লব্ধ অঙ্ক হয় যত তা প্রতি পড়ে তত।

পাতন...........১৩।—
২ টাকা দিস্তা হইলে ৫ তার
মুল্য.................. ২
/৬॥
৫
" ।৵১৩।—

বাট্টা কষা।

এক শত টাকার উপরে যত টাকা বলে। বামেতে ভাঙ্গিবে তারে দশ অঙ্কে চেলে। জমুলা যতেক হবে তিন অঙ্ক উপর। এক কাহনের সঙ্গে নিলে সেই হবে দর।, হরিলে যতেক তঙ্কা কসি তলে রয়। বাট্টাবাদ সেই তঙ্কা জানিবে নিশ্চয়।

১০০ টাকা	বাট্টা	দর	৩	২	১
	৫	১(১৬	০১৬	॥	৫

আসল ১০০ জমুলা
দর——১,১৬
০৯৫/১৬।=

মোন, কষা ।

তঙ্কায় লইবে যত মোন আসবাব । মোনেতে আড়াই সের আনার হিসাব । যত সের থাকয়ে ছটাক তত হয় । ছটাকেতে পঞ্চ বট শুভঙ্কর কয় ।

১ টাকাতে ৫।১।৶ সর্ষ হয় ৵ আনাতে কত পড়ে ।

পাতন ১ মোনের প্রতি /২ ।। × ৫——।২ ।।
/১ সেরের প্রতি / ০ ১১—— ।।৶
/ ছটাকের প্রতি ১। ০ ৭——

৮৫
।৩৶৮৫
২

ফল ৵ আনার....।।৬।৵১৭।।

গজ কষা ।

গজ প্রতি যত তঙ্কা হইবেক দর । টাকা প্রতি এক আনা গিরা প্রতি ধর । আনা প্রতি পাঁচ কড়া গণ্ডায় কাগ হয় । কড়া প্রতি পঞ্চ তিল আছয়ে নির্ণয় । অঙ্গুল প্রতি হিসাবের এই জান রীত । পূর্ব্ব অঙ্ক তিন অংশের একাংশ উচিত ।

১ এক গজ কাপড়ের মূল্য
৪৶৫৫ কড়া হইলে
১ গিরাতে কত হবে
,, ।৪/১৫

পাতন
১ টাকায়.. / × ৪—।০
/ আনায়.. ১। ০ ৩—০৩৫
১ গণ্ডায়.. /। × ৫— ০।/
৷। কড়ায়.. ৫ × ৩— ১৫ তিন
।৪/১৫ একগিরায়

১ অঙ্গুল প্রতি
কত হয়——
/৮ ১১

।৪/১৫
৩
,, /৮,১১

ধান্যাদি কষা।

ধান্য চাউল যব সর্ষা যাহা কিনিতে যাই। তঙ্কা দরে আনা প্রতি কত দ্রব্য পাই॥ কুনি প্রতি পাঁচ পোয়া কাঠায় কোণ জান। কহে শুভঙ্কর দাসে বালক বুঝান। যদি ১ টাকাতে ৵১৫॥ একবিশ পোনর আড়ি দুই কাঠা ধান্য পাই। ।৵ পাচ আনাতে কত পড়ে।

পাতন। ৵১৫ শলিতে ।৵ পোয়াহিং ২৶৹
॥ কাঠাতে ১০ কোণহিং ১০

২৶১০
৫

ফল......১১৵১০

ভূমির মূল্য কষা।

দ্রোণ প্রতি যত তঙ্কা দর করা যায়। তঙ্কা প্রতি এক আনা কালি প্রতি পায়। তদুপরি যত আনা শুন শিশুগণ। আনা প্রতি পঞ্চ বট করহ লিখন। গণ্ডা প্রতি এক কাগ কড়ায় পঞ্চ তিল। গোলোক চন্দ্র দাস বলে লিখহ সুশীল। ১ দ্রোণ ভূমির মূল্য ২৫৷৵৭॥ কড়া হইলে ৶ তিনি কালিতে কত হয়।

পাতন। ১ টাকায় ৵ ২৫—১॥৵
॥ ৪৶৹ ৶১০ ৵আনায় ১। ৫—০৬।
১ গণ্ডায় ৵ ৭—০।৶
কড়ায় ৫ ২— ১০

১॥৵৬॥৶
৩

৪৶০৭৵১০

খাজনা ও ভাগী কষা।

ফি কানি খাজনা লও ভাগী যত হবে। ফি দ্রোণ তঙ্কা ধান্য কিম্বা ষোল গুণ হবে। আদ কানিতে বসু পণ হইবেক খাড়া। তদৰ্দ্ধ করিয়া দেখ কুনির মোকরা। দুই পণ হিসাবে পরে আদ কুনি জমিনে। পাঁচ কড়ায় এক পণ ভাগে ভাগে আনে। চারি কড়ায় ষোল গণ্ডা জানিবা সকলে। চন্দ্র কড়ায় বেদ গণ্ডায় রাম তনু বলে।

খাজনা।

/০ কানির খাজনা ১৬ ১দ্রোণ ॥০ ১০ গণ্ডাতে ।০ ৫ গণ্ডাতে
২৷৷আনা হইলে ২৷৷ প্রতি ২৷৷ ,, ১৷ ২৷৷ ,, ৷৷৵
৪০ ,, ৪০ ,,১৷ ,, ৷৷৵

৵ ২॥ কড়াতে /
২॥ ,, ৷/ ২॥ ১৷ কড়াতে ১৬ ১গুাতে ৪ ৷কড়াতে
,, ৷/ ,, ৵১০ ,, ৵১০ ২॥ ৵ ১॥ ,, ১০
,, ৵ ,, ১০

ভাগী।

/ কানির ভাগী ১৬ ১দ্রোণ ॥০ ১০ গণ্ডাতে ।০ ৫ গণ্ডাতে
২০ আঁড়ি হইলে ২০ প্রতি ২০ ,, ১০ ২০ ,, ৫
৩২০ ৩২০ ,, ১০ ,, ৫

৵০ ২॥ কড়াতে /০ ১৷ কড়াতে ১৬ ১ গণ্ডাতে ০৪ ০৷কড়াতে
২০ ,, ২॥ ২০ ,, ১৷ ২০ ,, ১ ২০ ৷০
২॥ ,, ১৷ ১ ,, ৷৫

বৎসর মাহিনা মাস প্রতি।

বৎসরে যাহার লভ্য এক মুদ্রা হয়। মাস প্রতি পড়ে কত জানিবা নিশ্চয়। চন্দ্র আনা ঋতু গণ্ডা আর কড়া দ্বয়, ছয় দন্তি তদু পরি মিলাইলে হয়।

পাতন............/৬৷৷৬ দন্তি
বৎসর ১টাকা হইলে ৫
৫ মাসে কত হয়। ৷৵১৩৷৷৬ ফল।

বৎসর মাহিনা দিন প্রতি।

বৎসর মাহিনা যার যত, দিন প্রতি পড়ে কত। তিন কড়া পাচ দন্তি। বলে গেল ধুল দন্তি।

পাতন। ০৬ ৫
৩

বৎসর ৩ টাকা হইলে ২৷৷ ৬
১৩ দিনের কত হইবে ১৩

/১৪৷৷৬
ফল

মাস মাহিনা দিন প্রতি।

মাস মাহিনা দ্বিগুণ করি। তা বুড়ি বুট কণ্ঠ ধরি, একুন করিলে হয় যত। দিন প্রতি পড়ে তত।

পাতন
মাস মাহিনা ২৷৷ আনা
দ্বিগুণ————৫ /৫
১৷
৷৵
/৬৷৷৵

অন্যস্চ।

মাস মাহিনা যার যত। দিন প্রতি পড়ে কত। যত আনা তত গণ্ডা তাহা করি তিন খণ্ডা, এক ভাগ বাদে রহে যত দিন প্রতি পড়ে তত।

মাস মাহিনা ৪ টাকা
/৪ দিন প্রতি
৩ „ ফল ৵২৷৷
/৷
„ ৵২৷৷

তের মাসী মাহিনা কষা।

তের মাসী বৎসরের শুনহ বিধান। তঙ্কা প্রতি ফি মাসেতে শশী পণ জান। বেদগণ্ডা সপ্ত কণ্ঠ মহী দন্তি আর। ভুজ সর্ষ বাণ ধুলি রুদ্র রেণু সার। মনি চূর্ণ সহিত যোজনাতাতে কর, দিন প্রতি নেত্র কড়া যুগ্ম দন্তী ধর ॥ শশী যব নৈত্র সর্ষ বেদ ধুলি হয়। পঁচিশ রেণু বাণ চূর্ণ গোলোক চন্দ্রে কয়।

পতন	পণ	আনা	গণ্ডা	কড়া	কণ্ঠ	দন্তি	যব	সর্ষ	ধুলি	রেণু	চূর্ণ
	/	৪	॥	/	১	০	২	।/	১১	৭	

বৎসর ২০ টাকা হইলে মাস প্রতি............................২০

ফল......১ ॥ ১২ । × ১ ১ ৩ ৵ ২০ ১০

পতন।	কড়া	কণ্ঠ	দন্তি	যব	সর্ষ	ধুলি	রেণু	চূর্ণ
	৬	০	২	১	৩	।	২৫	৫

বৎসর ২০ টাকা হইলে দিন প্রতি

ফল.......১৬ । / ২ ২ ১ ।/ ২৭ ৯

অঙ্ক বিভাগ।

আসল অঙ্ক যত হয় উপরে রাখিবে। প্রত্যেক অঙ্কের অংশ তত গুণ করিবে। বাকি অংশ সনে হবে পূর্ব্ব অংশ কালি। একুন করিয়া কালি দশ অংশে মিলি। ক্রমে২ দুই ভাগের ভাগ যে লইয়া। দ্বিজ রাম তনু কহে কায়স্থ সম্বোধিয়া।

॥৵ ।৵

পাতন।

আসল ২ ৫ ৭ ২

১। ৩৵ ৪।৵ ৬ ৫ ৭

১২॥ ১৫৬। মোট ১৬৵ ২।।৵

১৫॥৵ ১৬০॥৵ ১৬০॥৵ ৭॥ ৯৩৬০

৯৬৵ ৯।৵ ৯৬।৵

২৫৭

অংশ বিভাগ।

শুন২ শিশুগণ হিসাবের সার। অংশ বিভাগ অঙ্ক অতি চমৎকার ।। মূল প্রথমেতে যত অংশ-প্রয়োজন। তত অঙ্কে মূল অঙ্ক করিবে পূরণ। প্রথমাংশ যত অংশে বিভাগ হইবে। তত অঙ্কে পুরণাঙ্ক পুরণ করিবে। সর্ব্ব শেষ যত লভ্য বলা গিয়া থাকে। পুরণ স্থিতি অঙ্ক দিয়া পুরহ লভ্যকে। পুরণান্তে যত অঙ্ক কসি তলে রয়। সেই সে নিশ্চয় জান অংশ ভাগ হয়।

এক ব্যক্তি স্বোপার্জ্জিত ধন হইতে তৃতীয়াংশের একাংশ আপন কনিষ্ঠ প্রথম সহোদরকে এই অনুজ্ঞাতে অর্পণ করিলেক যে, প্রথম কনিষ্ঠ ভ্রাতা প্রাপ্ত ধনের ৪ অংশের একাংশ দ্বিতীয় কনিষ্ঠ ভ্রাতাকে ও দ্বিতীয় কনিষ্ঠ ভ্রাতা প্রাপ্ত ধনের ৫ অংশের একাংশ তৃতীয় কনিষ্ঠ ভ্রাতাকে ও তৃতীয় কনিষ্ঠ ভ্রাতা প্রাপ্ত ধনের ৩ অংশের ২ অংশ চতুর্থ কনিষ্ঠ ভ্রাতাতে ও চতুর্থ কনিষ্ঠ ভ্রাতা প্রাপ্ত ধনের ৪ অংশের একাংশ পঞ্চম কনিষ্ঠ ভ্রাতাকে অর্পণ করিবেক তন্মতে আচরণ হওয়াতে পঞ্চম কনিষ্ঠ ভ্রাতা ৪১।।৵১৩।- ক্রান্তি প্রাপ্ত হইলেক, এমতে উপার্জ্জনের সম্পত্তি কত ও কে কত পাইয়াছিল ও কত স্থিরতর রহিল।

পাতন সম্পত্তি ১৫০০০ উপার্জ্জক

১ / ৩

প্রথমের প্রাপ্ত ৫০০০ ধনির ব্যয় প্রাপ্ত—১৫০০০

প্রথম ৩ / ৪ ব্যয়——৫০০০

৩ দ্বিতীয়ের প্রাপ্ত ১২৫০ প্রথমের ব্যয় ১০০০০

দ্বিতীয় ৪ / ৫

১২ তৃতীয়ের প্রাপ্ত ২৫০ দ্বিতীয়ের ব্যয় ১কনিষ্ঠ প্রাপ্ত ৫০০০

তৃতীয় ৫ ১।। ব্যয়———১২৫০
৬০ চতুর্থের প্রাপ্ত ১৬৬।।৵১৩।/ তৃতীয়ের ব্যয়
চতুর্থ ১।। ৪ স্থিতি———৩৭৫০
৯০ পঞ্চমের প্রাপ্ত ৪১।।৵১৩।/ চতুর্থের ব্যয় ২ কনিষ্ঠ প্রাপ্ত১২৫০
পঞ্চম ৪ পঞ্চমে ব্যয় রহিত। ব্যয়———২৫০
৩৬০ স্থিতি———১০০০
পঞ্চমের প্রাপ্ত ৩ কনিষ্ঠ প্রাপ্ত—২৫০
৪১।।৵১৩।/ ব্যয়——১৬৬।।৵১৩।/
৩৬০ স্থিতি——৮৩।/৬।।৵
উপার্জ্জকের ১৫০০০ টাকা ৪ কনিষ্ঠ প্রাপ্ত ১৬৬।।৵১।/৩
ধন সংখ্যা ব্যয়——৪১।।৵১৩।/
স্থিতি——১২৫
৫ কনেষ্ঠ প্রাপ্ত ৪১।।৵১৩।/
ব্যয়———————৩
স্থিত————৪১।।৵১৩।/

রূপ ভাগ।

উচ্চ পদ হইতে মধ্যম পদ তৃতীয় চতুর্থ পদ আনয়নের ব্যবস্থা। উচ্চ পদের নীচে ইচ্ছাক্রমে যে নীচ পদ কল্পনা করিবে, তাহার ভাগ মত অঙ্ক দিয়া উপরের উচ্চ পদকে পূরণ করিয়া নীচ পদের সহিত সমান জাতি করিয়া মিলন করিবে।

উদাহরণ।

৫।।৬৫ কড়াতে কত কড়া।

টাকা	আনা	গণ্ডা	কড়া
৫	।।	৬	৫

১৬
৮০
৮
৮৮
২০
১৭৬০
৬
১৭৬৬
৪
৭০৬৪
৩
৭০৬৭

রাস্তা মাপে মাটীর সংখ্যা।

দীর্ঘ রাস্তা যত কাঠি করিবে গ্রহণ। প্রস্থ কাঠি দিয়া তারে করিবে পুরণ। উভি দলে পূরণ করি যত অঙ্ক ফলে। তদর্দ্ধেক কুয়া হয় গোলোক চন্দ্র বলে।

আশামী—দীর্ঘ	প্রস্থ	কালি	দল উভি	কুয়া
১ রাস্তা ২০০ কাঠি দীর্ঘ——১০০	।।এক কাঠি	৫০	২ ১০০	৫০

কড়া ভাঙ্গিবার বিষয়।

আর্য্যা।

কাক চতুর্থ বট বাখানি। তিন ক্রান্তি কড়া জানি, নব দন্তি করিয়া সার। সাতাইশ যবে বট বিচার। আশী তিলে বটঙ্কর। লেখার গুরু শুভঙ্কর।

অন্য প্রকার।

তিন ক্রান্তি হয় কড়া, আর চারি কাগে। নব দন্তি হয় কড়া, সাতাইশ যবে।

সঙ্কেত।

কাহনে গণ্ডা ধরি, চোখেতে কড়া করি, পণেতে পাবা কড়া। বুড়িতে লবেশরা মোট চতুর্গুণ করি তাকে তিন অংশে ধরি এক ভাগ হরিয়া দেখ, বাকি যাহা জমি লিখ।

৬।।৵১৫ গণ্ডাতে কত জমি হইবে।

গণ্ডা কড়া কণ্ঠ দন্ত ধূল রেণু

৬....৬
।।...............।।
৵............ / ৩
১................২ / ২২।।
৫................১ ০ ২৬।

৬।।৵১৫ ৬ ।। ৵ ০ ৵ ১৮৬
৪

৩) ৬ ।। ৵ ১ ৵ ১৫(গণ্ডা কড়া কণ্ঠ দন্ত ধুলী রেণু
৮ ৬ / ৪ ৵ ১৫ ৮ ৬ / ৪ ৵ ১৫

১৭ ৬ ০ ৩

চতুষ্পার্শ্ব সমান।

১৪৪ ইঞ্চে ১ ফুট। তাহা ১ ছটাকের $\frac{১}{৪৫}$ অংশ হয়। ৯০ ফিটে ১ গজ অর্থাৎ ১ ছটাকের $\frac{১}{৫}$ অংশ। ৩০ $\frac{১}{৪}$ গজে ১ পোল তাহা ৬ ছটাকে এবং ১ ছটাকের $\frac{১}{২০}$ অংশ ৪০ পোলে ১ রুড্। তাহা ১৫ কাঠা ২ ছটাক। ৪ রুড়ে ১ একাব অর্থাৎ ৩ বিঘা ৮ ছটাক।

১ ছটাকে ৫ স্কোয়ার ইয়ার্ড।

১৬ ছটাকে ১ কাঠা অর্থাৎ ৮০ স্কোয়ার ইয়ার্ড।

২০ কাঠাতে ১ বিঘা তাহা ১৬০০ স্কোয়ার ইয়ার্ড হয়।

দ্রোণ বিঘার মিলন।

মঘি মাপের তিন দস্ত সোয়া পাঁচ ধুলিতে বিঘা মাপের এক ছটাক হয়। মঘি মাপের তিন কড়া এক কণ্ঠে, বিঘা মাপের ১ কাঠা হয়। মঘি ষোল গণ্ডা আট কণ্ঠে, বিঘা মাপের এক বিঘা হয়। মঘি এক কানি, এক বিঘা চারি কাঠাতে। মঘি ১ এক দ্রোণ উনিশ বিঘা চারি কাঠাতে হয় ইতি।

সমাপ্তঃ।

শিক্ষোপদেশ।

ভূমিকা।

এতদ্বোধমুক্তাবলিগ্রন্থ প্রকট করণে আমার মুখ্য উদ্দেশ্য এই যে, বিদ্যার্থীগণ কেবল এই গ্রন্থের আদ্যোপান্ত ভাগচতুষ্টয় পাঠ করিয়া সামান্যকার্য্যোপযোগী বিদ্যায় সিদ্ধ হন। অতএবই কল্পিত ভূপতি ও মন্ত্রী ও অধ্যাপক এবং রাজকুমারাদির সংবাদঘটিত প্রশ্নোত্তরাকারে বিদ্যার্থীগণকে শাসনবিনিময়ে স্নেহবাৎসল্যভাবে প্রবোধোপদেশদ্বারা কৌশলক্রমে প্রকৃতপথে আনয়ন, ও বিদ্যাশিক্ষাবিধি, ছাত্রগণের ব্যাকরণাদি শাস্ত্রশিক্ষা, এবং পরীক্ষোত্তীর্ণ হইয়া পুরস্কার প্রাপণ, দিনযাত্রা নির্ব্বাহক নীতিপ্রভৃতি, সংসারযাত্রা নির্ব্বাহবিষয়ক সৎসন্দর্ভাদি, এবং কি কি গুণধরব্যক্তি রাজদণ্ডধর, ও কি কি গুণযুক্ত ব্যক্তি রাজপারিষদাদির যোগ্য হইবেন, তদ্বিশেষ নানা গ্রন্থ হইতে উদ্ধার করিয়া সরল বঙ্গভাষায় রচনা করত এতদ্ভাগে নিবেশিত করা হইল, ভরসা করি এতৎ জ্ঞাপনে সর্ব্বসাধারণজনগণই উপকৃত হইবেন একণে দর্শক ও পাঠক মহাশয়গণ সদয় হৃদয়ে এতৎ শিক্ষোপদেশের প্রতি নেত্রার্পণ করিলেই হয়।

অনুষ্ঠান সূত্র।

ভূপালদেশীয় ভূধরেন্দ্র ভূপাল স্বীয় পঞ্চমবর্ষীয় সুকুমার কুমারের বিদ্যারম্ভের সময় বিগতপ্রায় বিবেচনায় এক দিবস নরবরেন্দ্র মন্ত্রিবরকে আহ্বান পুরঃসর আদেশ করিলেন যে মন্ত্রিন্! শ্রীমান্ রাজকুমারের বিদ্যারম্ভের কাল প্রায় উত্তীর্ণ পায়, অতএব অধ্যাপকের উপযুক্ত একজন পণ্ডিতকে আনয়ন এবং বিদ্যারম্ভের দিন নিরূপণ কর, বিলম্বে কায নাই।

(করপুটে) মন্ত্রীবর। যে আজ্ঞা মহারাজ বলিয়া তৎক্ষণাৎ উপস্থিত জ্যোতির্বিৎ পণ্ডিতবর যোগেশ্বর আচার্য্যেরদ্বারা বিদ্যারম্ভের শুভদিন নিরূপণ করত নগরস্থ ভূদেবনামক প্রাচীন অধ্যাপকমহাশয়কে (যিনি ষড়্দর্শনাদি পর্য্যন্তের দর্শক অথচ নীতিবোধে অতি নিপুণ) রাজকুমার শ্রীমান্ রাজকুমারের বিদ্যাধ্যাপনার্থ মনোনীত করিয়া উভয় পণ্ডিতকে রাজসন্নিহিত উপনীত করিলে মহারাজ (বিলোকনতঃ) কেও আচার্য্যমহাশয়! প্রণাম হই, ইনি কি অধ্যাপক? ভাল ভাল প্রণাম প্রণাম মহাশয়! বস্তে আজ্ঞা হউক। মন্ত্রিবর। হাঁ মহারাজ ইনিই অধ্যাপক বটেন, আগামী মাঘমাসীয় ত্রয়োদশ দিবসে গুরুবাসরে শুক্লপক্ষীয় তৃতীয়া তিথিতে বিদ্যারম্ভ হইবেক, আচার্য্য মহাশয় কর্ত্তৃক দিন নিরূপণ হইয়াছে (পরে অধ্যাপক পানে অঙ্গুলী ভঙ্গিক্রমে দর্শাইয়া) ইনিই এতন্নগরীয় অধ্যাপকের শিরোমণি, ব্যাকরণাদি ষড়্দর্শনবেত্তা, নীতিশাস্ত্র জ্ঞাতা বটেন, ইঁহাকে রাজকুমারের অধ্যাপকের

যোগ্যপাত্র বিবেচনা করিয়া রাজ সন্নিধানে উপস্থিত করিয়াছি, ইঁহার নাম ভূদেব ভট্টাচার্য্য, উপাধি বেদ-পঞ্চানন, এক্ষণে মহারাজের যেরূপ আজ্ঞা।

ভূপতি। ভাল ভাল, অহে মন্ত্রীবর! বিদ্যারম্ভের দিন উত্তমই হইয়াছে, শ্রুত আছি অধ্যাপক মহাশয়ও বিজ্ঞ বটেন কিন্তু অধ্যাপক বৃদ্ধ হইলে স্বভাব অতি শান্ত হইয়া পরে ছাত্রগণকে শাসন না করিয়া স্নেহই করিয়া থাকেন, এতাবতা ছাত্রগণ বৃদ্ধ অধ্যাপককে বড় ভয় শঙ্কা করে না, এই একটী দোষ দেখিতেছি।

অধ্যাপক। মহারাজ যাহা অনুমতি করিতেছেন তাহা অযথার্থ বলিতে পারি না, শাস্ত্রেও আছে "লালনাৎ বহবো দোষাস্তাড়নাৎ বহবো গুণাঃ। অপিচ। লালয়েৎ পঞ্চ-বর্ষাণি দশবর্ষাণি তাড়য়েৎ" ইত্যাদি, কিন্তু এই তাড়না পাঠ শিক্ষা নিমিত্ত নহে, পাঠশিক্ষা নিমিত্ত তাড়না সম্যক্ প্রকা-রেই অবিধেয়, রাজাজ্ঞা হইলে তদ্বিষয়ে কিঞ্চিৎ নিবেদন করিতে পারি।

মহারাজ। যে আজ্ঞা বল্‌তে আজ্ঞা হউক।

অধ্যাপক। মহারাজ! শৈশবাবস্থায় বুদ্ধির অস্থৈর্য্য আর অব্যবস্থিতচিত্ততা হেতুক বালকদিগের স্বভাব এমনি দূষণীয় থাকে যে অকারণে নিত্য নিত্য নানাকর্ম্মাচরণে উহার চিত্ত নিবিষ্ট করে। এমন কি যেকর্ম্ম করণে যতই উহাদিগকে নিবৃত্ত থাকিতে বলা হয় ততই বিপরীতাচরণে উহাদিগের মনোবৃত্তি তেজস্বিনী হয়। তদ্ধেতুক বালক-গণ সর্ব্বদাই নিষেধ লঙ্ঘন করিয়া আপনাদিগের মনো-

ভীষ্ট সাধনে যত্নবান হইয়া থাকে, এবং যেকর্ম্ম করিতে প্রবৃত্তি দেওয়া হয়, আপনাদিগকে কাহারো অনধীন জ্ঞান করিয়া তদ্বৎ আচরণে তাচ্ছল্য করে, বরং বিরুদ্ধ আচরণ করিয়াও থাকে। ইহা উহাদিগের শুদ্ধ স্বভাবসিদ্ধ মানসিক ধর্ম্মের চিহ্ন ভিন্ন নহে। মহারাজ! বস্তুতঃ এই সময়ে যদ্যাবৎ প্রাণির অন্তঃকরণেই এই প্রকার স্বাধীনতার বাঞ্ছা জাগরূক থাকে, কিন্তু কালক্রমে নানাকারণে সেই ভাব অভাব হইয়া আপনাদিগকে পরাধীনতার অধীন করিতে বাধ্য হয়। যথা

মনুষ্যগণ যৎকালে বয়ঃপ্রাপ্ত হয় আর বুদ্ধি বৃত্তির উপলব্ধি করিতে থাকে তখন তাহারা উত্তরোত্তর সাংসারিক সুখসম্ভোগ ও আত্মরক্ষা এবং উদর পোষণার্থ অর্জ্জনস্পৃহাদি কতিপয় বৃত্তির অনুগত হইয়া থাকে। পক্ষীগণও শাবকাবস্থা ত্যক্ত হইতে হইতে মাতা পিতাই উহাদিগের সমুচিত আহার প্রদানে বিরত হইয়া থাকে, অতএব তজ্জাতীয়ের অন্তঃকরণে আহার আহরণের চেষ্টাই সর্ব্বাগ্রে উদ্ভূত হয়, তৎপরে উহারা নীড় নির্ম্মাণের ও পক্ষিণী সম-প্রাপ্তির যত্ন ও উদ্যোগে নিবিষ্ট হয়, উত্তরোত্তর অণ্ড এবং শাবক পোষণের অধীনতায় আত্ম সমর্পণ করিয়া অথবা মৃগয়ু কর্ত্তৃক ধৃত হইয়া মনুষ্যের আয়ত্তের অধীন হইলে অগত্যা কাযে কাযেই স্ব স্ব স্বাধীন সমপদ পদচ্যুত হইয়া পরাধীনতার শৃঙ্খলে আপনাদিগকে বদ্ধ রাখিতে বাধ্য হয়। এবম্প্রকার পশুদিগের পক্ষেও ঘটে। মহারাজ! যদিচ প্রাণিগণ আপনাদিগকে পরাধীনতার শৃঙ্খলে বদ্ধ

করিয়া থাকে কিন্তু তথাচ তাহাদিগের অন্তঃক্ষেত্র হইতে সেই স্বাধীন সম্পদ্ পুনঃ প্রাপণের স্পৃহাটি একবারে অস্ত পাইয়া থাকে না, সময়ে সময়ে এক একবার স্বাধীনতা লাভের বিশেষ চেষ্টা পাইয়া থাকে তদর্থে কোন না কোন সময়ে কিঞ্চিৎ কালের নিমিত্ত হইলেও তাহাদিগের মনোরথ রথ-লক্ষিত স্থানে উপনীত হয়। এ অবস্থায় বালকগণ যে স্ব স্ব স্বাধীনতা রক্ষায় সচেষ্ট হইবে বিচিত্র কি? বিশেষতঃ বালক-দিগকে অন্য কোন বিষয় চেষ্টায় বাধ্য থাকিবার প্রয়োজন করে না সুতরাং উহাদিগের মনোবৃত্তি প্রায়শঃ ক্রীড়া করণেই ধাবিত হইয়া থাকে, অতএব উহাদিগের এই কৌমারকালীয় স্বাধীন সম্পদ্ হরণ করিতে অর্থাৎ উহা-দিগের ইচ্ছার বিরুদ্ধ বিষয়ে প্রবৃত্তি জন্মাইতে হইলে কৌশলক্রমে উহাদিগকে বিদ্যার্জ্জনাদি নানা সদ্বৃত্তির উপদেশ প্রদান করিতে হইবে, প্রসন্নভাবে উহাদিগের সহিত আলাপ ব্যবহার করিতে হইবে, ফল সদ্বৃত্তি আশ্রয় পক্ষে উহাদিগের শ্রদ্ধা ও লালসা এবং উৎসাহ যাহাতে বৃদ্ধি পায় তাহাই করিতে হইবে, অন্যথা তাড়নাপূর্ব্বক উহাদিগের বালস্বভাবের অভাব করিতে চাহিলে বালকগণ মনঃপীড়া-গ্রস্ত এবং সমস্ত বিষয় হইতে উৎসাহ ভঙ্গ হইয়া চিন্তাকুল হয়, তদ্গতিকে বুদ্ধি ও মেধাশক্তি হ্রাস পায়, সাহস নষ্ট হয় ও মনের স্ফূর্ত্তি থাকে না ইত্যাদি নানা দোষ ঘটে। বস্তুতস্ত বিদ্যা শিক্ষার ও বুদ্ধিবৃত্তি মার্জ্জিতের পক্ষে যে কতই ব্যাঘাত হইয়া পড়ে তাহার সীমা নাই, মহারাজ অধিক কি নিবেদিব।

(তদাকর্ণনে মহারাজ মন্ত্রীর প্রতি) মন্ত্রি! ভূদেব ভট্টাচার্য্য যাহা বক্তৃতা করিলেন তাহা নিতান্তই চারু বোধ হইল অতএব ইঁহাকেই অধ্যাপকত্বে নিয়োগ করা হউক।
(মন্ত্রী করপুটে) যে আজ্ঞা মহারাজ!

প্রথমাঙ্ক।

পাঠারম্ভ।

অনন্তর মহা সমারোহ পূর্ব্বক নির্দ্ধারিত শুভাহে ভূপতির অনুমত্যনুসারে রাজকুমারের বিদ্যারম্ভ করান হয়। বিদ্যারম্ভের পর এক দিবস পাঠ বিরামের নিয়ম থাকাতে পরদিবস বিরাম দিয়া তৎপরাহে ভূদেব ভট্টাচার্য্য বিদ্যালয়ে উপস্থিত হইলে ভৃত্যগণ কর্তৃক রাজকুমার তদীয় বয়স্য সহিত ভট্টাচার্য্য মহাশয়ের সমীপে আনীত হন। রাজকুমার অধ্যাপকের পদস্পর্শ পুরঃসর প্রণাম এবং পদপাংশু মস্তকে ধারণ করিলে।——

অধ্যাপক। বিদ্যালাভ হউক, বাবা আজ্ অবধি লেখা পড়া কত্তে হবে।

রাজকুমার! যে আজ্ঞা গুরুমহাশয়!

অধ্যাপক। অয়মারম্ভঃ শুভায়। একদন্তং মহাকায়ং লম্বোদর গজাননং। বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহং।

নমঃ সরস্বত্যৈ নমো নিত্যং পুরাণগুরবে নমঃ ইত্যাদি পাঠ করাইয়া রাজতনয়প্রভৃতিকে কবার করে অকারাদি ক্ষকারান্ত পঞ্চাশৎ বর্ণ পাঠ দিয়া বাপুরা! এক্ষণে পাঠ বিরাম কর, বয়স্যগণের সঙ্গে একবার বেড়িয়ে এসো; আমি তোমাদিগের লিখ্‌বার জন্যে পাত্ আঁক্‌ছি, শেষে লিখ্‌তে হবে।

রাজকুমার। গুরুমহাশয়। সে কি, তবে কি সারা-দিনই আমাদের এখানে থাক্‌তে হবে?।

অধ্যাপক। না বাবা তা নয় তোমাদের সর্ব্বদা এখানে থাক্‌তে হবে কেন! যখন তোমাদের ইচ্ছা হয় তখনি খেলাতে পাবে। কিন্তু বাবা! দিনমানের মধ্যে যা পড়বে তা একবার লিখ্‌তে হবে, নতুবা শিক্ষা হবে না।

রাজকুমার। গুরুমহাশয়! পাত্‌ লিখলেইত যেতে পাব?।

অধ্যাপক। হাঁ বাবা! তুমি খেলাকর্ত্তে চাও ত এখনি যাওনা কেন?।

রাজকুমার। না গো না আমি এখনই লেখাটুকু লিখে যাব।

অধ্যাপক। ভাল ভাল বাপু! না হবে কেন রাজার ছেলে কি না রাজার মত আস্‌বে, লিখ্‌বে পড়্‌বে, তবেইত দুদিন পরে রাজা হবে (কর প্রসারণপূর্ব্বক) ধর বাবা এইকটা অক্ষর লিখে ফেল ত। (অন্য ছাত্রের প্রতি) তোমরাও নেজাও, লিখ গে।

রাজকুমার। গুরুমহাশয়! আমি কি দিয়ে লিখ্‌ব।

অধ্যাপক। এই নেও বাপু! কালী কলম। কলম ধর্ত্তে হয় কেমন করে তা জান? এই হে দেখ। এমনি করে এঁটে ধরে পরে কালী দে বেশ্‌ করে লিখ।

রাজকুমার। যে আজ্ঞা দিন্‌ [পরে অঙ্কিত পাত কখানি রাজ পুত্র এবং বয়স্য ছাত্রগণ লিখ্‌তে প্রবর্ত্ত হইলে]

অধ্যাপক। বাবা! একটু আখরের পানে চেয়ে ধীরে ধীরে ভাল করে লিখ। তা হলে শীঘ যেতে পাবে, ভাল

খেতে পাবে, ভাল পর্‌তে পাবে, রাজা এবং রাণীর আদরের পাত্র হবে।

(অনন্তর কিছু কাল মধ্যে রাজকুমার পাত্‌কখানি লিখিয়া) গুরুমহাশয়! পাত্‌ লিখছি দেখুন্।

(যদিচ লিখা ভাল হইয়াছিল না, তথাচ উৎসাহ বৃদ্ধির জন্য) গুরুমহাশয়। বেশ্ ২ যাও বাবা খাবার বেলা হয়েছে। (অন্যদের প্রতি) ওহে তোমারাও যাও। (রাজকুমার অমনি গাত্রোত্থান করিলে)

অধ্যাপক। না না বাবা, ওমন না পাঠশালায় আসবার বেলা আর পাঠশালা থেকে যাবার বেলা একবার সরস্বতী এবং অধ্যাপককে প্রণাম কর্ত্তে হয়।

রাজকুমার। যে আজ্ঞা। নতমস্তক হইয়া পাঠ করুণ।

অধ্যাপক। পাঠ করিতে আরম্ভ করিলেন।

ব্রহ্মস্বরূপা পরমা জ্যোতিরূপা সনাতনী।

সর্ব্ববিদ্যাধিদেবী যা তস্যৈ বাণ্যৈ নমো নমঃ।।

যয়া বিনা জগৎ সর্ব্বং মূকমুন্মত্তবৎ সদা।

বাগধিষ্ঠাত্রী দেবী যা তস্যৈ নিত্যং নমো নমঃ।।

(রাজকুমার সরস্বতীর স্তব পাঠপূর্ব্বক মস্তক উত্তোলন্ করিয়া অধ্যাপকের পদরজ লইয়া) গুরুমহাশয়! আজ্ঞা হয় ত এক্ষণে যেতে পারি।

অধ্যাপক। হাঁ বাবা (অপর ছাত্রের প্রতি কটাক্ষ করিয়া) ওহে তোমরা বলে কয়ে নিয়ে এসো, যাও তোমরাও খাওগিয়ে।

(অনন্তর বয়স্যগণ এবং রাজকুমারের পুরঃপ্রবেশ।)

রাজরাণী। (কুমারকে দেখিয়া সহাস্য আস্যে) এসো বাপু আজ্‌কি পড়তে গিয়েছিলে ?

রাজকুমার। হাঁ মা, আমাদের গুরু মহাশয় বড় ভাল মানুষ, ছেলে পেলেদের বড় ভাল বাসেন্। আমাদের খেলবারও ছুটি দিবেন বলেছেন।

রাজরাণী। ভাল ভাল বাপু! ওরে বংশে ছেলেকে নাইয়ে দেত, বাবা বেলা হয়েছে চাট্টি্ড খেয়ে এসো পরে ঘুমিও বা খেলা করো, তদনুরূপ ভৃত্যগণ রাজকুমারকে স্নান করাইয়া বসন ভুষণে ভুষিত করিয়া রাজরাণীর নিকট আনয়ন করিলে"

রাণী। (রাজতনয়কে আহার করাইয়া) বাছা একটু ঘুমাওগে রোদে বেড়িও না।

রাজকুমার। মা! তবে চল্লেম্। (রাজকুমার বয়স্যগণের প্রতি কটাক্ষ করিয়া) ওহে শশী! ও বাঁশি চলগে একবার ঘুমিয়ে পরে খেলাব।

বয়স্য। হাঁ ভাই! চল।

"তাবতের শয়নমন্দিরে গমন ও শয়ন এবং দিবসের পঞ্চম ভাগাবসানে জাগ্রত হইয়া সবয়স্যগণ ক্রীড়াস্থানে গমনপূর্ব্বক কুতূহলে কিঞ্চিৎকাল ক্রীড়া করিবার পর"

বয়স্যগণ। (ব্যস্তক্রমে) ভাই! আমরা টোলে চল্লেম্।

রাজকুমার। কিছুকাল পরে যাব। এক্ষণে খেলাওনা কেন?

বয়স্যগণ। না গো না গুরুমহাশয় মুখ্ কর্ত্তে পারেন।

রাজকুমার। তবে চল ভাই আমিও যাব।

"অতঃপর বয়স্যগণ বিদ্যালয়ে উপনীত হইয়া প্রাতঃ-কালীয় নিয়মানুসারে অধ্যাপককে প্রণাম করিয়া সকলেই পাঠারম্ভ করিলেন, পাঠাভ্যাস করত সায়ং সময়ে অধ্যাপক এবং সরস্বতীদেবীকে প্রণাম করত গমন কালে"

অধ্যাপক। রাজকুমার! বাবা এক্ষণে তুমি যেয়ে কি করিবে?

রাজকুমার। যেয়ে কিছুকাল খেলিয়ে বেড়িয়ে ঘরে যাব।

গুরুমহাশয়। বাবা খেলা করা, খেয়ে শোয়াত আছেই, তা তো সকলেই করে থাকে, তুমি রাজার ছেলেহয়ে সাধা-রণ জনের ন্যায় খেয়ে শুয়ে কাল্ কাটানো কি উচিত? রাজ-পরিবারের ত এ নিয়ম নয়।

রাজকুমার। গুরুমহাশয়! তবে আর কি কর্ত্তে হবে বলুন্ না কেন?

অধ্যাপক। শুন বাপু তবে শুন! সন্ধ্যাবেলা প্রথমতঃ হাত মুখ্ ধুয়ে ৺ ঠাকুর ঘরে গিয়ে দেবতা সকলকে প্রণাম কর্ত্তে হয়। এবং আপন পিতা মাতাকেও ভক্তি প্রণতি কর্ত্তে হয়। বাপু! তুমি রাজার ছেলে কদিন পর তুমিইত রাজা হবে, এক্ষণে ইহা না শিখ্‌লে আর কখন শিখ্‌বে। আরো বলি বাবা! সন্ধ্যার পর একবার পাঠ শিক্ষাও কর্ত্তে হয়। এর পর পাক্ হোলে যখন তোমাকে ডেকে নে যাবে তখন খেয়ে শোবে ইহাইত রাজকুলের নীতি।

রাজকুমার। যে আজ্ঞা গুরুমহাশয়! সন্ধ্যার পরে কি আর খেলা কর্ত্তে পাব না?

অধ্যাপক। বাবা খেলা কর্ত্তে পাবে না কেন। দুপর-বেলা কি অপরাহ্নে যখন লেখা পড়া না থাকে তখন তুমি খেলাবে বেড়াবে বৈ কি।

রাজকুমার। ভাল গুরুমহাশয়, তা যেন কর্ত্তে পাল্লেম্, আর হাত মুখ ধুয়ে দেবতা প্রণামও যেন কল্লেম্, মাকে বাবাকে প্রণাম করার কারণ কি?

অধ্যাপক। বাবা! দেবতা হতে পিতা মাতা কোনমতে কম্ নন্। শুন বলি "পৃথিব্যাং গুরুতরা মাতা, পিতুশ্চ গগণা দপি"। পৃথিবীহইতেও মাতা শ্রেষ্ঠা গুরু এবং পিতা গগণহইতেও শ্রেষ্ঠ গুরু বটেন্ অতএব পিতা মাতা সর্ব্বথারূপে সন্তানের বন্দ্য ও পূজ্য।

এতাবিতা ভক্তি ও শ্রদ্ধার সহিত পিতা মাতাকে সেবা করা, ও তাঁহাদিগের আজ্ঞা পালন করা এবং তাঁহাদিগের চরণ বন্দন করা সন্তানের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয় কর্ম্ম। বাবা! তুমি রাজার ছেলেহয়ে এমন কথাটি বল্লে। (সহাস্যে হা হা হাঃ) বাবা! এমন কথা আর কখনো কারো কাছে বলো না শুন বলি। তোমার মাতা তোমাকে দশম মাস-পর্য্যন্ত গর্ব্ভে ধারণ, আর কতই যে ক্লেশ ভোগ করে তোমাকে পেলেছেন তা কবার নয়। তোমার ভুমিষ্ঠাবধি দুগ্ধ দিয়ে প্রাণ বাঁচায়েছেন। ক্রমে তোমার যতই বয়োবৃদ্ধি হতে লাগ্‌লো ততই তোমার লালন পালনে এমনি মগ্ন ছিলেন যে আপনার প্রাণ যাওয়ার সম্ভাবনা হলেও তোমার যত্নের ত্রুটী করেন নাই, আবার তোমার কিছু পীড়া দেখ্‌লে অমনি আহার নিদ্রা ছেড়ে উন্মাদিনীর ন্যায় আরোগ্য চেষ্টায়

দিবা রাত্রি যাপন করেছেন। তেমনি তোমার পিতা যিনি তোমাকে জন্ম দিয়াছেন, যাঁহার প্রসাদাৎ তুমি এই পৃথিবীস্থ সমস্ত সুখ সম্ভোগের অধিকারি হইয়াছ। আর সমস্ত সুখের উপভোগ কর্ত্তেছে এবং যাঁহার বংশধর হয়ে এক ভুখণ্ডের উত্তরাধিকারী হয়েছ তিনি তোমার রক্ষা ও শিক্ষার নিমিত্ত কত কত যত্ন এবং অর্থব্যয় করেছেন আরো করবেন্ সীমা কি? এতাবতা পিতা মাতার তুল্য গুরু কি আর কেউ আছে? অতএব তুমি মাতা পিতাকে অত্যন্ত শ্রদ্ধা ভক্তি করো, আর তাঁহারদিগের আজ্ঞা পালন্ এবং যাতে তাঁরা তুষ্ট থাকেন তাই করো।

রাজকুমার। যা বল্লেন্ তা অবশ্য করবো; কিন্তু আমি জানি আপনিই এক গুরু আপনি বল্লেন কি, মা, বাপো গুরু এ কেমন?

অধ্যাপক। ওঃ বাপু! তা জান না তবে বলি শুন। আমিও তোমার গুরু বটি। তোমার জনক জননীও তোমার গুরু বটেন। তদ্ভিন্ন আরো গুরু আছেন। মাতা পিতা তোমার জন্মদাতা গুরু, আমি তোমার শিক্ষাদাতা গুরু, যিনি তোমাকে অধ্যাত্মতত্ত্ব উপদেশ দিবেন্ তিনি তোমার দিক্ষা গুরু, তদ্ভিন্ন তোমার পিতা মাতার জ্যেষ্ঠ, কনিষ্ঠ, জ্ঞাতি কুটুম্ব যত আছেন এবং তোমার ভ্রাতা ও ভগিনীবর্গের মধ্যে যে কেহ তোমার বড়, তাঁরাও তোমার গুরু তুল্য পূজ্য বটেন। বাবা! এ সকলকে তুমি কখনো অমান্য করো না, তাঁরা তাবতই তোমার মঙ্গলাকাঙ্ক্ষী।

(অতঃপর রাজকুমারের পুরঃপ্রবেশ, অধ্যাপকের স্বস্থানে

প্রস্থান) প্রভাতে অধ্যাপক পাঠ শালায় উপনীত হইয়া দেখেন্ রাজকুমার সবয়স্য পাঠারম্ভ করিয়াছেন।

(তাহাতে গুরুমহাশয়, হর্ষে পুলকোদ্গাম হইয়া) ভাল ভাল বাছাগণ, পড় পড়,) আস্তে ব্যস্তে ছাত্রগণ গাত্রোত্থান করিয়া অধ্যাপকের পদরজ ধারণপূর্ব্বক)

ছাত্রগণ। গুরুমহাশয়! আমাদের কালকার পাঠ মুখস্থ হয়েছে।

অধ্যাপক। ভাল বাপুরা! তবে এসো আর একটি পাঠ নে যাও।

(তদনন্তর অধ্যাপক ছাত্রগণকে পাঠ প্রদান করেন্)

অধ্যাপক। (রাজনন্দনের প্রতি) বাপু! এপাঠটি শীঘ্র মুখস্থ কর দেখি।

রাজকুমার। যে আজ্ঞা (ক্ষণকাল পাঠ করিয়া সবয়স্য রাজকুমার) গুরুমহাশয়! পাঠ মুখস্থ হয়েছে কি না দেখুন্? (এই বলে রাজনন্দন প্রভৃতি পাঠটি পাঠ করে নিরব হলে)

অধ্যাপক। ভাল বাবা হয়েছে হয়েছে।

রাজকুমার। গুরুমহাশয়, তবে এক্ষণে আহার কর্ত্তে যেতে পারি।

অধ্যাপক। আচ্ছা বাবা যেতে বাধা কি, কিন্তু বাপু একটু লেখা তো আছে, যদি এবেলা লেখাটি সেরে যাও তা হলে দুপরে আর লিখবার আস্তে হবেনা।

(তচ্ছ্রবণে রাজকুমার বিমর্ষ হইলে) অধ্যাপক (রাজকুমারের মুখ পানে চেয়ে) বাপু! তুমি না লিখ্লে, আমি যেন কিছু না বল্লেম্, মহারাজা জিজ্ঞাসা কল্লে কিবলবে

বল দেখি? যদি লিখার কথা না বল্‌তে পার তবে যে মুখ্খ করবেন্।

রাজকুমার। দিন, দিন, তবে পাত্ কখানা লিখেই যাব।

অধ্যাপক। এইত রাজার ছেলে হবেনা কেন, ধর ধর বাছা পাত্ কখানা নে যাও শুন বাবা, কেবল পাত্ কখানা লিখলে হয় না, মনোযোগ করে আখরের শানি ও ভঙ্গির পানে দেখ্‌তেও হয়। মনে ২ আখরের ভাব ভঙ্গিতে ধ্যান রাখ্‌তে হয়।

রাজকুমার। যে আজ্ঞা গুরুমহাশয় আমি লিখ্‌ছি, আপনি দেখুন্ দেখি। কিন্তু অতশীঘ্র কেমন করে লিখে উঠ্‌ব তাই ভাব্‌ছি।

অধ্যাপক। আমি অমনশীঘ্র চাইত না, ৮।১০ দিনের মধ্যে বাবা লিখে উঠ্‌তে পাল্লেই হয়।

রাজকুমার। ওঃ ৮।১০ দিনেইত এমন আখর চেতে চান্? তা হলে ভয় করিনে।

(এই বলিয়া পাত্ কখানা লিখিয়া) গুরুমহাশয়, লেখা-হলো কি না দেখুন্।

(যদিচ লিখা উত্তম হইয়াছিল না তথাচ উৎসাহ বৃদ্ধির জন্যে)

অধ্যাপক। হয়েছে ত একবার পড় দেখি।

(পরে রাজকুমার পাত্ কখানা পাঠ করিয়া বয়স্যগণ সহিত পুরঃপ্রবেশপূর্ব্বক স্নানাহার করত শয়ন করেন অপরাহ্ণে নিদ্রাহতে গাত্রোত্থান করিয়া কিঞ্চিৎকাল ক্রীড়া করণান্তর)

রাজপুত্র। ওহে শশি, তোমরা পাঠশালায় যাবে না? চল চল হে। (এই বলিয়া সবয়স্য পাঠশালায় গমন এবং পাঠাধ্যয়ন ও পুনঃ পাঠ গ্রহণ করত আবৃত্তি করিয়া সায়াহ্নে পুরঃপ্রবেশ উদ্যোগ করিলে)

গুরুমহাশয় (রাজকুমারকে সম্বোধন করিয়া) বাপু এক্ষণে বাড়ির মধ্যে গিয়ে কি করিবে, একবার সম্মুখের দিঘীর বাঁধা ঘাটে কি বাগানে কি যে জায়গায় ভাল বাতাস পাওয়া যায়, আর যে স্থান দেখ্‌তে খুব ভাল ওখানে যেয়ে একবার বেড়াও না কেন?

(তচ্ছ্রবণে রাজকুমার বয়স্যের মুখপানে চেয়ে) ভাই! চল না বেশ্‌ত দেখে শুনে আসবো।

বয়স্যগণ। চলুন্।

(তদনন্তর ভ্রমণ করিতে উদ্যানে প্রবেশ হয়ে, নানাবিধ ফুল, ফল, পল্লবশোভিত শাখীসমস্তোপরি পাখীগণ রাজিত মনোহর উদ্যানবায়ু সেবা করত কৌতুহলাবিষ্ট হওত রজনীমুখ সময়ে রাজকুমার সবয়স্য পুরঃপ্রবেশ করিয়া অধ্যাপকের পূর্ব্ব আজ্ঞানুসারে করচরণাদি প্রক্ষালণ করিয়া কুলদেবতা এবং মাতা, পিতার চরণ বন্দন-পূর্ব্বক নিয়মিত পাঠ আবৃত্তি করত ভোজন অবসানে শয়ন করেন। এই প্রকারে রাজকুমার নিত্য নিত্য সামান্য লিখন এবং ব্যাকরণ ও সাহিত্য অভ্যাস করিতে থাকিলে কিয়ৎকালপর এক দিবস মহারাজ বালকদিগের বিদ্যাশিক্ষার পরীক্ষার্থ অধ্যাপক সহ ছাত্রগণকে আহ্বান করাতে),

সসব্যস্তে ছাত্রগণ। গুরুমহাশয় ইকি?

অধ্যাপক। হাঁ বাপুরা! একবার রাজার সাক্ষাতে যেতে হবে। আর যাহা যাহা লিখেছ, পড়েছ, জিজ্ঞাসামত তাহা বল্‌তে হবে, কি চিন্তা; চল বাপুরা আমিও সঙ্গে যাব; যে জন ভালকরে উত্তর কর্ত্তে পার্‌বে সে জন পুরস্কার পাবে।

ছাত্রগণ। যে আজ্ঞা তবে চলুন্।

[অনন্তর সছাত্র অধ্যাপকের রাজ সভায় গমন]

অধ্যাপক। মহারাজের মঙ্গল হউক।

মহারাজ। প্রণাম, প্রণাম মহাশয়! আস্‌তে আজ্ঞা হউক। আপনার ছাত্র গণের লেখাপড়া শেখা কি রূপ হচ্ছে একবার জান্তে চাই?

অধ্যাপক। যে আজ্ঞা মহারাজ। আমিও চাই একবার পরীক্ষা করা হোক্ তাহাতেই সমস্ত বিদিত হইবেক।

(প্রথমতঃ রাজকুমারের প্রতি মহারাজ কটাক্ষ করত) কুমার। তুমি কি পাঠ কর্ত্তেছ?

রাজকুমার। (প্রণতিপূর্ব্বক সকৃতাঞ্জলি) মহারাজ সন্ধি অবধি কৃতপর্য্যন্ত ব্যাকরণের চারিখানা বৃত্তি আবৃত্তি করিয়াছি। আর সাহিত্য এবং সামান্য লিখা পড়া শিক্ষা কর্ত্তেছি।

মহারাজ। আচ্ছা বাবা! তবে তোমাকে কয়টি প্রশ্ন করা যাচ্ছে তাহার উত্তর লেখ দেখি।

রাজকুমার প্রশ্নের দক্ষিণ ভাগে উত্তর লিখিয়া প্রদান করিলে।

প্রশ্ন সন্ধি	উত্তর
নম্বু দণ্ডাগ্রমিত্যত্র তেষাং দ্বৌ দ্বাবিত্যনেন দ্বয়োঃ সবর্ণত্বাৎ অগ্র-শব্দস্যাকারস্য সবর্ণত্বাভাবাৎ কথং দীর্ঘঃ স্যাদিতি।	চেন্ন তেষাং দ্বৌ দ্বাবিত্যন্যান্য-গ্রহণাৎ প্রত্যেকাপেক্ষয়া প্রত্যেকস্য সবর্ণত্বাৎ দীর্ঘঃ স্যাদিতি।
ঐ চতুষ্টয়ঃ নম্বু সর্ব্বাসামিত্যত্র সর্ব্বশব্দ-স্যাকারান্তত্বাভাবাৎ সুরাগমঃ কথং স্যাদিতি।	উত্তর চেন্ন সুরামি সর্ব্বত ইত্যত্র সর্ব্বতো গ্রহণবলাদাকারান্তাদপি সুরাগমঃ স্যাদিতি।
ঐ আখ্যাত অথ কুর্ব্ব ইত্যত্র বিকরণোকার-লোপে নিমিত্তাভাবাৎ করোতি রি-ত্যনেন গুণো ন স্যাদিতি।	উত্তর চেন্ন প্রত্যয়লোপলক্ষণন্যায়েন গুণস্য সম্ভবাৎ গুণো ভবত্যেব।
ঐ কৃত অথ প্রখ্যাত ইত্যত্র আতোহন্ত-স্থেত্যনেন তকারস্য নকার স্যা-দিতি বাচ্যং নচ।	উত্তর বাম্নিষ্ঠৈত্যত্র খ্যাদির্বর্জ্জনাৎ।

মহারাজ। (উত্তর অবলোকনতঃ) অহে মন্ত্রী! রাজ-কুমারের এই উত্তর কটা ত বড় মন্দ হয় নাই। ভাল দেখা যাউক। অন্যান্য ছাত্রের তুমি পরীক্ষা কর দেখি, পরীক্ষা শেষ হলে আমাকে তত্ত্ব দিও।

মন্ত্রী। যে আজ্ঞা মহারাজ।

(আজ্ঞানুসারে মন্ত্রী অন্যান্য ছাত্রগণের পরীক্ষা করত পরীক্ষোত্তীর্ণ ছাত্রগণের নাম শ্রীমন্মহারাজার নিকট ব্যক্ত করিলে)

মহারাজ (পরমহর্ষে) মন্ত্রী! এই অল্পকাল মধ্যে ছাত্রগণের এপর্য্যন্ত ব্যুৎপত্তি হওয়া শুদ্ধ অধ্যাপকের যত্ন

ও শ্রমদ্বারা ভিন্ন নহে। অতএব অধ্যাপকমহাশয়কে কিঞ্চিৎ প্রণামী আর ছাত্রদিগকে পুরস্কারী প্রদান কর।

মন্ত্রী। যে আজ্ঞা মহারাজ কহিয়া, অধ্যাপক ভূদেব ভট্টাচার্য্যকে প্রণামী এবং ছাত্রগণকে পুরস্কার প্রদানতঃ বিদায় করেন।

ইতি প্রথমাঙ্ক।

দ্বিতীয়াঙ্ক।

পরদিবসাবধি রাজপুত্র এবং অন্যান্য ছাত্রগণের ছন্দশাস্ত্র পাঠারম্ভ হয়, কিয়ৎকাল মধ্যে গদ্যপদ্যলক্ষণ, কাব্যলক্ষণ, বাক্যলক্ষণ, ভাবরস, যতিঃপ্রভৃতি সিক্ষা হইলে এক দিবস অধ্যাপকমহাশয় রাজসন্নিধানে উপনীত হইয়া মহারাজ কল্যাণভবতু।

(তদাকর্ণনে, অধ্যাপকের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া)

মহারাজ। প্রণাম হই, কি জন্যে আগমন্। বস্তে আজ্ঞা হউক।

অধ্যাপক। মহারাজ দীর্ঘকাল যাবৎ রাজসদনে অনুপস্থিত, বিশেষতঃ এক্ষণে রাজকুমার প্রভৃতি ছাত্রদিগের কি শিক্ষা হচ্ছে, মহারাজের কিছুই বিদিত নাই। এই কিয়ৎকাল মধ্যে যদি কিছু বিদ্যার্জ্জন হয়ে থাকে তবে তাহারা রাজপ্রসাদ পেতে পারে। তাই নিবেদন কর্ত্তে আসা হয়েছে।

মহারাজ। হাঁ, হাঁ, আমিও তাই মনে কর্চ্ছিলাম, এক্ষণে আপনিও তারি প্রস্তাব কল্লেন্, ভাল ২। মন্ত্রি! তুমি আগত্ত কল্য প্রাতে একবার ছেলেদের নিয়ে এসো দেখি।

মন্ত্রী। যে আজ্ঞা মহারাজ।

(অধ্যাপকের প্রতি)

মহারাজ। আজ্ বেলা অধিক হয়েছে আপনি স্নানাহার করুণ গিয়ে।

অধ্যাপক। যে আজ্ঞা মহারাজ, এক্ষণে বিদায় হই।

(পরে অধ্যাপকের স্বস্থানে প্রস্থান)

প্রত্যূষে নরবরেন্দ্র, মন্ত্রীবর পাঠশালায় উপনীত হইয়া রাজকুমার প্রভৃতিকে লক্ষ করিয়া বাপুরা তোমাদের একবার রাজসভায় যেতে হবে। ইতি মধ্যে তোমাদের কি পাঠ শিক্ষা হয়েছে, মহারাজ পরীক্ষা কর্ত্তে চান্।

রাজকুমার। বয়স্যের দিগে চাহিয়া। কেমন হে পরীক্ষাদিতে যাবে?

বয়স্যগণ। যাবনা কেন চলুন্।

(এমনি সময়ে পাঠশালায় অধ্যাপকমহাশয় উপনীত হন্) দৃষ্টতঃ ছাত্রগণ ব্যস্ত হইয়া প্রণাম পূর্ব্বক গুরুমহাশয়, আমাদের না কি পরীক্ষা হবে? মন্ত্রীমহাশয় ডাক্তে এসেছেন।

অধ্যাপক। ভাল চল বাপুরা, আমিও যাব কিছু ভয় নাই।

(মন্ত্রীবর ছাত্রগণসহ রাজসন্নিধানে উপনীত হইয়া যথানীতি মহারাজকে প্রণাম করিয়া করপুটে দণ্ডায়মান হইলে)

মহারাজ। অপাঙ্গদৃষ্টে রাজকুমারের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া পুলকান্তঃকরণে বাবা! এক্ষণে কি শিক্ষা হচ্ছে?

রাজকুমার। (করপুটে) মহারাজ এক্ষণে গদ্যপদ্য রচনাপদ্ধতি শিক্ষার্থ ছন্দশাস্ত্র পাঠ কর্ত্তেছি।

মহারাজ। বাবা, তবে পঞ্চচামরছন্দের একটী কবিতা পাঠ করে তাহার অর্থ এবং বৃত্তি ও ভাব রসাদির বর্ণনা কর দেখি?

(তৎক্ষণাৎ অন্য ছাত্রগণের মধ্যে একজন অগ্রসর হইয়া)

মহারাজ। রাজকুমার ত ইহা অনায়াসেই বল্‌তে পারবেন্, আজ্ঞা হয় ত আমি ইহার উত্তর করি।

মহারাজ। মনে মনে সেই বালকের সাহসের প্রতি ধন্যবাদ দিয়া) বাছা বল দেখি?

ছাত্র। পঞ্চচামরছন্দ।

পতঙ্গ রঙ্গ রঞ্জিত, প্রভাকর প্রকাশিতঃ, প্রদীপ্ত দিক্ দিগান্তরে, উড়ে নিশানমণ্ডলী। বিনোদবাদ্য বল্লরী, পিনাক ঢাক ঝাঁঝরী, দমাম ঝাঁজ বাজিছে, প্রসঙ্গ যুদ্ধ রঙ্গিণী।

অস্যার্থঃ। পারদের বর্ণে রঞ্জিত, দীপ্তিকারী প্রভাকরের ন্যায় দিক্ বিদিক্ আলোকমান নিশান সমস্ত উড্‌ডীয়মান, এবং চিত্ত প্রফুল্লকর বল্লরী, পিনাক, ঝাঁঝরী, দমামা, ঝাঁজ আদি বাদ্য সমস্ত যুদ্ধ স্থলে বাজিতেছে ইতি।

(এই ছন্দের কবিতা অষ্টাক্ষরী, চতুর্ভাগে অর্দ্ধ, অপরার্দ্ধও তত্তুল্য হইবে, চতুঃষষ্ঠী অক্ষরে এই কবিতা পূর্ণ হয়)

(বালক যদিচ প্রশ্নের উত্তর সম্যক্ রূপে সমাধা করিতে শক্ত হইয়াছিল না তথাচ অনেকাংশের বিবরণ করাতে)

মহারাজ (উৎসাহ বৃদ্ধির নিমিত্ত) ভাল ভাল বাপু! কিন্তু সম্পূর্ণ উত্তরের কিঞ্চিৎ অবশিষ্ট আছে।

(এতৎ কথনানন্তর মৌন থাকিয়া বিবেচনা করিতেছিলেন যে বোধ করি রাজকুমার বা কাব্যশাস্ত্রে বিশেষ পারগ হন্ নাই) (ইতিমধ্যে)

রাজকুমারগণ করপুটে, পিতঃ যদি আজ্ঞা হয় তবে এই প্রশ্নোত্তরের অবশিষ্টাংশের কিঞ্চিৎ বিদিত করিতে পারি।

মহারাজ। আচ্ছা বাবা! বল দেখি? (তখন)

রাজকুমার, অধ্যাপকের পদরজ ধারণপূর্ব্বক কহিতে লাগিলেন। উক্ত কবিতাটী বিরোধভাবের বীররসাত্মক বটে, পরস্পর দ্বন্দ্বজভাবকে বিরোধভাব, আর সমরসম্বন্ধীয় রসকেই বীররস বলা যায়।

এই ছন্দের প্রতি পদে এক বর্ণ লঘু, এক বর্ণ গুরু, দ্বাত্রিংশদক্ষরী মাত্রা বটে, ভাষাতে এই ছন্দঘটিত কবিতা রচনা করিতে প্রায় গুরু লঘু রক্ষা করা হইতে পারে না।

মহারাজ। (আহ্লাদে গদ গদ হইয়া মন্ত্রির প্রতি ভঙ্গি ক্রমে) অহে মন্ত্রীবর, অধ্যাপকের গুণেই বালক সকলের এ পর্য্যন্ত শিক্ষা হয়েছে অতএব তাঁহাকে উপযুক্ত পুরস্কার প্রণামী দাও, আর বেলা অধিক হয়েছে অতএব অদ্য অন্যান্য ছাত্রদিগের পরীক্ষা তুমি নেও গে, আমি স্নান কর্ত্তে যেতে চাই।

মন্ত্রী। যে আজ্ঞা মহারাজ।

ইঙ্গিত অনুসারে উত্তম একটী গরদের জোড়, আর পাঁচটী স্বর্ণ মুদ্রা অধ্যাপকের সম্মুখে উপস্থিত করিলে।

মহারাজ। অহে মন্ত্রী! অধ্যাপকের পদতলে এই প্রণামীদিয়ে ধূলা নিয়ে এসো। (মন্ত্রীবর প্রণামীদিয়া ধূলা

আনিয়া দিলে) মহারাজ স্বহস্তে আপনার এবং রাজ-কুমারের মস্তকে প্রদানন্তঃ। মন্ত্রি ! এইক্ষণে বিবেচনাপূর্ব্বক এই বালকদ্বয়ের পুরস্কারী দেওয়া কর্ত্তব্য।

মন্ত্রী। মহারাজ বটেই ত, আজ্ঞাবহের বিবেচনায় মহা-রাজের দুর্গরক্ষক বীরবাহু বর্ম্মের ছেলেকে দুই স্বর্ণ মুদ্রা এবং রাজ তনয়কে চারি স্বর্ণ মুদ্রা দেওয়া বিহিত বোধ হইতেছে।

মহারাজ। অহে মন্ত্রী! না গো না, তুমি কেন পুর-স্কারী দেওয়ার পক্ষে এরূপ বিবেচনা কর্ত্তেছ।

আমার বিবেচনায় কুমারকে দুই স্বর্ণ মুদ্রা অপর ছাত্রকে চারি স্বর্ণ মুদ্রা প্রদান কর্ত্তব্য।

(করপুটে) মন্ত্রী। মহারাজের যাহা অভিপ্রায় তাহাই উচিত। অন্যথা কি, কিন্তু অপরছাত্রে যাহা বল্‌তে পারে নাই তাহার বিশেষ বর্ণনা রাজকুমার করেছেন, অতএবই অধীনের বিবেচনায় রাজকুমারকে অধিকাংশ পুরস্কার দেওয়া বিহিত বোধ হচ্ছে।

মহারাজ। অহে মন্ত্রী! হাঁ হাঁ তা বটে; কিন্তু কুমারের সাহস নাই অপর ছাত্রের বিলক্ষণ সাহস দেখাগিয়াছে। প্রশ্নের অনেকাংশের উত্তরও করেছে অতএব তাকে অধিক পুরস্কারী দেওয়ার বল্‌ছি।

(কর পুটে) মন্ত্রী। মহারাজের যাহা অনুমতি তাহাই যথার্থ; কিন্তু রাজকুমার যেরূপ প্রথমক্ষণে সাহস প্রকাশ করেন্‌ নাই, তদ্রূপ অপর ছাত্রেও প্রশ্নের সম্যগুত্তর সমাধা কর্ত্তে পারে নাই। এতাবত্তা উভয়ই তুল্যপুরস্কারীর যোগ্য বিবেচনা করিলে ভাল হয়।

(তদাকর্ণনে) মহারাজ। ক্ষণকাল মৌনাবস্থায় থাকিয়া মন্ত্রীর পরামর্শ গ্রাহ্য উপযোগী কি না বিবেচনা করিতেছি-লেন। (তৎকালে)

"অধ্যাপক।" ভূপতির অনুমতি হয় ত এ বিষয়ে আমি কিঞ্চিৎ নিবেদন কর্ত্তে পারি।

মহারাজ। বলুন্ না কেন।

অধ্যাপক। রাজমন্ত্রী যে সমস্ত যুক্তি উক্তি করিতেছেন আমাদিগের ক্ষুদ্র বিবেচনায় তাহা অন্যায় বোধ করিতেছি না, বিশেষতঃ প্রথমক্ষণে যে ছাত্র রাজসদনে প্রশ্নোত্তর করে তাহাকে রাজকুমারের তুল্য কদাচ বিবেচনা করা যাইতে পারেনা। যেহেতু এই ছাত্র, রাজধানীর দুর্গ-রক্ষক বীরবাহু বর্ম্মার পুত্র, এতাবতা ইহার অসামান্য সাহস থাকাই উচিত। রাজকুমার কি রূপে সেই রূপ হইবেন। ইঁহার গাম্ভীর্য্যাদি গুণ থাকা আবশ্যক করে, তাহা আছে কি না মহারাজই বিবেচনা করিতে পারেন। (ফলতঃ) রাজকুমার কথিত ছন্দবন্দের বিষয়ে যাহা উত্তর মীমাংসা করিয়াছেন এই বীরভদ্র ছাত্র কর্ত্তৃক তদ্রূপ হওয়া সুকঠিন ছিল। এ অবস্থায় মহারাজের যথাভিরুচি।(তখন) মহারাজা। অহে মন্ত্রী! তবে এই ছাত্রদ্বয়কে সমানরূপেই পুরস্কারী দেও, (মন্ত্রী। গাত্রোত্থানপূর্ব্বক রাজাজ্ঞানুসার সমভাবে পুর-স্কারী প্রদান করিলে, রাজপুত্র এবং বীরভদ্র প্রণাম করিয়া একং স্বর্ণ মুদ্রা মহারাজের পদতলে প্রদানন্ত অধ্যা-পকের পদরজ ধারণানন্তর অবশিষ্ট স্বর্ণমুদ্রা অধ্যাপকের চরণে প্রদান করেন।

অধ্যাপক। জয় হউক, বিদ্যালাভ হউক, চিরজীবী হও।

মন্ত্রী। অহে বাপু, রাজপুরস্কারীহইতে এক স্বর্ণমুদ্রা আপন পিতাকে দিয়া দ্বিগুণ সংখ্যক অধ্যাপককে দিবার কারণ কি? (তদুত্তরে)

রাজকুমার। পিতার প্রসাদাৎ এই বিশ্বসংসার বিলোকন কর্ত্তেছি, পিতার প্রসাদাৎ এই বিস্তৃত রাজ্যের রাজত্বলাভের সত্ববান্ হয়েছি, আমার নিমিত্ত পিতা কত২ আরাধনা করেছেন, কত ক্লেশ ভোগ করেছেন, কত অর্থ ব্যয় করেছেন এবং কর্ত্তেছেন ও করিবেন সীমা কি, এঅবস্থায় তাঁহাকে আমার অদেয় কি আছে যে আমি তদ্দ্বারা তাঁহার সন্তোষ জন্মাব! সুতরাং শিক্ষাগুরু অধ্যাপকমহাশয়কে কিঞ্চিৎ প্রদান করাকেই শ্রেয়জ্ঞান করিয়া তাঁহার পাদপদ্মে এই কিঞ্চিৎ প্রদান করিয়াছি বিশেষত শাস্ত্রেও আছে যে।

গুরোঃ সন্তোষমাত্রেণ বিদ্যাঃ সিদ্ধা ভবন্তি হি।

মন্ত্রী। সাধু২, বাবা, বেঁচে থাক চিরজীবী হও, সুখে রাজ্য ভোগ কর, ধন্য ধন্য!

মন্ত্রী। (করপুটে) মহারাজ শ্রবণ করিয়া থাকিবেন, মহারাজকে এক স্বর্ণমুদ্রা দিবার হেতু জিজ্ঞাসাতে কুমার কি উত্তর কল্লেন্।

মহারাজ। ঝোজোঃ তুমি বোঝ না, যাও ২ অন্যান্য ছাত্রের পরীক্ষা নিয়া পুরস্কার যোগ্য ছাত্রকে পুরস্কারী দিয়া বিদায় কর গে।

মন্ত্রী। যে আজ্ঞা মহারাজ কহিয়া অন্য২ ছাত্রগণের পরীক্ষা লইয়া যথাযুক্ত পুরস্কারী প্রদানপূর্ব্বক বিদায় করেন।

ইতি দ্বিতীয়াঙ্ক।

তৃতীয়াঙ্ক।

অস্বধ্যায় সময়ে গুরুমহাশয় বিদ্যাঽধ্যাপনকার্য্য হইতে নিবৃত্ত হইয়া মধ্যে ২ এক একবার স্বকীয় ভবনে যাইতেন। তৎকালে রাজপুত্র কোন২ সময়ে শিল্পবিদ্যা বা অস্ত্র-বিদ্যাও শিক্ষা করিতেন। কখনো সঙ্গীত বাদ্যাদি অভ্যাস করিতেন, অথবা সবয়স্য উদ্যান ভ্রমণে কৌতুহলাবেশে মগ্ন থাকিতেন। একদা অস্বধ্যায়কালে যে স্থানে রাজমন্ত্রী রাজকীয় নানাকর্ম্ম পরিদর্শন করিতেছিলেন, রাজকুমার তথায় উপনীত হইলে, মন্ত্রীবর (যথোপযুক্ত সম্ভাষণা-নন্তর রাজকুমারের প্রতি) বাপু! কেন আগমন হয়েছে, কিয়ৎকাল পরে ত আপনাকেই এসমস্ত কার্য্যের ভার নিতে হবে, বৃদ্ধ মহারাজ দীর্ঘকাল যাবৎ রাজকার্য্য করত জীবনের অবশিষ্টকাল পারত্রিকের কার্য্যের (অর্থাৎ তীর্থপর্য্যটনের) কল্পনা কচ্ছেন, অতএব নিবেদন, মধ্যে২ এক একবার অপনি এসমস্তের প্রতিও দৃষ্টি কর্ত্তে থাকুন্।

রাজকুমার। (মন্ত্রীর প্রতি) অঙ্গুলি ভঙ্গিক্রমে এগুণো কি একবার আমায় দেখান্ দেখি?

মন্ত্রী। যে আজ্ঞা, দেখুন্ (এই কহিয়া)

(প্রথমতঃ ভূমিপরিমাণসম্বন্ধীয় লিপি সমস্ত উপস্থিত করিলে) রাজপুত্র, দৃষ্টি করিয়া তাহার বিশেষ কিছুই বুঝিতে

না পরিয়া, ক্ষণকালপর (মন্ত্রীর প্রতি) ইহা রাখুন্। আর কি কি আছে আনুন্ দেখি।

মন্ত্রী। তৎক্ষণাৎ আয়, ব্যয়, স্থিতি নিরূপক লিপি পত্র উপস্থিত করিলে (রাজপুত্র তাহাও দৃষ্টি করিয়া) আচ্ছা, রাখুন্ কালক্রমে যখন যাহা হয় করা যাবে চিন্তা কি।

(এই বলিয়া উন্মনস্কভাবে তথা হইতে স্বীয় ভবনে আসিয়া আপনাকে অঙ্কবিদ্যায় অজ্ঞ বিবেচনায় মনোদুঃখে তদ্দিন যামিনী যাপন করেন্। প্রভাতে বিদ্যালয়ে উপস্থিত হইয়া অধ্যাপকের চরণে প্রণাম করতঃ) গুরুমহাশয়! বোধ করি আমাদের প্রতি আপনকার সম্যক্ প্রকার করুণা কটাক্ষ নাই। নচেৎ একাল মধ্যে কেন আমরা অঙ্কবিদ্যা শিক্ষা পেলেম্ না। গত কল্য রাজকীয় ভুমিপরিমাণ, এবং আয়, ব্যয়, স্থিতি নিরূপক পত্রাদি দেখে কিছুই বুঝিতে পাল্লেম্ না।

অধ্যাপক। বাপু, এবিদ্যা এমন কঠিন না, পণকিয়া, বুড়িকে, কড়াকে, গণ্ডাকে, সেরকিয়া, চৌককিয়া, কাঠাকিয়ে, অঙ্কমান্ প্রভৃতি তাবতই শিক্ষা করেছ, এবং অঙ্ক লিখ্তেও শিখেছ, কেবল অঙ্কপাতন ভুমিপরিমাণের সঙ্কেতাদির কিয়দংশ শিক্ষা দেওয়াই অবশিষ্ট শিখে নেও না কেন? বাবা, আমার ইচ্ছাছিল আগে তোমাকে নীতি শিক্ষা দেই, কেন না তুমি রাজার ছেলে, তোমার রাজনীতি শিক্ষাই প্রধান প্রয়োজন। যে হউক তুমি যাই শিখ্তে চাও তাই শিখ।

বাপু, ভুমিপরিমাণবিষয়ক কাগজের মূল চিঠা, তাহাতে ভুমির দীর্ঘ, প্রস্থ ও চতুঃপার্শ্বের সীমা, এবং ভুমির

সংখ্যা, আর ভুস্বামীর ও পরস্পর সত্ত্বাধিকারির নাম, ধাম, লিপি থাকে।

তদ্দৃষ্টে খতিয়ান করা হয়, তাহাতে ভূমির স্থূল প্রকার এবং ভুস্বামীর ও প্রজার নাম এবং কত খণ্ড ভূমি, কোন প্রজার নীচে আছে, তাহার মোট সংখ্যা ইত্যাদি থাকে।

তৎপরে সেই খতিয়ান দৃষ্টে তেরিজ অর্থাৎ প্রত্যেক খণ্ড ভূমির হাসিল, খিলাদির প্রকার, ও প্রত্যেক প্রজাওয়ারী জমীর সংখ্যা ইত্যাদি লিপি হইয়া থাকে।

তদৃষ্টে জমাবন্দি করিতে হয়। জমাবন্দিতে মোট জমী, জমার নিরেখ ও জমার সংখ্যা লিপি থাকে, সর্ব্বশেষ ঐ জমাবন্দি অনুসারে পাট্টা, কবুলতি হইয়া থাকে। তাহাতে প্রজাও ভূম্যধিকারীর মধ্যে রাজস্ব আদান প্রদান বিষয়ক অঙ্গীকার সমস্ত লিখা যাইয়া থাকে। তাহা দেখিয়াই তৌজি প্রস্তুত হয়, তৌজিতে প্রজার নাম, ধাম, এবং ভূমি ও রাজস্ব সংখ্যা লিপি থাকে। তদ্দ্বারাই রাজস্ব সংগ্রহ করা হয়।

বাপু, ইহার প্রত্যেক প্রকার আমি দেখিয়া দিচ্ছি, তুমি লিখ্‌তে আরম্ভ কর। ইহা শিক্ষার পরে অঙ্ক বিদ্যার অবশিষ্ট যাহা২ শিক্ষা কর্ত্তব্য তাহাও শিক্ষা দিব।

রাজকুমার। যে আজ্ঞা দেন্।

গুরুমহাশয়। এই নেও বাবা চিঠার প্রকার। ইহাতে কালী করণ আবশ্যক করে, সেই কালী (এই) *

* তাহার প্রকার দেখান হইল না।

(কিয়দ্দিন মধ্যে রাজপুত্র উল্লেখিত সমস্ত কাগজ-লিখিবার সন্ধান শিক্ষা করিয়া পুনরায় গুরুমহাশয়কে জিজ্ঞাসা করিতেছেন) গুরুমহাশয়। আরো না কি কি শিখাতে আজ্ঞা করেছিলেন তা শিখাবেন না ?

অধ্যাপক। হাঁ বাপু, এক্ষণে আয়, ব্যয়, স্থিতি, নিরূপক কাগজের স্থূল কথাটী তোমাকে বলে দিচ্ছি।

প্রথমতঃ আয়, ব্যয়, নিরূপক পত্র হইয়া থাকে, তাহাতে যত প্রকারের আয়, যত প্রকারের ব্যয় তৎ সমুদায় প্রত্যহ বিশেষ রূপে লিখা যায় তদ্দ্বারা মসিক ও বার্ষিক এত প্রকারের, এত আয়, এত প্রকারের এত ব্যয়, অবশিষ্ট এত স্থিতি, ইহার নির্ণয় পাওয়া যায় এই * এই প্রণালীতে উহা লিপি হইয়া থাকে, লিখ বাবা লিখ। বুদ্ধিমান রাজকুমার, অধ্যাপকের উপদেশ মতে কিয়ৎকাল মধ্যে তাহা শিক্ষা করিলে (রাজকুমারের প্রতি)

গুরুমহাশয়। এসকলত শিখ্‌লে। এক্ষণে নানাবিধ প্রকারের অঙ্কপাতন সঙ্কেত বল্‌ছি শুন, কিন্তু ইহা বড় সুকঠিন।

যাহারদ্বারা, মোট অঙ্ককে ইচ্ছা লব্ধ ভাগ করা যায় তাহাকে হরণ, আর যাহাকে অর্থাৎ ইচ্ছা লব্ধ অঙ্ককে দ্বিগুণ, ত্রিগুণ, বা চতুগুণ আদি করা যায়, তাহাকে পুরণ বলা যায়।

এতদ্ভিন্ন ত্রৈরাশিক, পঞ্চরাশিক, নাম করণে ইচ্ছা লব্ধ, অঙ্ক হ্রাস, বৃদ্ধি করণের উপায় অনেক প্রকার আছে, তাহার

---

* ইহার প্রণালী লিপি হইল না।

দ্বারা অনেকানেক গুরুতর হিসাব সহজে নিষ্পন্ন করা যায়, তাহার সঙ্কেত এই।

হরণ ৯২৩৮৷৷৴	হার্য্য	পূরণ ৪৫৯৮৷৷৵ পূর্য্য
৩	হারক	৩ পূর্ব্বক
৩০৭৯৷৷৪		১৩৭৯৫৩৵

বাপু, খুব মনযোগ করে শিখ দেখি।

(এই প্রকারে অঙ্কপাতন বিদ্যা শিক্ষা করিতে করিতে কিয়দ্দিন পরে)

রাজকুমার। গুরুমহাশয়! অঙ্কবিদ্যা আমরা কি শিক্ষা করেছি, একবার পরীক্ষা কর্ত্তে আজ্ঞা হউক।

অধ্যাপক। বাপু, আমি কি পরীক্ষা নেব, তোমরা আরও শিক্ষা করে নেও, মহারাজই ইহার পরীক্ষা নেবেন।

(অনন্তর কিয়দ্দিনগতে মহারাজ এক দিবস পরীক্ষা নিমিত্ত ছাত্রসহ অধ্যাপক মহাশয়কে আহ্বান করাতে স্বীয় ছাত্রদিগকে সমভিব্যাহারে লইয়া অধ্যাপকমহাশয় রাজসন্নিধানে উপস্থিত হইলে)

মহারাজ। (দৃষ্টি করিয়া)

ভট্টাচার্য্য মহাশয়! প্রণাম। দীর্ঘকাল মধ্যে আপনার দর্শন পাই নাই।

অধ্যাপক। দক্ষ হস্ত প্রসারণ পুরঃসর, মহারাজের রাজোন্নতি হউক, দীর্ঘায়ু হউক। শ্রীমান্ রাজকুমার

প্রভৃতি ছাত্রদিগকে অধ্যয়ন করাইয়া এমন অবকাশ পাই না যে সর্ব্বদা রাজদর্শনে উপস্থিত হই। যে কালে অস্বধ্যায় তখন একটুকু বাড়ি নাগিয়েও পারি নে, কাযেই অসাক্ষাতের অপরাধে অপরাধি আছি। মর্য্যাদা কর্ত্তা মহারাজ।

মহারাজ। না, না, তাতে আমি রুষ্ট নই,। গুরুমহাশয় ভাল, এক্ষণে আপনকার ছাত্রেরা কি শিক্ষা কর্ত্তেছে।

অধ্যাপক! মহারাজ, ছাত্রদিগকে প্রশ্ন করিতে আজ্ঞা হউক।

মহারাজ। ওহে বাপুরা তোমরা এক্ষণে কি শিখ্‌ছ।

ছাত্রগণ। (করপুটে মহারাজকে প্রণতিপূর্ব্বক) এক্ষণে আমরা অঙ্কবিদ্যা শিক্ষা কচ্ছি।

মহারাজ। ভাল ভাল, বলদেখি ১২ দিনের মধ্যে ১০ ব্যক্তিরদ্বারা নিষ্পাদনীয় যে কর্ম্ম, তাহা ৩ দিবসের মধ্যে সম্পাদন করাইতে হইলে প্রত্যহ কত জনা মজুরের আবশ্যক করিবে। আর ঐ বারো দিবসে নিষ্পন্ন যোগ্য কার্য্য এক মাসে করিতে হইলে প্রত্যহ কত মজুরের প্রয়োজন করিবে?

শশী নামক ছাত্র (অগ্রসর হইয়া)

যে আজ্ঞা মহারাজ নিবেদন কচ্ছি।

প্রথম প্রশ্নের উত্তর এই যে, প্রত্যাহিক ১০ জনা মজুরের পরিশ্রমে ১২ বারো দিবসের মধ্যে যে কর্ম্ম নিষ্পাদনীয়, প্রত্যহ ৪০ জনা লোক হইলে পর ঐ কর্ম্ম ৩ তিন দিবসে নিষ্পন্ন হইবেক।

উদাহরণ যথা।

দিন	মজুর	পূরণ
১২	১০	১২০
		৩
		৪০

তৎপরে গণপতি নামক ছাত্র প্রণতিপূর্ব্বক (অগ্রসর হওতঃ) মহারাজের আজ্ঞা হলে অবশিষ্ট প্রশ্নের উত্তর আমি কর্ত্তে বাঞ্ছা করি।

মহারাজ। বাপু, তুমি এক্ষণে থাক, শেষ দেখ্‌বো, এই প্রশ্নের উত্তর কুমার করুণ দেখি?

রাজকুমার। (প্রণতঃ হইয়া,) মহারাজ ১২ বারো দিবসের নিষ্পাদনীয় ১০ দশ ব্যক্তির কর্ম্ম এক মাসে করাইতে হইলে প্রত্যহ ৪ চারি জনা লোকের আবশ্যক করিবে।

উদাহরণ যথা।

দিন	মজুর	পূরণ	
১২	১০	১২০	
	দিবস	৩০	হরণ
		৪	

এবম্প্রকারে প্রত্যেক ছাত্রের পরীক্ষা হওয়াতে যাহারা সম্পূর্ণ রূপে পরীক্ষোত্তীর্ণ হইল, তাহাদিগকে যথোপযুক্ত পুরস্কারী প্রদানতঃ বিদায় করণ কারণ মন্ত্রীর প্রতি মহারাজের আজ্ঞা হইলে মন্ত্রী উপযুক্ত পুরস্কারে পুরস্কৃত করিয়া ছাত্রগণকে বিদায় করেন।

ইতি তৃতীয়াঙ্ক।

চতুর্থাঙ্ক।

ছাত্রগণ। গুরু মহাশয়, এক্ষণে আমরা দিন যাত্রা নির্ব্বাহ বিষয়ক নীতি শিক্ষার ইচ্ছুক বটি।

গুরু। তবে শুন বাপু, ব্রাহ্ম মুহূর্ত্তে শয্যা-হইতে গাত্রোত্থান করিয়া শয্যায় থাকিতে থাকি-তেই জগদীশ্বরের কৃপা কটাক্ষে সুখ স্বচ্ছন্দে যামি-নী যাপন ও সুপ্রভাত হেতু কৃতজ্ঞতা স্বীকারপূর্ব্বক তদীয় ধন্যবাদ দিয়া দিন যাত্রা নির্ব্বাহাভিলাষে সর্ব্ব মঙ্গলালয় জগদধিপ সমীপে মঙ্গল প্রার্থনা করিয়া, শৌচ ক্রিয়া ও দন্ত ধাবন, হস্ত, পাদ, মুখ প্রক্ষালনান্তর রাত্রিবাস পরিত্যাগপূর্ব্বক মুখ-বিম্ব দর্পণে অর্পণ করিয়া স্বাস্থ্য এবং স্বচ্ছন্দ লাভ করত ক্ষণকাল পর্য্যন্ত উদ্যানে কি তটিনী তটে, অথবা রাজপথে বিচরণাদি করিয়া, পরে যিনি যে কর্ম্মাবিষ্ট হইতে চাহিবেন তিনি তৎ কর্ম্মে প্রবর্ত্ত হইবেন।

প্রাতঃ কৃত্যঃ

দিবা দশম ঘটিকা অতীত কালে প্রাতঃকৃত্য কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া আপন২ ইচ্ছা ও স্বভা-বানুযায়ী তৈল মৃক্ষণান্তে অবগাহন পূর্ব্বক বসন ভূষণ পরিধান, কেশ বিন্যাসাদি করিয়া স্বচ্ছন্দ চিত্তে স্বচ্ছন্দ আসনে উপবেশনানন্তর মনঃসং-যোগ এবং ভক্তি প্রীতিসহ ক্ষণকাল ঈশ্বর চিন্তা

মধ্যাহ্ন কৃত্য

করত নিয়মিত আহারাদি করিতে প্রবর্ত্ত হইবেন। আহার কালে আত্মীয় স্বজন অতিথি প্রভৃতি যাঁহারা উপস্থিত থাকিবেন, তাঁহাদিগকে সমভি-ব্যাহারে লইয়া পরিস্কৃত অপর্য্যুষিত সুপরীক্ষিত ঋতু বিশেষের ভক্ষ্য, ভোজ্য, দ্রব্যপান, ভোজন করিয়া আচমন করত তাম্বুলাদি ভক্ষণ করিবেন্। পরে কিয়ৎক্ষণ পর্য্যন্ত আত্ম্য বন্ধু সমকক্ষ সহ মনোহর গল্পামোদে চিত্তের স্ফূর্ত্তি জন্মাইয়া পুনরায় স্বস্বাভীষ্ঠ সাধনীয় কর্ম্মে নিবিষ্ট হওত সুচারুমতে তন্নির্ব্বাহ করিয়া অপরাহ্ণ সময়ে তাহা হইতে নিবৃত্ত হইবেন্।

অপরাহ্ন কৃত্য।

মনুষ্যের মনের ও শরীরের স্ফূর্ত্তি ও অলস বিনাশ এবং জঠরাগ্নির উদ্দীপন নিমিত্ত ব্যায়াম ও উত্তম বায়ু সেবন এবং ইচ্ছানুরূপ মনোহর স্থানে ভ্রমণ করা সর্ব্বথা রূপে কর্ত্তব্য। অতএব অপরাহ্ণেও সুরম্য উদ্যানে কি সুগম্য বিপিনে অথবা রাজ পথে, উপযুক্ত যানারোহণে কিম্বা পদব্রজে, প্রাতর্বেলার ন্যায় ভ্রমণ করিয়া সায়াহ্ণ উপস্থিত হইতে হইতে স্বাবাসে আগমন করিবেন।

রজনী কৃত্য

স্বায়ং সময়ে পুনরায় হস্ত, পদ, মুখ প্রক্ষালণ পুরঃসর স্বচ্ছন্দাসনে উপবেশনানন্তর পরম প্রীতি ও ভক্তিসহ যথা বিধান জগন্নিধান জগদীশ্বরের প্রতি ভক্তি ও প্রীতিসহ আত্মসমর্পণ দ্বারা কর্ত্তব্য উপাসনা ও দিনকৃত পাপের প্রায়শ্চিত্ত রূপ পরি-

হার এবং নিরাপদে যামিনী যাপনের প্রার্থনা করিয়া, আহারের পূর্ব্বকাল পর্য্যন্ত চিত্ত বিনোদনকর সদ্‌গল্পামোদে কর্ত্তন করত নিয়মানুসার আহারান্তে ক্ষণকাল বিশ্রাম পূর্ব্বক পরিষ্কৃত শয্যায় শয়ান হইবেন।

হিন্দুশাস্ত্রে দিবা রাত্রিকে অষ্টভাগ করিয়া প্রতিভাগে কি কি কর্ম্ম করিবে বিশেষ রূপে লিপি আছে, কিন্তু প্রায় বৈষয়িক জনগণের এরূপ সাবকাশ হয় না যে ঐ নিয়ম প্রতি পালন করিতে পারেন। বোধ হয় তাহা মুনি, ঋষি, উদাসীন্‌গণের আচরণের নিমিত্তই নির্দ্ধারিত হইয়া থাকিবেক। কেন না তাহাতে মনুষ্যের ভৌতিক, দৈহিক, মানসিক নিয়ম রক্ষা ও বৃত্তি পরিচালন পূর্ব্বক দিন যাপনের পক্ষে নিয়ম লিপি না হইয়া কেবল ইন্দ্রিয় দমন, আর ঈশ্বর চিন্তা, এবং কতকগুলি আচার বিষয়ক নীতি বাহুল্যই বর্ণিত হইয়াছে, অতএব তাহার অনেক অংশ বর্জ্জিত করিয়া প্রয়োজনীয় স্থূলাংশই উদ্ধৃত হইল।

সামান্যতঃ এই শঙ্কলিত নিয়মানুসারে আচরণ করিলেও আহ্নিক ব্যাপার নির্ব্বিঘ্নে নির্ব্বাহ হইতে পারিবে। ঈশ্বরোপাসনা বিষয়ক নীতি পদ্ধতি শিক্ষাগুরুর নিকটই শিক্ষা কর্ত্তব্য, অতএব এ স্থানে তাহার বিবরণ হইল না।

ইতি চতুর্থাঙ্ক।

পঞ্চমাঙ্ক।

ছাত্রগণের প্রতি।

গুরুমহাশয়। বাপুরা, তোমাদিগকে আরও কিঞ্চিৎ

উপদেশ কর্তেছি গৃহিদিগের পক্ষে এই উপদেশ নিতান্ত সমাদরণীয়।

ছাত্রগণ। বল্‌তে আজ্ঞা হউক্।

গুরুমহাশয়। শুন তবে একাদি ক্রমে বল্‌ছি।

যথা। যদিচ পরমেশ্বর আমাদিগের চিত্ত বিনোদন এবং সৃষ্টি বিস্তার হেতুকই মনোরমণীয়, কমণীয় রমণী জাতির সৃষ্টি করিয়াছেন, কিন্তু সেই নয়ন চকোরান্বিত চারু চন্দ্র বদন গলিত বচন সুধা পান, এবং পরিজন পোষণ, তোষণ, গৃহ কর্ম্ম সমাধান করণ,শীলা সুশীলা মহিলার সুখা স্বাদন করা, সামান্যায়াসের দ্বারা হইতে পারেনা। তজ্জন্য বিশেষ প্রয়োজনীয়, কতিপয় সামান্য প্রাকৃতিক নিয়ম অবলম্বন আবশ্যক করে। যথা ।

বসন, ভুষণ, অশন্, তোষণ, পোষণ, প্রিয় ভাষণ এবং নানা প্রকার সদুপদেশ ও যথাকালে রতিদান দ্বারাই স্ত্রী জাতির মনোরঞ্জন করিয়া উল্লেখিত সুখাস্বাদন করিতে হয় বিশেষতঃ স্ত্রীজাতির অভিধানই অবলা, চপলা, সরলা, কামিনী ইত্যাদি।

অতএব উহারদিগের অভিধানের অর্থানুসার স্বভাবানুযায়ী প্রতিকার করণার্থ যত্নবান থাকাও বিশেষ আবশ্যক। ফলতঃ স্ত্রী পুরুষ মধ্যে পরস্পর পরস্পরের মনোভিরঞ্জন ও সুখাস্বাদন করার বিশেষ উপায়ই বিদ্যা ও সমধর্ম্ম, ওসম স্বভাব, অতএব বর কন্যা উভয়ে উভয়ের পরীক্ষার্থ কিয়ৎকাল একত্রে অশন, উপবেশন এবং আলাপ কলাপ দ্বারা উভয়তঃ বিদ্যা ও ধর্ম্ম ও স্বভাবের বিষয়ে পরীক্ষিত হওতঃ

ইচ্ছা পূত পরম সুখকর দাম্পত্য স্বীকরণ কর্ম্মটী সমাধা কর্ত্তব্য। তাহা হইলে ভাবী সম্ভাবিত সমস্ত বিঘ্ন নিঘ্ন ও মঙ্গল সম্ভব বিশেষতঃ দম্পতির মধ্যে পরস্পর দুঃখ মোচন সুখ সম্পাদন যোগ্য কর্ম্ম করা নিতান্ত প্রয়োজন। ব্যাভি-চার দোষটি উভয়ের পক্ষেই দূষণীয়। অতএব সর্ব্বতো-ভাবে তাহা পরিবর্জ্জনীয়। অন্যথা, উদ্বাহকালীয় প্রতিজ্ঞা ধ্বংস, এবং উভয়তঃ ধর্ম্ম নষ্ট, পাপসঞ্চয়, লোকনিন্দা, বলক্ষয়, বীর্য্যহানি, রোগোৎপত্তি, অর্থনাশ, ও সন্তান রহিত এবং দম্পতির মধ্যে পরস্পর ঈর্ষা ও কলহানল প্রজ্জ্বলন হয়। যদিবা সন্তান উৎপত্তিও হয়, তথাচ তাহারা পিতৃ মাতৃ গত দোষ অধিকার করিয়া জন্মে। অবশেষ সেই সন্তান দ্বারা পিতা মাতা কলুষ ভাজনই হইতে হয়, অতএব ব্যাভিচার যে দম্পতির মধ্যে কতই দূষনীয় তদকথ্য।

দম্পতির মধ্যে পরস্পর যথা কর্ত্তব্য।

স্ত্রী ছায়ার ন্যায় সতত পতির অনুগতা হইবেন, সখার ন্যায় অনবরত স্বামির হিত সাধনে রত থাকিবেন। প্রীয় বাক্য এবং প্রীয় কার্য্য দ্বারা স্বামির পরিতোষ জন্মাইবেন। স্বামি আপন স্ত্রীকে রীতি মত শিক্ষা দান দ্বারা বুদ্ধি বৃত্তি মার্জ্জিত, ধর্ম্ম প্রবৃত্তির উন্নত, কুসংস্কার নিবারণ করিয়া ভৌতিক ও শারীরিক ও মানসিক নিয়ম রক্ষণের এবং ঈশ্বরের প্রতি ভক্তি ও প্রীতি ও সত্য ধর্ম্মাশ্রয়ের প্রবৃত্তি দিবেন।

বস্তুতঃ স্ত্রী পুরুষ উভয়ে, উভয়ের মনোরঞ্জন পূর্ব্বক প্রণয় বন্ধনে বদ্ধ থাকিয়া গৃহধর্ম্ম পালন করিবেন।

সন্তানের প্রতি পিতা মাতার যথা কর্ত্তব্য।

সন্তানের দ্বারা পিতা মাতা যে অনির্ব্বচনীয় সুখ, সৌভাগ্য সঞ্চয় ও ফলোৎপাদনের প্রত্যাশা করিয়া থাকেন তৎ প্রত্যাশাপূরণার্থ মহিলাকুলের অন্তঃসত্তা সময়াবধিই অত্যন্ত মনোযোগের সহিত যথোচিত হিত চেষ্টা করিতে হইবে নচেৎ সন্তান প্রসব হওনের পরক্ষণের চেষ্টার দ্বারা তল্লাভ করা কদাচ হইতে পারে না।

যেমন কোন বীজ ভূগর্ব্ভে বপনাবধি সর্ব্বদা তাহাতে পরিমিত জল সেচন এবং কীটাদি হইতে রক্ষাকরণ আবশ্যক, অন্যথা অচিরে তাহা নষ্ট হওয়ার সম্ভব। তদ্রূপ সন্তান গর্ব্ভস্থ হওয়া অবধিই সন্তানের ও আপনাদিগের ঈপ্সিত শিব সাধনার্থ যাহাতে সন্তান দোষ শূন্য হইয়া জন্ম গ্রহণ করে, পিতা মাতা যাত্নিক থাকা কর্ত্তব্য হইবে, নতুবা সন্তানের দ্বারা ভাবী সম্ভাবিত প্রত্যাশা পূর্ণ হইতে পারে না। নিসঃন্দেহে বলা যাইতে পারে, যে পিতা মাতার গুণে,দোষেই সন্তান গুণী, দোষী হইয়া থাকে, এতাবতা প্রথমতঃ জনক জননী নির্দ্দোষী থাকা নিতান্ত সমুচিত, বিশেষতঃ মাতার গর্ব্ভাবস্থায় অত্যন্ত সাবধান সহিত স্বীয় শারীরিক ও মানসিক নিয়ম রক্ষাকরা এবং সুস্থ ও স্বচ্ছন্দ শরীরে শান্ত ভাবে ও নিরুদ্বেগে থাকা প্রয়োজন, অন্যথা পদে পদে বিপদের ভাজন হইতে হয়।

প্রসবান্তে যাহাতে সন্তানের শরীর সুস্থথাকে ও সবল হয় এবং কোন প্রকারে ক্লেশ না পায়, ক্ষুৎ পিপাসার কালে যথা সম্ভব আহার পায় সর্ব্বদা তৎ পক্ষে মনোযোগী থাকা

এবং বিশুদ্ধ বায়ু সেবন ও পরিষ্কৃত, পরিশুষক স্থানে বাস, গাত্র মার্জ্জন ও অঙ্গ সঞ্চালন, অনধিক মানসিক পরিশ্রম ও উপযুক্ত পরিচ্ছদ পরিধান আদি দ্বারা শারীরিক নিয়ম রক্ষা করণে সন্তানদিগকে নিয়োজিত করা মাতা পিতার পক্ষে এক গুরুতর প্রয়োজনীয় কর্ম্ম। অনন্তর ক্রমে ক্রমে যতই সন্তানগণের বয়োবৃদ্ধি হইতে থাকিবে ততই তাহাদিগকে অন্যান্য কর্ত্তব্য কর্ম্ম সাধনে এবং শরীর ও মন সুস্থ রাখার, ও বন্ধু বান্ধব গণের সহিত সমুচিত ব্যবহারের ও জ্ঞান ও ধর্ম্মাশ্রয়ের ও জন সমাজের শ্রীবৃদ্ধি সাধনের ও বিদ্যাশিক্ষার ও লিপি অভ্যাসের প্রবৃত্তি দেওয়া কর্ত্তব্য হইবেক, বিদ্যা শিক্ষা কেবল ভাষা শিক্ষাকে বলা যায় না। গণিত শাস্ত্র, ভূগোলখগোল, পুরাবৃত্ত, শারীরস্থান ও শারীর বিধান, প্রাকৃতিক ইতিবৃত্ত, মনোবিদ্যা, ধর্ম্মনীতি, পরমার্থ বিদ্যা, সাহিত্য, শিল্প বিদ্যা, রসায়ন ও পদার্থ বিদ্যা, লোক যাত্রা বিধান জ্ঞাপকাদি শাস্ত্র শিক্ষাকেই বিদ্যা শিক্ষা বলা যায়, এতদ্বিদ্যায় সন্তানগণ সুবিদ্বান্ হওয়া শুদ্ধ পিতার মনোযোগ ও যত্নানুষ্ঠানের প্রতি নির্ভর করে, তদনুরূপ বালিকাদিগকেও বিদ্যাশিক্ষা এবং গৃহ ধর্ম্ম, সন্তানাদির রক্ষণাবেক্ষণ ও শ্রীবৃদ্ধি সাধন, স্নেহ ও প্রীতি, ক্ষমা দর্শাইয়া পরিজনের আনন্দ বর্দ্ধনাদির প্রবৃত্তি দেওয়া, নিতান্ত আবশ্যকীয় কর্ম্ম।

পিতা মাতার প্রতি সন্তানের যথা কর্ত্তব্য।

পিতা মাতা ভাবী সন্তানীত সুখ সৌভাগ্য লাভার্থ যে পর্য্যন্ত ক্লেশ ও দুঃখ সহ্য করিয়া কত২ অর্থব্যয় ও কত

কৃত যত্ন সহকারে সন্তানের মঙ্গলোন্নতি সাধন ও প্রতিপালন করিয়া থাকেন, তাহা লিখা বাহুল্য।

এপ্রকার নানা কারণে সন্তানের পক্ষে মাতা পিতার তুল্য গুরুজন জগতীতলে আর কেহই হইতে পারে না। এতাবতা, নত ও নম্র স্বভাবে সদাসর্ব্বদা প্রীতি পূর্ব্বক মাতা পিতার আজ্ঞাবহ হইয়া ভক্তি শ্রদ্ধাসহ মনোবাক্যে তাঁহারদিগের প্রত্যুপকার এবং দুঃখ নিবারণ সুখ সাধন করাই সন্তানের প্রধান কর্ম্ম! অন্যথা লোকতঃ অপযশ ধর্ম্মতঃ পাপ সঞ্চয় করা হয়।

প্রভু ও ভৃত্যের মধ্যে যথা কর্ত্তব্য।

যদিচ ধন, বিদ্যা ও কৃতিত্ব প্রভৃতির ইতর বিশেষই জন সমাজের গুরু লঘু, সেব্য সেবক এবং প্রভু ভৃত্য শ্রেণী ভেদক বটে। কিন্তু এই উভয় শ্রেণীর মধ্যে কেহই কাহারো অবাধ্য বা পরস্পর স্বাতন্ত্র্য হইতে পারেন না। পরস্পরা সম্বন্ধে সকলই সকলের বাধ্য ও অপর তন্ত্রাধীন এবং পরস্পর পরস্পরের সাহায্যানুকূলের সাপেক্ষ রাখেন। প্রভু অর্থের দ্বারা ভৃত্যের আনুকূল্য করিবেন ভৃত্য তদ্বিনিময়ে কায়িক ও মানসিক শ্রম ও যত্ন দ্বারা প্রভুর উপকার সাধন ও মনোরঞ্জন করিবেন। প্রভু ভৃত্যকে হেয় বা জঘন্য জ্ঞান এবং ভৃত্যের প্রতি কর্কশ ভাষণ ও কঠোরাচরণ করিবেন না। ভৃত্য প্রভুর অভিপ্রায় বিরুদ্ধ ও অবিশ্বাসের ও অসন্তোষের কর্ম্ম করিবেনা, এবং উত্তর দায়ক হইবে না।

গুরু শিষ্যের মধ্যে যথা কর্ত্তব্য।

গুরু যে কি পদার্থ তাহার তুলনা কোন ক্রমে কোন

পদার্থের সহিত দেওয়া যাইতে পারে না, যেহেতুক মানবের অজ্ঞান তিমিরাচ্ছন্ন মানস নয়নের জ্ঞানাঞ্জন্ বিশেষতঃ পাপ মোচন ও জ্ঞানোৎপাদন এবং ধর্ম্ম সাধনের মহৎ মূলাধারই গুরু বটেন, তাঁহার অনুকম্পা ও উপদেশ ভিন্ন, জ্ঞান ও ধর্ম্মার্জ্জন ও ব্রহ্ম উপাসনাদি হইতেই পারে না। প্রত্যুতঃ মনুষ্যের মোক্ষ লাভের মুখ্য কারণই গুরু উপদেশ। গুরুর সাক্ষাৎ আপনি যে কি পর্য্যন্ত লঘু, তাহা অনির্ব্বচনীয়, এতাবতা সর্ব্বতোভাবে গুরুই মনুজগণের মহতী ভক্তি ও বিনতি ও নতির পাত্র, অতএব শিষ্যগণ বিনতি প্রণতি পূর্ব্বক ভক্তি সহকারে তন্নিয়োগ বহন এবং তাঁহার প্রীতি বর্দ্ধন দ্বারা আপনাদিগের ঐহিকা মূত্রিকের সমূহ কল্যাণ সাধন কর্ত্তব্য। তদ্রূপ গুরু ও শিষ্যের প্রতি পুত্রবৎ স্নেহ বাৎসল্য করিবেন। বস্তু তন্তু (ব্যালগণ যেরূপ বিল হইতে বলক্রমে ব্যাল উদ্ধার করে) তদ্বৎ অজ্ঞান সিন্ধু হইতে মূঢ় শিষ্যদিগকে যথাবিধি উপদেশ দ্বারা সমুদ্ধার করিতে মনো-বাক্যে যান্ত্রিক থাকিবেন।

পোষ্য পোষ্টৃর মধ্যে যথা কর্ত্তব্য।

সংসারে পোষ্য পোষক সম্বন্ধ নিবন্ধনে নিরনুবন্ধিত কেহই নাই, বলিলে কোন মতেই অযুক্তি উক্তি বলা যাইতে পারে না। বিশেষতঃ পোষ্যগণকে পোষণ করা পোষ্টৃ জনের এক ধর্ম্ম। এতাবতা সেই ধর্ম্ম রক্ষার নিমিত্ত পোষ্য-বর্গের পোষণ করা নিতান্ত কর্ত্তব্য হইবে, কিন্তু পোষ্যগণকে কোন এক উপলক্ষ বিনা কেবল বৃত্তি স্বরূপ অর্থদান দ্বারা পোষণ করা উচিত হইবে না, কেননা ঐ প্রকার বৃত্তিদানে

৩৮

পোষ্যগণ উপজীবিকার সংস্থান আছে বলিয়া, অলস পর-বশ হওত অর্জ্জনস্পৃহা বৃত্তির উচ্ছেদ করিয়া দেন, অতএব পোষক আপন অধিকারের মধ্যে কোন না কোন বিষয় কর্ম্মের উপলক্ষে বেতন দানেই প্রতিপালন করিবেন। তদ্বৎ পোষ্য ব্যক্তিও কায়মনোবাক্যে পোষকের হিত ও পরিতোষকর কর্ম্ম করণে সর্ব্বদা রত থাকিবেন।

সুহৃৎ মিত্রের যথা কর্ত্তব্য।

সৌহৃদ্য ও মিত্রতা মনুষ্যের পক্ষে নিতান্ত প্রয়োজনীয়, নচেৎ কুত্রাপিও লোকযাত্রা নির্ব্বাহ হইতে পারে না। সেই মিত্রলাভের বিবরণ বিশেষরূপে করিতে হইলে এবস্প্রকার আরো এক খানি গ্রন্থ রচনা না করিলে শেষ করা যাইতে পারে না, অতএব সংক্ষেপে এস্থানে বিবৃত করা যাইতেছে (যথা হিতোপদেশের নির্দ্দেশিত কপোত মূষিকের এবং রাম সুগ্রীবের মিত্রতা নিবন্ধনের প্রস্তাব দেখিলেই মিত্রলাভের ফল কি বুঝিতে পারিবেন) ফলতঃ সম্ভাষা ও সংস্থিতি এবং আলাপ ও বিশ্বস্ততা অকপট ব্যবহারই সুহৃদ মিত্রদিগের মিত্রতা নিবন্ধনেরও স্থায়িত্বের মূল কারণ। অতএব পরস্পর সুহৃন্মিত্রগণ সহ তাহাই করা কর্ত্তব্য। *

বিপক্ষগণ প্রতি যথা কর্ত্তব্য।

ক্রূর স্বভাব জনগণ সর্ব্বদাই পরশ্রী দর্শনে কাতর থাকে, তাহারদিগের মানসে সততই বিদ্বেষের সঞ্চার থাকে, তৎকারণে তাহারা লোকের অনিষ্ট চেষ্টা না করিয়া তিষ্ঠিতেই পারে না, তথাচ বিপক্ষ হইতে আত্মরক্ষা ভিন্ন তাহারদিগের সহিত বিপক্ষতাচরণ করা কোন মতে চারু হইবে না,

কেননা বিদ্বেষী বিপক্ষ জন পরের অপকার করিতে না পারিয়া আপনা হইতেই আপনি দ্বেষানলে দহ্যমান থাকে, সুতরাং এই প্রকার বিপক্ষের নিমিত্ত প্রতিবিধিৎসা বৃত্তির অনুগত হইয়া উহারদিগের সহিত বিপক্ষতাচরণ করা সমুচিত হইবে না। যেহেতুক প্রতিবিধান করিলে পাপী হইতে হয়, তবে এই পর্য্যন্ত কর্ত্তব্য যে কোন মতে বিপক্ষের সন্নিকে নম্র থাকিতে হইবে না, সর্ব্বদা দম্ভ এবং সাহসের সহিত বল, বীর্য্য, পরাক্রম প্রকাশ করিতে হইবে, নতুবা নির্ব্বীর্য্য দুর্ব্বল জানিতে পারিলে বিপক্ষ আস্ফালন করিয়া অধিকতর বিপক্ষতাচরণ করিতে প্রবর্ত্ত এবং কৌতুহলাক্রান্ত হয়।

বীর জন প্রতি যথা কর্ত্তব্য।

সর্ব্বত্র প্রসিদ্ধ আছে যে (বীর ভোগ্যাবসুন্ধরা) বীরের বলবীর্য্য পরাক্রম ভিন্ন কদাচ বসুধা শাসন ও বৈরী নির্ঘাতন হইতে পারে না। অতএব রাজাগণ আপনি ও বীর স্বভাবী হওয়া কর্ত্তব্য, এবং বীরগণকেও স্বগণ মধ্যে গণ্য করা উচিত হইবে, গণনা করিলে সেই বীরগণকে আহারার্থ যথোচিত বলকর দ্রব্যাদি ও ভূষণার্থ উত্তম মনোহর পরিচ্ছদাদি এবং নিয়তকালে নিয়মিত বেতন প্রদান সমুচিত, বিশেষতঃ প্রতিপ্রতিষ্ঠাজনক কার্য্যে, পুরস্কার প্রদানের দ্বারা উৎসাহ বর্দ্ধন করিতে হইবেক। নতুবা বীরের বীরত্ব প্রকাশ হইতে পারে না, বরং তদভাব গতিকে রাজত্ব রক্ষার ও রাজ্য শাসনের এবং বৈরী নির্ঘাতনের ব্যাঘাত জন্মে।

ধীরগণ প্রতি যথা কর্ত্তব্য।

পণ্ডিত বিনা সভার সোভা নাই, এবং সদালোচনার সম্ভাবনা নাই ও সৎ পথের পথিক হওয়ার উপায় নাই, পণ্ডিতের আশ্রয়ে কেবল ধর্ম্ম সঞ্চার হয় এমত নহে। বৈষয়িক কর্ম্ম সমূহ নির্ব্বাহেরও অনেক উপকার হয়, এতাবতা পণ্ডিতকে আশ্রয় দেওয়া এবং পণ্ডিতের আশ্রয় নেওয়া মনুষ্যের পক্ষে নিতান্ত কর্ত্তব্য, অতএব যে মতিমান্ ব্যক্তিগণ পণ্ডিত জনকে আশ্রয় দিবেন, তাঁহার কর্ত্তব্য হইবেক যে পণ্ডিত জনের সৎপরামর্শ গ্রহণ করত তাঁহাদিগের সম্মান সমৃদ্ধি বৃদ্ধি করেন। আর সমাদর পূর্ব্বক সময়ে২ শাস্ত্রালাপে তাঁহাদিগের উৎসাহ বৃদ্ধি এবং মনোরঞ্জন করেন (অর্থ সাহায্যের কথা লিখা বাহুল্য, যেহেত্তুক বিনা অর্থে নির্ব্বিষয়ী ব্যক্তি ভিন্ন কেহ কাহারো আশ্রয়ে থাকিতে পারে না)। সুভাস্থ আশ্রিত পণ্ডিতগণের কর্ত্তব্য হইবেক যে সর্ব্বদা সদুপদেশ দ্বারা প্রভুকে সৎপথে আনয়ন পুর্ব্বক রাজ্যের কুশল এবং ধর্ম্মরক্ষা করেন।

মূর্খের প্রতি যথা কর্ত্তব্য।

সমূহ গুণ ও বিদ্যা সম্পন্ন ব্যক্তিই পণ্ডিত। নির্ব্বিদ্য অথচ সমূহ দোষ সম্পান্ন ব্যক্তিই মুর্খ। তদ্ধেত্তুক সহস্র মূর্খ হইতেও এক পণ্ডিত শ্রেষ্ঠ, অতএব মুর্খের সংসর্গ পরিবর্জ্জনীয়, এবং পণ্ডিত সংসর্গ সর্ব্বদা সমাশ্রয়ণীয় ইহা যথার্থ বটে, কিন্তু অন্ধ ব্যক্তিকে কিম্বা অন্য কাহাকেও ভ্রমক্রমে বিপথাশ্রয়ে কূপে পতন হইতে দেখিলে, যেরূপ উপদেশ দিয়া কি কর গ্রহণ করিয়া যথার্থ পথে আনিয়া দিতে

হয়। আর অপরিচিত পথের পথিক জনকে যেরূপ পথ প্রদর্শন করাইতে হয়, তদ্রূপ মুর্খ ব্যক্তিকেও উপদেশ দেওয়া এবং বিদ্যার্জ্জন জন্য উৎসাহ দেওয়া, আর অনিবার্য্য ব্যক্তি হইলে তাহাকে ভয় অভয় উভয় দর্শাইয়া সৎপথে আনয়ন করা নিতান্ত কর্ত্তব্য হইবে। নচেৎ মূর্খের শ্রেণী বৃদ্ধি পাইয়া রাজ্য ভ্রষ্ট ও সতের কষ্ট এবং সমূহ অনিষ্ট ঘটনা হয়, কেননা যত চৌর্য্য ব্যাপার ও দস্যু ব্যাপার এবং লোকের ধন, প্রাণ, মান, নাশকর ব্যাপার সকলি এই কাণ্ড জ্ঞান-হীন মূর্খেরই আদরণীয়, সুতরাং তত্তদ্ব্যবহার হইতে লাগি-লেই রাজ্যের নানা বিভ্রাট ঘটিয়া উঠে এবং তাহাদিগের সংসর্গে অনেকতর নির্দ্দোষী ব্যক্তিও অসৎ পথের পথিক হইয়া পড়ে।

ইতি পঞ্চমাঙ্ক।

ষষ্ঠ অঙ্ক।

গুরু মহাশয়। রাজকুমার বাপু হে, আরো কয়েকটি নীতি প্রসঙ্গ করিতেছি, যথা; অনেকের পরামর্শ ও সহায় বিনা একের দ্বারা কুত্রাপিও কোন কর্ম্ম নির্ব্বাহ হইতে পারে না, অতএব রাজাদিগের কর্ত্তব্য যে স্বকীয় সহায়ার্থ কুলীন, বলবান্, সুশ্রী, শূর, সাধু, গুণান্বিত, উৎসাহী, ধর্ম্মজ্ঞ, প্রিয়-বাদী, হিত উপদেশক, বহুদেশ ও কালজ্ঞ, স্বামীভক্ত, যশোহক্ষী, বিশ্বাসী ব্যক্তিগণকেই সহায়ার্থ গ্রহণ করেন, কিন্তু সুবর্ণ যে রূপ তাপ এবং তোলন, ঘর্ষণ, ছেদন দ্বারা

পরিক্ষা করিতে হয়, তদ্রূপ সহায়ী গ্রহণ করিতে ও শ্রুতি কুল, শীল, কর্ম্ম, জাতি, ধর্ম্ম, চরিত্র পরীক্ষা করিয়া সহায়ী গ্রহণ করা কর্ত্তব্য হইবে।

(সহায়ী যথা।)

মন্ত্রী। রাজভক্ত, শুচি, শূর, বুদ্ধিমান্, ক্ষমাশীল, আন্বিক্ষিকী আদি কুশলজ্ঞ সুপরিচ্ছদী, সুদেশ বাসী মন্ত্রণা সমূহের দ্বারা কর্ম্ম সম্পাদনকারী এবং মন্ত্রণা সংগোপক, ধর্ম্মপরায়ণ, শাস্ত্রজ্ঞ, নীতিজ্ঞ, বিদ্বান্, শৌর্য্যবান্, পর পক্ষের মর্ম্মানুমাপক, ধীর, গম্ভীর ব্যক্তিকে রাজা মন্ত্রিত্বে বরণ করিবেন।

সভাসদ। শত্রু মিত্রকে সমদর্শী, ধর্ম্ম শাস্ত্রে বিশারদ, নীতিজ্ঞ, ধর্ম্মজ্ঞ এবং দূরদর্শী সদ্বিবেচক, হিতোপদেশক, সত্যবাদী, জিতেন্দ্রিয়, কুলীন, পণ্ডিত ব্যক্তিকে রাজা সভাসদ করিবেন।

লিখক। সর্ব্ব দেশাক্ষরজ্ঞ, সর্ব্বশাস্ত্র বিশারদ, সমস্তাধিকরণ জ্ঞান সমপন্ন, স্পষ্ট বিরল, সমান অক্ষরে দ্রুত লেখক, অথচ উপায় এবং বাক্ কৌশলি, বহুলার্থবাচক প্রস্তাব স্বল্প শব্দে লিখক বাক্যাভিপ্রায় তত্ত্বজ্ঞ, দেশ কাল বিভেদজ্ঞ, নির্লোভী, প্রভুভক্ত ব্যক্তিকেই রাজা লিখকত্বে নিযুক্ত করিবেন।

আয়ুর্ব্বেদজ্ঞ তাবতের প্রতি প্রিয়দর্শী সৎকুলোদ্ভব আর্য্যশীল, আসুরী মানুষী, দৈবী চিকিৎসাতে সুপারাগ, ভোজন যোগ্য ভোক্তী, অনাহার্য্য, ধর্ম্মাত্মা কুলীনকেই রাজা ভিষকত্বে নিয়োজিত করিবেন। — ভিষক।

স্বর্ণাদি ধাতু ও হিরকাদি রত্ন এবং কার্পাস, ঊর্ণাদি রচিত বসন ও ধাতু ও রত্ন খচিত ভূষণ রক্ষণ বিধানজ্ঞ নির্লোভী, অপ্রমত্ত আয় ব্যয় বিবেচক, অহারক কৃপণ স্বভাবী ব্যক্তিকে রাজা ধনাধ্যক্ষ করিবেন। — ধনাধ্যক্ষ।

অহারক, শুচিদক্ষ, দ্রব্যগুণজ্ঞ, পাকশাস্ত্রজ্ঞ কুলীন পরিস্কৃত বিস্বাসী ব্যক্তিকে রাজা স্বকীয় সুপকার কার্য্যে নিযুক্ত করিবেন। — শুদধ্যক্ষ।

ব্যক্ত্যন্তরের চিত্ততত্ত্ব বোধক, প্রাংশব, নির্লোভী, [illegible]হ্বানকর ব্যক্তিকেই রাজা দৌবারিক পদে পদস্থ করিবেন। — দৌবারিক।

কুলশীল সম্পন্ন ধনুর্ব্বেদ বিশারদ, হয় হস্তী পদাতি শিক্ষাতে পারগ, মনোজ্ঞ ভাষী, কুশলজ্ঞ, চিকিৎসা তত্ত্বজ্ঞ কৃতজ্ঞ সূচকর্ম্মা, ক্লেশ সহ্যকারী, ব্যূহ তত্ত্বজ্ঞ, বিশেষতঃ সারগ্রাহী ব্যক্তিকেই রাজা সেনাপতি করিবেন। — সেনাপতি।

শুভজ্ঞাপক, হয় শিক্ষ্যা ও তৎ চিকিৎসা বিশারদ, ভুমি ভাগজ্ঞ, মহোৎসাহী প্রিয়ম্বদ, রথিদিগের বলাবলজ্ঞ, স্থিরদৃষ্ট, শূর, কৃত বিদ্য ব্যক্তিকে রাজা সারথি করিবেন। — সারথি।

স্থাপনা জাতি তত্ত্বজ্ঞ, সর্ব্বদা সুসাবধান, সচকিত, অস্ত্র পরীক্ষা কর্ম্ম দক্ষ ব্যক্তিকে অস্ত্রে রক্ষকত্বে রাজা নিয়োজিত করিবেন।

অস্ত্র রক্ষক।

হস্তী শিক্ষা বিধানজ্ঞ ও পরীক্ষক এবং তৎ চিকিৎসা নিপুণ ও তৎচালন কৌশলজ্ঞ ক্লেশ সহন শীল, ক্ষমবান্ ব্যক্তিকে রাজা গজাধ্যক্ষ করিবেন।

গজাধ্যক্ষ।

হয় শিক্ষা বিধানজ্ঞ, বিশেষতঃ তৎপরীক্ষক এবং তৎচিকিৎসক ও তৎচালন কৌশলজ্ঞ ব্যক্তিকে রাজা ঘোটকাধ্যক্ষ করিবেন।

ঘোটকাধ্যক্ষ।

অহারক, শূর, প্রাজ্ঞ, সৎকুল জাত, সর্ব্ব কর্ম্মে উদ্যোগী, ধীর, বীর, বিশ্বাসী, বিশেষতঃ অস্ত্র-বিদ্যা বিশারদ, লঘুহস্ত শ্রমজিত, দূরদর্শী জনকে রাজা দুর্গাধ্যক্ষ করিবেন।

দুর্গাধ্যক্ষ।

যথোক্তবাদী, নানা দে[illegible]ভাষা বিশারদ, ক্লেশ সহিষ্ণু শক্তিমান্ এবং দেশ কালজ্ঞ ব্যক্তিকে রাজা দৌত্য কর্ম্মে নিযুক্ত করিবেন।

দূত।

পিতা পিতামহ ক্রমে শুচি জিতেন্দ্রিয়, সৎ-কুলজাত, বৃদ্ধ, বিনীত স্বভাবী স্থির বুদ্ধিমান্ জনকে রাজা পুরাধ্যক্ষ করিবেন।

পুরাধ্যক্ষ।

দীর্ঘকায়, সুরূপ, সাহসী, বীর, প্রীয়বাদী, চিত্ত সম্মোহক, শিষ্ট জনকেই রাজা প্রতিহারী করিবেন।

প্রতিহারী।

দীর্ঘকায়, শ্রমশীল, শূর, দৃঢ়ভক্ত, অনাকুল, চিত্ত, হিতাকাঙ্ক্ষী, বিশ্বাসী জনকেই রাজা রক্ষ-কত্ব নিযুক্ত করির্বেন।

রক্ষক।

এতন্নীতি আখ্যান রাজ্যোল্লেখে ব্যাখ্যান হইল বলিয়া অপর২ উত্তম, মধ্যম, অধম শ্রেণী বিশিষ্ট ঐশ্বর্য্যশালী ভদ্র বিশিষ্ট ব্যক্তিগণের পক্ষে এতন্মত পথ অনবলম্বনীয় বোধ-করা কর্ত্তব্য হইবেক না, কেননা স্বস্বপক্ষে সকলেরই এক২ প্রকার অধিকার আছে; যথা কেহ বা সম্রাট, কেহ বা ভুখণ্ড দণ্ডধর, কেহ বা এক দেশের অধিকারী, কেহ বা এক গ্রামের অধিপতি, এই প্রকারে একটা না একটা অধিকার সকলেরই আছে, তবে সুতরাং স্বস্বাধিকার রক্ষার নিমিত্ত প্রয়োজনানুসারে যথোপযুক্ত নীতি বিধি এতদুক্তি হইতে গ্রহণ করিলেই তাঁহাদিগের কার্য্য সাধন ও মঙ্গলোৎপাদন হইতে পারিবে।

এক্ষণে রাজা যে যে গুণধর হইলে প্রশংসা ভাজন হইবেন এবং নিরাপদে রাজত্ব ভোগ করিতে পারিবেন, আর যে যে দোষে দূষিত হইলে রাজা ভ্রষ্টাদি হয় তদ্বিবরণ করা হইতেছে।

রাজা। রাজা রূপবান্, গুণবান্, ধর্ম্ম কর্ম্ম পরায়ণ, হয়, হস্তী, রথ তত্ত্বজ্ঞ, ধনুকধারী, ক্লেশ সহ্যকারী, শুচি, পূত, স্থির, ধীর, বীর, দেব গুরু ভক্ত, শিষ্ট পালক, দুষ্ট নাশক, উত্তমাধম প্রজাকে সম-বিধানে পালক, আর সংগ্রামে নিরনুব্রজ এবং অনিবর্ত্ত বিশেষতঃ বৃদ্ধ, আতুর, রোগী, উদাসীন জনের পোষক পৃথক্২ ধর্ম্মী প্রজাগণকে স্বস্ব ধর্ম্মে রক্ষক এবং সজ্জনের সম্মান কারক পরচ্ছিদ্র জ্ঞাপক, অথচ অপ্রকাশক, কমঠের কণ্ঠ সঙ্কোচের ন্যায় ইন্দ্রিয় সঙ্কোচক, পরাক্রমে সিংহবৎ,

অর্থ চিন্তায় বকবৎ, দৃঢ় প্রহারে শূকরবৎ, অশ্বের ন্যায় দৃঢ় ভক্ত, কোকিলের ন্যায় মধুর ভাষী, কাকের ন্যায় শঙ্কাকুল হইবেন এবং অজ্ঞাত তত্ত্ব যানারোহণ ও অজ্ঞাত বসতিবাস এবং অপরীক্ষিত ভোজন, শয়ন হীন, সদ্বৃত্ত শীল, ধর্ম্ম ভীরু, গুণযুক্ত হইবেন। সর্ব্বদা সভ্য এবং সদ্ব্যক্তিকেই কর্ম্মে নিয়োগ করিবেন, কেননা সভ্য এবং সজ্জন দ্বারা যশ, পুণ্য, অর্থলাভ ভিন্ন অন্য দোষাবহ কর্ম্ম হইবার সম্ভাবনা নাই।

অসভ্য ব্যক্তিকে কদাচ কোন কর্ম্মে নিয়োগ করিবেন না কেননা অসভ্য ব্যক্তিকে কোন কর্ম্মে নিযুক্ত করিলে, অযশ, অর্থনাশ, নরক বাস ঘটে। প্রয়োজনানুরোধে দুষ্ট ব্যক্তিকে আশ্রয়দিলেও তাহাকে বিশ্বাস করিবেন না।

রাজা দেশান্তরকে প্রাপ্ত হইলে তদ্দেশীয় লোকের নীতি রীতি ও চরিত্র জ্ঞাত হইয়া আচরণ করিবেন, গুণী মানী জনকে সমাদর করিবেন, নির্গুণী জনকে অনাদর এবং গুণ অভ্যাস জন্য শাসন এবং উপদেশ করিবেন। রাজা চাক্ষুষ প্রত্যক্ষে প্রায় কর্ম্মই নির্ব্বাহ করিতে পারেন না, অতএব প্রতিদেশে, বিশ্বাসী নির্ল্লোভী, দুঃখসহনশীল, সত্যবাদী, মিত্রলাভ, সুহৃদ্ভেদ, সন্ধি বিগ্রহ বিষয়ক সন্ধান ও রাজনীতিজ্ঞ নিরপেক্ষ ব্যক্তিকেই স্বপক্ষীয় প্রতিনিধি, এবং চর নিযুক্ত করিবেন। কিন্তু গুপ্তচর হইলে গুপ্তবেশী চর নিযুক্ত করা উচিত হইবে, বিনা পরী- ক্ষায় চরদিগের বার্ত্তাকে বিশ্বাস করিবেন না, প্রজা ও ভৃত্যামাত্যগণ মধ্যে কোন ব্যক্তি কি গুণধর এবং উহারা

আপনাকে (রাজাকে) প্রজা বৎসল জ্ঞান করে কি না জ্ঞাত হইয়া সমুচিত বিচার ও ব্যবহার করিবেন। যেই রাজা প্রজার প্রিয়পাত্র, তাঁহার রাজশ্রী চিরজীবিনী হয়।

অহে রাজকুমার বাপু! নীতিবান্ রাজার বিপত্তি কখনও হয় না, চিরকাল তিনি নিষ্কণ্টকে পৃথিবী ভোগ করিতে পারেন, যে দুরাত্মা রাজার নীতি নাই, বা অব্যবস্থিত চিত্ত, অথচ যে রাজার স্ত্রীনায়ক অথবা শিশুনায়ক কি বহুনায়ক, নিঃসন্দেহ অচিরাৎ তাঁহার ভ্রষ্টশ্রী হয়। রাজার আয়ু, বল, যশ, বিত্ত, বিজয় সুখ ইচ্ছুকই মন্ত্রী, অতএব মন্ত্রিকেই সমস্ত কর্ম্মে নিয়োগ করিতে হইবে, অবজ্ঞাক্রমে রাজা মন্ত্রিকে ত্যাগ করিলে এবং রাজসদসি পণ্ডিত রহিত হইলে, ও রাজসূচক প্রিয় হইলে সেই রাজা ধন, জন, বল, বাহন সহিত সহসা রাজ্যচ্যুত হন, যদিচ পণ্ডিত এবং বৈদ্য, বান্ধব, জ্ঞাতি, ভৃত্য, আমাত্য প্রজাগণই রাজার নিয়ত মঙ্গলাকাঙ্ক্ষী এবং তাঁহারাই রাজার সমাদরের পাত্র, কিন্তু তাঁহাদিগকে মৌখিক দম্ফে দমন রাখিবেন, আন্তরিক স্নেহ করিবেন। তাহাদিগকে অনাদর বা অপমান কি অবিচারে দণ্ড করিলে রাজা দণ্ডে২ দণ্ড প্রাপ্ত- হন। রাজা পিতা স্বরূপ, প্রজাগণ পুত্রতুল্য অতএব রাজা প্রজাগণকে পুত্রবৎ প্রতিপালন করিবেন! পুরবাসী প্রজা ও বন্ধুগণের স্ত্রী পুত্র কন্যাগণকে আত্ম, পুত্র, পুত্রবধূ, কন্যা সমজ্ঞান করিয়া স্নেহক্রমে, রক্ষা করিবেন। রাজার পক্ষে প্রজা পালন ও দানই ধর্ম্ম, এবং সর্ব্ব শুভকর কর্ম্ম বটে, যে রাজার এ সমস্ত গুণ নাই তাঁহার রাজ্য অচিরে বিনষ্ট হয়।

রাজা ন্যায়োপার্জ্জিত ধন যত্নক্রমে কোষস্থ করিবেন, নির্বিত্ত রাজা বিপত্তি হইতে ত্রাণ পাইতে পারেন না, যাবৎ পর্য্যন্ত রাজা পরচক্রে পতন না হইবেন, তাবৎ পর্য্যন্ত নির্ব্বাত বারির ন্যায় নিস্তরঙ্গ শান্তভাবে থাকিবেন, দৈবাৎ তদাপদগ্রস্থ হইলে সাহস এবং নির্ভয়, স্থির বুদ্ধি ক্রমে কার্য্য সাধন করিবেন।

গাম্ভীর্য্যহীন ভূপাল কদাচ প্রজার নিকটে গৌরব এবং সম্মান পাইতে পারেন না, অতএব রাজা অবশ্যই গাম্ভীর্য্য আশ্রয় করিবেন। অত্যন্ত বৃদ্ধিলাভ আকাঙ্ক্ষী, প্রজাগণের সম্পদ সমাহারী, মূর্খ, স্ত্রী জিত, গীত বাদ্যানুরক্ত রাজা সহসাই পতিত হন। রাজা প্রাগল্‌ভ্য, উৎসাহী, বাক্‌পটু বিবেকদক্ষ ধৃতি কৃতজ্ঞ দৃঢ় প্রতিজ্ঞ, অস্থলন বাক্য, দৃঢ়াসন, সত্যপ্রিয় পরিষ্কার পরিচ্ছন্নবান, পরাভিপ্রায় জ্ঞাপক, আপদ কালে ধৈর্য্যধর, ক্লেশ সহিষ্ণু, ধর্ম্ম পরায়ণ, অসূয়া হীন, অক্রোধী হইবেন এবং সাম, দান, ভেদ, দণ্ড দ্বারা শত্রু জয়কারী হইবেন আর যথা নীতি রাজ্যের শান্তি রক্ষা করিবেন। রাজ্য শাসনের প্রণালী তিন প্রকার বটে, প্রথমতঃ প্রজাতন্ত্র, দ্বিতীয় সভাতন্ত্র, তৃতীয় রাজতন্ত্র, তন্মধ্যে প্রজাতন্ত্রই উত্তম বটে। সভাতন্ত্র মধ্যম, কিন্তু রাজতন্ত্রতা সর্ব্বাপেক্ষায় অধম, রাজার উচিত যে রাজ্য শাসন বিষয়ে প্রজাতন্ত্রতা, গৌণ কল্পে সভাতন্ত্রতা অবলম্বন করেন। কোন বিশেষ মন্ত্রণা করিতে হইলে মন্ত্রণা যোগ্য নীতি ও ধর্ম্মবিৎ উপযুক্ত মন্ত্রী ও পণ্ডিতগণকে লইয়া (শিশু চঞ্চল, অবিশ্বাসী, সূচক এবং নষ্ট দুষ্ট জন বর্জিত স্থানে) মন্ত্রণা করিবেন।

রাজা সতত দুর্গাশ্রয়ে থাকিবেন, দূষিত নগর হইতে দূরেই দুর্গ করিবেন, পরিখা বেষ্টিত জল বা স্থল কি বন অথবা বৃক্ষ দুর্গ করিয়া তাহাতে সৈন্য সমূহ ও যুদ্ধসজ্জা ও আহারীয় দ্রব্য সর্ব্বদা পূর্ণ, এবং ভোজন শয়ন গমন ও মন্ত্রণা কালে অবশ্যই প্রহরী রাখিবেন।

অধ্যাপক। বাপু হে! যেমন রাজা সহায়ীগণকে পরীক্ষা করিয়া গ্রহণ বিহিত উক্ত হইল, তদ্রূপ রাজানুজিবীগণ ও রাজার স্বভাব, চরিত্র, বিচার, আচার, বল, বীর্য্যের পরীক্ষা করিয়া ভৃত্যত্ব স্বীকার করা উচিত হইবে, অতএব তদ্বিশেষ এস্থানে বিবরণ করা যাইতেছে।

রাজ পরীক্ষা।

যে রাজা সম্যক্ প্রকারে সর্ব্বদা সমস্ত বিষয় পরীক্ষা করিয়া সত্য ধর্ম্মাশ্রয়ে প্রজাপালন এবং পরসৈন্য দমন ক্ষম হইবেন, বিশেষতঃ উত্তরোত্তর নানাবিধ ফলোৎপাদন মানসে যেমন পুষ্প প্রসূ তরু হইতে মানবগণ পুষ্প মাত্রই চয়ন করিয়া থাকে, কদাচ মূলচ্ছেদন করে না, আর মধুকর যেমন কুসুম কর্ণিকা হইতে সুধা মাত্রই উদ্ধার করে কুসুম দলকে কদাচ দলন করে না, এবং দুগ্ধবতী ধেনু হইতে যেমন দুগ্ধই দোহন করা হয়, কদাচ ধেনুকে নষ্ট করা হয় না, তদ্বৎ যে রাজা স্বীয় ভাবী সম্ভাবিত শুভৈশ্বর্য্য সংলাভ লালসায় প্রজাস্থানে উচিত রাজস্ব মাত্র গ্রহণ করিবেন, আর প্রজাপীড়ক না হইবেন, এবং ঐশ্বর্য্য ও বলবীর্য্য অচির-স্থায়ী বিবেচনায় রাজ্য পালক ও নিরপেক্ষ হইবেন, কর্ম্মা-

ভিলাষী গণ তাঁহারই ভৃত্যত্ব স্বীকার করা কর্ত্তব্য হইবে।

ভৃত্যের কর্ত্তব্য।

রাজানুজীবিত্ব স্বীকার করিলে পর, ভৃত্যগণের কায়-মন বাক্যের দ্বারা নির্ম্মল চিত্তে বিশেষ শ্রদ্ধা ও উৎসাহসহ ভূপতির অনুমতি প্রতিপালন করা এবং রাজার অপ্রিয় অথচ প্রজার প্রিয় কিম্বা স্বার্থ ভিন্ন পরার্থেই বা কোন প্রস্তাব করিতে হইলে যৎকালে রাজা সচ্ছন্দ ও সুস্থ চিত্ত থাকি-বেন, তৎকালে গোপনে তৎপ্রসঙ্গ উপস্থিত এবং যে কোন রাজকার্য্য দৃষ্টিগোচরে বা জ্ঞান গোচরে নষ্ট হইতেছে দেখিবে বা জানিবে, তৎক্ষণাৎ যত্ন পূর্ব্বক তৎকার্য্য নির্ব্বাহ করা, বিশেষতঃ রাজার সমকক্ষ বা সমধিক সম্মানি দেশা-ন্তরীয় ভূপতির দূতাগত হইলে কৌশলে তৎসহ প্রীতি-বর্দ্ধন পূর্ব্বক স্বকীয় প্রভুর প্রভুত্ব ও শ্রেষ্ঠত্ব জ্ঞাপন, এবং রাজ দত্ত বাহন ভূষণ অস্ত্র, বস্ত্র, সমাদর পূর্ব্বক সর্ব্বদা স্বয়ং ধারণ ও আচরণ করা কর্ত্তব্য হইবে। ঔদাস্য পূর্ব্বক রাজ দত্ত পুরস্কার কদাচ অন্যত্রে প্রদান কর্ত্তব্য হইবে না।

অপরন্তু ভূপতির সম্মুখ ও পশ্চাদ্ভাগ ত্যাগ করিয়া সর্ব্বদা দক্ষিণ বা বাম ভাগে উপবেশন, এবং রাজনীতি সৎনীতি ও শাস্ত্রনীতি অবলম্বনে বিদ্যা ও শিল্প কার্য্যের দ্বারা রাজার প্রিয়কর কার্য্য অথচ স্বার্থ সাধন করা কর্ত্তব্য হইবে। অপিচ। রাজাকে পিতৃ তুল্য জ্ঞান করিয়া যথা নীতি প্রণতি পুরঃসর সসংভ্রমে সতত উপাসনা করা সমুচিত হইবে। যদিচ সমুচিত হিত বাক্য প্রয়োগ (পথ্য স্বরূপ) নিতান্ত বিহিত বটে, তত্রাচ রাজার মানসিক ভাব অনুভব, অর্থাৎ

রাজার অনুরক্ত বৈরক্ত ভাব বিলোকন করিয়া স্বীয়াশয় ব্যক্ত করিতে হইবে, যেহেতুক বৈরক্তি সময়ে উচিত উক্তি করিলেও কার্য্যের বিনাশ পায় এবং অনুরক্ত সময় সামান্য প্রস্তাব করিলেও প্রস্তাবিত বিষয়ের প্রতুল হয়।

ভৃত্যের অকর্ত্তব্য।

রাজার অভিপ্রায় বিরুদ্ধ কথান্তর কদাচই উপস্থিত করিতে হইবে না, যদ্যপি রাজার বিবেচনার ত্রুটি বা কারণান্তরে কোন দুর্ঘটনার সম্ভাবনা হয় অথবা কোন অবিধেয় বিধি সংশোধনের প্রস্তাব করা প্রয়োজন হয়, তবে সমস্ত সভাসদ্ সম্মিলিত হইয়া তাহা উপস্থিত করিতে হইবে, রাজকীয় বিশেষ কোন কর্ম্মে নিয়োগ হইলে অর্থ প্রয়াস অর্থাৎ উৎকোচ গ্রহণ, এবং রাজাজ্ঞা উপেক্ষা করিয়া কোন কর্ম্ম করা কিম্বা, রাজানুরূপ বেশ ভুষা ধারণ, রাজানুজিবীর পক্ষে সম্পূর্ণ অবিহিত।

দেশান্তরীয় রাজ দূত, বা ধনাধ্যক্ষ কিম্বা চর আগত হইলে কদাপি তৎসহ রাজ অন্তঃপুরে বা ধনাগারে গমন কর্ত্তব্য হইবে না,. বিশেষতঃ রাজপ্রিয় হইতে চাহিলে প্রকাশ্য বা অপ্রকাশ্য রাজকীয় কথা মাত্রই প্রকাশ করিবে না, এবং স্বীয় ক্ষমতাতিরিক্ত কার্য্যে কদাচ প্রবর্ত্ত হইবে না।

যেহেতুক সেই ক্ষমতাতিরিক্ত কার্য্য সম্পাদনে অপারগ হইলে রাজসদনে নিতান্ত লাঘব হইতে হয়। রাজার চিত্তানুমোদনশীল বাক্য পুনঃপুন উক্তি করাও যুক্তি-

সিদ্ধ নহে, যেহেতুক তদ্রূপ উক্তি কারক ব্যক্তিকে রাজা-গণ স্তাবকই জ্ঞান করিয়া থাকেন।

অপিচ। আস্য ভঙ্গি বা হাস্য করা এবং অতিবক্তব্যতা কি নির্ব্বক্তব্যতা আর মৎসরাদি কুত্রাপি ও রাজ সদনে প্রকাশ করা উচিত হইবে না রাজার দুষ্কৃতাদি প্রকাশ করা অনুগত ভৃত্যের পক্ষে নিতান্ত দূষণীয়, কারণ তদ্দ্বারা ভৃত্যকে অকৃতজ্ঞতাদি দোষে দূষী হইতে হয়।

অপরন্তু রাজার আদেশ ভিন্ন রাজদ্বার প্রবেশ বা দৃশ্যাযোগ্য স্থান দর্শন ভৃত্যের পক্ষে সম্পূর্ণ অবিহিত। রাজ সদনে জৃম্ভন নিষ্ঠিবন, ক্ষুৎকাশ, কোপ উচ্চাসনে উপবেশন ভ্রূকুটি বাস্ত উদ্গার, কদাচ কর্ত্তব্য হইবে না, তদ্ভিন্ন স্বীয় গুণ গৌরবের পরিচয় দিতে হইলে অন্যের দ্বারা ভিন্ন আপনার গুণ আপনি ব্যক্ত করা এবং রাজ সমীপে শঠতা বা চঞ্চলতা কি লঘুতা প্রদর্শন বিহিত হইবে না, তদ্ভিন্ন রাজা কখনো কাহারো বশ্য বা বাধ্য না হন এবং শত্রু বা মিত্রও নহেন, অতএব তাঁহাকে বিশ্বাস করা যুক্তিসিদ্ধ নহে রাজ সদনে লোভের চিহ্ন মাত্রই প্রদর্শন করা হইবে না, যেহেতুক লোভী জন কদাচ বিশ্বাসী ও সমাদর যোগ্য হইতে পারে না, এতাবতা প্রস্তাবিত কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনা বিরহে ভৃত্যগণ আচরণ করিলে রাজা ভৃত্যের প্রতি অকোপান্বিত থাকিলেও সকোপান্বিত হন এবং সুপ্রসন্ন থাকিলেও অপ্রসন্ন হন।

এক্ষণে রাজার অনুরক্তি বৈরক্তি জ্ঞাপক লক্ষণ উক্তি করা হইতেছে (যথা; ম্লানাস্য ও মন্দ ভাষণ এবং উচিত

উক্তিতেও অসম্ভাষণ, ও রাজানুজীবীর আরাধনায় বিচেষ্ট অর্থাৎ অন্যমনস্ক অথচ সমুচিত কথায় বাক্‌ভঙ্গি ক্রমে দোষারোপ, এবং গুণকীর্ত্তন শ্রবণেও বৈমুখ্য ও কর্ম্মকালে অন্যত্র দৃষ্টি নিক্ষেপই রাজার বৈরক্তি জ্ঞাপক লক্ষণ। অপর প্রসন্নভাব এবং সাদরে উপস্থিত কথা গ্রহণ ও কুশল পৃচ্ছা, উপবেশনের আজ্ঞা প্রদান এবং হৃষ্ট বদন, এবং বৈরক্তিজনক কথা উপস্থিত হইলেও রহস্য ক্রমে অনুমোদন ও সমাদর পূর্ব্বক উপঢৌকন গ্রহণই অনুরক্তি জ্ঞাপক লক্ষণ এতাবতা বিবেচনা করিয়া রাজসদনে প্রস্তাব করা কর্ত্তব্য হইবে ইতি।

(এ পর্য্যন্ত শিক্ষোপদেশ প্রাপ্তে রাজতনয় এবং অন্য ছাত্রবর্গ অপর্য্যাপ্ত কৃতার্থম্মন্যমান করিয়া কৃতাঞ্জলি পূর্ব্বক)

ছাত্রগণ। গুরু মহাশয় আপনার কৃপাতে আমরা অসাধারণ গুণ জ্ঞান লব্ধ হইয়াছি আমাদিগের এমন কি সাধ্য আছে যে তদ্দ্বারা আপনার পূজা করিয়া তুষ্টি জন্মাইতে পারিব অতএব বিনতি প্রণতি পূর্ব্বক প্রার্থনা করিতেছি যদ্যপি আজ্ঞা হয় তবে কিঞ্চিৎ প্রণামি প্রদানে আমরা পাঠ সাঙ্গ করিতে পারি।

অধ্যাপক। (পরমহর্ষে) বাপু হে! তোমরা আমার অত্যন্ত প্রিয় ছাত্র তোমারদিগের মঙ্গল সর্ব্বদা সর্ব্ব মঙ্গলালয় স্থানে প্রার্থনা করিতেছি তোমরাই চিরকাল প্রতিপালন করিবে অধিক কি বলিব আমারো এক্ষণে শেষ অবস্থা উপস্থিত অতএব যাহা তোমাদিগের অভিপ্রায় তাহা কর। কিয়দ্দিন পর আমিও তীর্থ পর্য্যটন করিতে মনস্থ করিতেছি।

তদনন্তর রাজাজ্ঞা লইয়া ছাত্রগণের (যথা সাধ্য ধন রত্ন বৃত্তি প্রদানে) গুরু দক্ষিণা করিয়া অধ্যাপকের পদরজো ধারণ পূর্ব্বক শিক্ষা বিরতি।

ইতি শিক্ষোপদেশ গ্রন্থীয়

ষষ্ঠাঙ্ক।

সমাপ্ত।

শুদ্ধি পত্র।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২২১	১৮	নান	নাল
২২৩	৬	বিক্রেয়	বিক্রয়
২২৬	১৫	গ্রন্থে	গ্রন্থে
২৩৯	৪	কাস্তের	কায়স্থের
২৫১	১	চতুষ্পাশ্ব	চতুষ্পার্শ্ব
২৬০	১	রাজকুমার	রাজকুমার
ঐ	২৪	শীঘ	শীঘ্র
২৬৬	৩০	গুরুমহাশয়	গুরুমহাশয়
২৭১	১০	সিক্ষা	শিক্ষা
২৭৩	১২	দমাম	দমামা
২৭৬	২২	প্রদানত	প্রদানতঃ
২৭৯	১০	করুণা	করুণা
২৮১	৯	মসিক	মাসিক
ঐ	২০	চতুগুণ	চতুর্গুণ
২৮৭	১৫	স্থলায়শই	স্থূলাশয়ই
ঐ	১৬	মাস্কলিত	সঙ্কলিত
২৮৮	৬	কমণীয়	কমনীয়
২৮৯	১	দামপত্য	দাম্পত্য
ঐ	৪	ব্যাভিচার	ব্যভিচার
ঐ	১৬	প্রীয়	প্রিয়
২৯১	২০	সম্লাবীত	সম্লাবিত
২৯৫	৭	দক্ষ	দন্ত
২৯৬	১	সোভা	শোভা
২৯৭	১	পরিক্ষা	পরীক্ষা
২২৯	৩	মুপারাগ	মুপারগ
৩৩০	২৪	রক্ষকক্ষে	রক্ষকক্ষে